শ্রী সায়নাচার্য্য

সামবেদসংহিতা (কৌথুমী শাখা)
তৃতীয় ভাগ। অনুবাদক সত্যব্রত-
সামশ্রামি। (১-১০৭৪) পৃঃ
কলি সত্যযন্ত্রে ১৮০৭ শাক।
২২ সেমি।

ভূমিকা।

মঙ্গলাচরণ।

"য়ো অগ্নৌ রুদ্রো য়ো অপ্স্ব ১ ন্ত—

য় ওষধী র্বীরুধ আ বিবেশ।

য় ইমা বিশ্বা ভুবনানি চাকৢপে

তস্মৈ রুদ্রায় নমো অস্ত্বগ্নয়ে।"

(অথ০ স০ ৭, ৮৭, ১)

যে রুদ্রদেবতা অগ্নিতে, যিনি জলের অন্তরে, যিনি ওষধি ও লতাদি পর্য্যন্তে আবিষ্ট আছেন; যিনি এই বিশ্বভুবন কল্পনা করিতেছেন; সেই রুদ্র দেবতাকে—সেই অগ্নি দেবতাকে নমস্কার।

"য়ো ভূতং চ ভব্যং চ সর্বং য়শ্চাধিতিষ্ঠতি।

স্ব ১ র্য়স্য চ কেবলং তস্মৈ জ্যেষ্ঠায় ব্রহ্মণে নমঃ॥"

(অথ০ স০ ১০, ৮, ১)

যিনি এই ভূতভব্য সমস্ত চরাচরে অধিষ্ঠিত রহিয়াছেন, একমাত্র সূর্য্য যাঁহার প্রধান যন্ত্র, ব্রহ্ম নামে প্রসিদ্ধ সেই জ্যেষ্ঠ দেবতাকে নমস্কার।

—*—

প্রার্থনা।

"প্রিয়ং মা কৃণু দেবেষু প্রিয়ং রাজসু মা কৃণু।

প্রিয়ং সর্ব্বস্য পশ্যত উত শূদ্র উতার্য্যে ॥"

(অথ০ সং ১৯, ৬২, ১)

অর্থ ১ম প্রকার— কেবল, দ্যুতিমান্ (জ্ঞানী) ব্যক্তিদেরই প্রিয় করিও না ; কেবল, রাজগণেরই (ধনীদেরই) প্রিয় করিও না ; কি আর্য্য, কি শূদ্র, সকলেরই সমভাবে প্রিয় কর।

অর্থ ২য় প্রকার— দেবজাতি (ব্রাহ্মণ) দিগেরই প্রিয় করিও না, রাজজাতি (ক্ষত্রিয়) দিগেরই প্রিয় করিও না এবং শূদ্রজাতিরই প্রিয় করিও না অথবা অর্য্য (বৈশ্য) জাতিরই প্রিয় করিও না। প্রত্যুত সকলেরই প্রিয় কর।

অর্থ ৩য় প্রকার— আমাকে দেবগণের প্রিয় কর। আমাকে রাজগণের প্রিয় কর। কি আর্য্য, কি শূদ্র, সকলেই আমাকে প্রিয়চক্ষে দেখুন

আরও—— (ঋ০ স০ ১, ৬, ১৮, ১-২-৩)

"মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ।

মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। (১)

মধু নক্ত মুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ।

মধুদ্যৌরস্তু নঃ পিতা। (২)

মধুমান্ নো বনস্পতি র্মধুমাঁ অস্তু সূর্য্যঃ।

মাধ্বী র্গাবো ভবন্তু নঃ।" (৩)

হে প্রার্থনা-পূরণ-সমর্থ দেব! তোমার প্রসাদে, আমাদের দেশে, বায়ু সকল স্বাস্থ্যকর রূপে প্রবাহিত হউক! স্রোতস্বিনীরা অমৃতস্যন্দিনী হউক! ওষধিরাও সুস্বাদু হউক! কি রাত্রি কি উষা উভয়ই স্বাস্থ্য-নিদান হউক! পার্থিব প্রত্যেক পরমাণুই স্বাস্থ্যের কারণ হউক। পিতৃ স্থানীয় দ্যুলোকও আমাদের স্বাস্থ্যের উপযোগী হউক! বনস্পতিরা মধুর ফল প্রসব করুক! সূর্য্য নির্দ্দোষ রশ্মি বিতরণ করুন! আমাদের গো-সকলও বহুক্ষীরা হউক!

—*:*:*—

বিষয় ও আশা।

পূর্ব্বে, টীকা ও বাঙ্গলা অনুবাদাদির সহিত সামবেদের ব্রাহ্মণগ্রন্থ ৭ খানি প্রকাশিত করিয়াছি; সামবেদের আরণ্যকও ঐরূপ সায়ণভাষ্য ও বাঙ্গলা অনুবাদসহ প্রকাশিত করিয়াছি; সংহিতাগ্রন্থও সায়ণভাষ্যের সহিত আদ্যন্তসম্পূর্ণ একবার এঃ সোঃ র কর্ত্তৃত্বে প্রকাশিত করিয়াছি; পরং উহা নাগাক্ষরে হইবায় এবং তৎসহ বঙ্গানুবাদ না থাকায় তদ্বিষয়ে এ পর্য্যন্ত শান্তিলাভ করিতে পারি নাই; সেই জন্যই পুনশ্চ সামবেদ-সংহিতা খানি প্রথম হইতেই সায়ণ-ভাষ্য ও বাঙ্গলা অনুবাদের সহিত বঙ্গ সমাজে প্রচারিত করিতে কৃতসংকল্প হইয়াছি। ইতিপূর্ব্বেই যজুর্ব্বেদ সংহিতা-খানিও বাঙ্গলা অনুবাদ ও মহীধরকৃত ভাষ্যের সহিত আদ্যন্ত সমস্ত প্রকাশিত করিয়াছি। যে সাহায্যকারীগণ পূর্ব্বে পূর্ব্বে সাহায্য করিয়াছেন তাঁহারা'ত ঈশ্বরপ্রসাদাৎ ইহারও সাহায্যকারী হইতেই পারেন, অধিকন্তু, আমার এই বেদার্থ প্রচার কার্য্যের ইদানীং শৈশব অবস্থা অতীত হইয়াছে বলা যায়, এতাবতা এ সময়ে আর অকাল মৃত্যুর তাদৃশ আশঙ্কা না থাকায় ভরসা করি, যে, যে মহোদয়েরা নৈষ্ফল্য শঙ্কায় এতদিন খিন্নমনা ছিলেন, তাঁহারাও সাহায্য করিতে সোৎসাহে অগ্রসর হইবেন।

—*:*:*—

অনুবাদকের চিন্তা

প্রথম চিন্তা—

বৈদিকগ্রন্থগুলি নিবিষ্ট চিত্তে পর্য্যালোচনা করিলেই স্পষ্ট প্রতিভাত হয় যে অধিকাংশ মন্ত্রই ঘটনানুসারে রচিত হইয়াছিল, তৎসমস্ত বিশেষ আন্দোলন করিলে তদানীন্তনীয় কতকগুলি ঘটনা ব্যতীত অপর কিছুই অবগত হওয়া যায় না সুতরাং সে গুলির অনুবাদ ঐতিহাসিক রূপেই কর্ত্তব্য কিন্তু যজ্ঞকালে অর্থাৎ যদবধি ঐ মন্ত্রগুলি যজ্ঞে ব্যবহৃত হইতে আরব্ধ হইয়াছে, তদানীং উহাদের আর এক প্রকার অর্থ কল্পিত হইয়াছে, পুনশ্চ তাহার পরেও অপেক্ষাকৃত আধুনিক পণ্ডিতগণ কর্ত্তৃক ঐগুলিই অপরাপর সাংসারিক কার্য্যেও ব্যবহৃত এবং তদনুসারে অর্থান্তরিত, এমন কি পাঠান্তরিত পর্য্যন্তও হইয়াছে অতএব এক্ষণে ইহা অনল্প চিন্তনীয় নহে যে কোন্ ভাব অবলম্বন করিয়া অনুবাদকার্য্যে প্রবৃত্ত হই ?

যথা ; অথর্ব্ববেদসংহিতার দ্বাদশকাণ্ডের দ্বিতীয় অনুবাকের নবম দশম সূক্তে অশ্মন্বতী * নামক নদীর উত্তরপশ্চিম পারে সম্ভবত ব্রহ্মাবর্ত্তে সমাগত, তদীয় দক্ষিণপূর্ব্বপারে অর্থাৎ ব্রহ্মর্ষি প্রদেশে আগমনেচ্ছু, তীরস্থিত, কতকগুলি আর্য্যের কথোপকথন প্রসঙ্গে ৩১শ মন্ত্রে সহাগতা পথশ্রান্তা সধবা রমণীগণকে সুস্থ করিয়া নৌকাতে আরোহণ করিবার পরামর্শ প্রতিভাত হইয়াথাকে। সে মন্ত্রটি এই—

---

* বোধহয়, ঋক্‌সংহিতার ৩য় মণ্ডলে (২৩,৪) এবং মনুসংহিতাদিতে ইহাই 'দৃশদ্বতী' বা 'দৃষদ্বতী' নামে ব্যবহৃত এবং ইহাই ইদানীং দিল্লীর উত্তর পূর্ব্বে প্রবাহিত কাগার বলিয়া প্রসিদ্ধ।

"ইমা নারীরবিধবাঃ সুপত্নীরাঞ্জনেন সর্পিষা সংস্পৃশন্তাম্।
অনশ্রবো অনমীবাঃ সুরত্না আ রোহন্তু জনয়ো য়োনিমগ্রে॥"

অর্থ— 'ইমাঃ' এই সমস্ত, 'অবিধবাঃ' সধবা, 'সুপত্নীঃ' শোভন পতিবিশিষ্টা, 'নারীঃ জায়াঃ' নারীজনগণ, 'অনশ্রবঃ' অশ্রুশূন্যা অর্থাৎ পূর্ব্ববাস ত্যাগজন্য মনঃ ক্লেশ বিহীনা হইয়া বা পূর্ব্ববাসজন্য ক্লেশ স্মরণে সমাগত-নেত্রনীর-বিহীনা হইয়া 'অনমীবাঃ' স্নান পান বিশ্রামাদির দ্বারা শারীরিক ক্লান্তি দূর করত 'সুরত্নাঃ' রত্নালঙ্কারে ভূষিতা হওত 'সর্পিষা আঞ্জনেন' ঘৃতকজ্জলের দ্বারা 'সংস্পৃশন্তাম্' সম্যক্ রূপে চক্ষুস্পর্শ করুন; অনন্তর 'অগ্রে' সম্মুখে স্থিত 'য়োনিং' এই নৌকাতে 'আরোহন্তু' আরোহণ করুন।

এ মন্ত্রটি পূর্ব্বে যে এই অভিপ্রায়েই রচিত হইয়াছিল; তৎপ্রমাণার্থ ঐ প্রকরণেরই ২৬শ মন্ত্রটিও এস্থলে উদ্ধৃত করিতেছি; যথা—

"অশ্মন্বতী রীয়তে সংরভধ্বং বীরয়ধ্বং প্রতরতা সখায়ঃ।
অত্রা জহীত য়ে অসন্ দুরেবা অনমীবানুত্তরেমাভি বাজান্॥"

অর্থ— বন্ধুগণ! দেখ— এই অশ্মন্বতী নদী প্রবাহিত হইতেছে; উৎসাহকর,—সাহসকর,—পারহও; যে সমস্ত দৌর্ভাগ্য আছে তৎসমস্ত এই পারেই ত্যাগকর এই নদী পার হইলেই ভরসা করি সুস্থতা সহ অন্ন লাভ করিতে পারিব।

উল্লিখিত মন্ত্রদ্বয়ের প্রথম (৩১শ)টি, যমপুত্র সঙ্কুসুক ঋষি

কর্ত্তৃক সঙ্গৃহীত ১৪শ ঋগাত্মক সূক্তের মধ্যে দৃষ্ট হয়; যাহা এক্ষণে ঋগ্বেদসংহিতার দশম মণ্ডলের অষ্টাদশসূক্তের সপ্তমী ঋক্। তথায় এটি পিতৃমেধ যজ্ঞে ব্যবহার্য্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছে এবং কিঞ্চিৎ পাঠপরিবর্ত্তিতও হইয়াছে। দ্বিতীয় (২৬শ) টি, ঋগ্বেদের দশমমণ্ডলের একাদশ ঋগাত্মক ত্রিপঞ্চাশত্তম সূক্তের অষ্টমী ঋক্ রূপে দৃষ্ট হয়। তথায় উক্ত সূক্তের প্রথম কয়েকটি ঋকের প্রকাশক সৌচীক অগ্নি ঋষি ও অপর কয়েকটি ঋকের প্রকাশক অজ্ঞাতনামা কতিপয় ঋষি স্থিরীকৃত হইয়াছে। বস্তুত ঐ প্রকরণের পূর্ব্বাপর সকল ঋক্‌গুলিই ঐ সৌচীক কর্ত্তৃক সংসঙ্গৃহীত বলিয়া বোধহয়। যাহাহউক তথায় এ সূক্তটী মহাব্রত যাগের নিষ্কৈবল্য শংসনে ব্যবহার্য্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছে এবং কিঞ্চিৎ পাঠও পরিবর্ত্তিত হইয়াছে।

পুনশ্চ হিরণ্যকেশী প্রকাশিত গৃহ্যসূত্রে ঐ ৩১শ মন্ত্রের বিনিয়োগ অপর প্রকার দেখাযায়। তিনি বলেন—শবযাত্রিকগণের মধ্যে যাঁহারা সধবা স্ত্রীলোক যাইবেন, তাঁহারা চিতাধূম শান্ত হইলে স্নানানন্তর এইমন্ত্রে কজ্জল ও ভূষণে ভূষিত হইয়া গৃহে প্রত্যাগতা হইবেন। এইরূপ আশ্বলায়ন গৃহ্যসূত্রে ঐ ২৬শ মন্ত্রটির বিনিয়োগও অপর প্রকার দৃষ্টহয়। তিনি বলেন—বরযাত্রিকগণ কন্যার সহিত নদীতীরে উপস্থিত হইলে এমন্ত্রের প্রথম অর্দ্ধ পাঠ করিয়া নববধূকে নৌকাতে আরোহণ করাইবে এবং অপর অর্দ্ধ পাঠ পূর্ব্বক তাহা হইতে অবতরণ করাইবে।

সর্ব্বশেষে বঙ্গদেশীয় স্মার্ত্তবাগীশ রঘুনন্দন ভট্টাচার্য্য কি জানি কোন্ প্রমাণানুসারে স্বীয় শুদ্ধিতত্ত্বে ঐ ৩১শ ঋক্‌টিকে

জ্বলচ্চিতারোহণের মন্ত্র বলিয়া ব্যবস্থা করিয়াছেন। তিনি বলেন—'পুরোহিত এই মন্ত্র পাঠ করিতে থাকিবেন এবং চিতারোহণে প্রবৃত্তা রমণীটী নমঃ নমঃ বলিয়া ঐ জলচ্চিতা প্রদক্ষিণ পূর্ব্বক তাহাতে ঝম্পপ্রদান করিবে।' তিনি এ মন্ত্রের অপূর্ব্ব পাঠও আবিষ্কার করিয়াছেন।

যথা—
প্রকৃতপাঠ—"জনয়ো যোনি মগ্রে"
তাঁহার কল্পিত—"জলয়োনিমগ্নে"

নাগরাক্ষরের বিশেষ পরিচয় না থাকাই এরূপ পাঠের একমাত্র নিদান এবং এই পাঠানুসারেই 'জলয়োনিরূপ অগ্নিতে প্রবিষ্ট হইবে' এই অর্থটুকু কল্পিত হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। প্রসঙ্গত ইহা বলা অযুক্ত নহে, যে, তিনি এই মন্ত্রটিকেই সতীদাহ বিষয়ে ঋগ্বেদীয় প্রমাণ বলিয়া স্বীকারও করিয়াছেন!!

এতাবতা ইহা বোধহয় স্পষ্টই প্রকাশিত হইল, যে, আদিকালে অর্থাৎ যে সময়ে সংহিতা প্রকাশিত হইতেছিল, তখন অধিকাংশ মন্ত্রই ঐতিহাসিকভাবে পূর্ণ ছিল, যজ্ঞকালে অর্থাৎ যে সময়ে ব্রাহ্মণগ্রন্থকারগণের শাসনানুসারে তাহাই যজ্ঞীয়রূপে ব্যবহৃত হইত, তখন তাহাই যজ্ঞকাণ্ডে ব্যবহারোপযোগীরূপে পরিণত হইয়াছিল, পরে সূত্রকাল অর্থাৎ গৃহ্যসূত্রকারগণ কর্ত্তৃক যখন গৃহকার্য্য সকলের সুব্যবস্থা প্রণালি নির্দ্দিষ্ট হইতেছিল, তদবধি উহা তদুপযোগী অর্থই প্রসব করিয়া আসিতেছিল, ইদানীং অর্থাৎ কালক্রমে বর্ণজ্ঞান পর্য্যন্তেরও হ্রাস হইয়া উঠিলে, যথেচ্ছ ব্যবহারে বিনিযুক্ত এবং সেইরূপ ভাবেই ব্যাখ্যাত হইতেছে।

এক্ষণে ইহা কি অনল্প চিন্তার বিষয়, যে, কোন্ কালের ভাব অবলম্বন করিয়া মন্ত্রগুলির অনুবাদ কর্ত্তব্য ?

এই বিষয়ে আরও একটি উদাহরণ দ্রষ্টব্য—

দস্যুদলনকারী আর্য্যদলপতি মহাবল ইন্দ্র চত্বারিংশ আর্য্যাব্দে, কুলিতরের পুত্র পরাক্রান্ত শম্বর নামক অসুরপতিকে তদীয় রাজধানী রোদসী নামক দ্বীপস্থ বৃহৎ পর্ব্বতের অধিত্যকা ভূমিতে বধ করেন। এই বৃত্তান্তটি ঋক্‌সংহিতার কতিপয় ঋকে অংশশঃ প্রকাশিত আছে ; তন্মধ্যে একটি যথা—

"দিবে দিবে সদৃশী রন্যমর্দ্ধং.
কৃষ্ণা অসেধদপ সদ্মনো জাঃ।
অহন্ দাসা বৃষভো বস্নয়ন্তো
দব্রজে বর্চিনং শম্বরঞ্চ ॥" (ঋ০ স০ ৪,৭,৩৪,১)

অর্থ— 'বৃষভঃ' পুরুষশ্রেষ্ঠ ইন্দ্র, 'সদ্মনঃ' বাসভূমি এই পৃথিবীর অন্যং 'অর্দ্ধং' অপরার্দ্ধ অর্থাৎ যে অর্দ্ধে বাস করিতেছি তদন্য প্রদেশ (আক্রম্য) আক্রমণ পূর্ব্বক এবং 'দিবেদিবে সদৃশীঃ' প্রতিদিন সমভাব অর্থাৎ হ্রাসবৃদ্ধিশূন্য 'কৃষ্ণাঃ জাঃ' কৃষ্ণসমুদ্রীয় জলসমূহকে 'অপ সেধৎ' কিঞ্চিৎ দূরে রাখিয়া অর্থাৎ কৃষ্ণসমুদ্রের সন্নিহিত 'উদব্রজে' জল-

মধ্যস্থ দ্বীপে * 'দাসা বস্ময়ন্তা' দাসজাতির নিবাসহেতু অর্থাৎ দস্যু দলের অধিপতি 'বর্চিনং'প্রভাশালী 'শম্বরং' এতন্নামক অসুরকে 'অহন্' বধ করেন।

যাজ্ঞিকগণ এই মন্ত্রটির মধ্যগত কৃষ্ণাপদটি রাত্রিবাচক স্থিরকরিয়া তদনুযায়ী ব্যাখ্যা করত ইহাও সূর্য্যের স্তুতি-কার্য্যেই ব্যবহৃত করিয়াছেন।

প্রকৃতপক্ষে অনেক মন্ত্র এরূপও দৃষ্ট হয়, যাহা ঐতিহাসিক ঘটনার প্রকাশক বলিয়া স্পষ্ট উপলব্ধ হইলেও বস্তুত তাহা নহে।

মনুবংশীয় নাভানেদিষ্ট কর্ত্তৃক প্রকাশিত সপ্তবিংশতি ঋকের যে একটি সূক্ত ইদানীং ঋক্‌সংহিতার দশম মণ্ডলে একষষ্ঠিতম, তদীয় সপ্তম মন্ত্রটিই এস্থলে উদাহরণার্থ গ্রহণ করিলাম। যথা—

"পিতা য়ৎ স্বাং দুহিতর মধিষ্কন্ ক্ষ্ময়া রেতঃ সঞ্জগ্মানো নিষিঞ্চন্
স্বাধ্যোঽজনয়ন্ ব্রহ্ম দেবা বাস্তোষ্পতিং ব্রতপাং নিরতক্ষন্॥"

অর্থ—'ব্রহ্ম' ব্রহ্মা নামে প্রসিদ্ধ 'পিতা', 'স্বাং দুহিতরং' স্বীয় দুহিতাকে 'অধিষ্কন্' আক্রমণ করেন; পরে তাঁহাকে পাইয়া 'ক্ষ্ময়া' তদীয় পৃথিবীতে অর্থাৎ জননেন্দ্রিয়ে 'সঞ্জগ্মানঃ'

* শম্বর পদ ঘটিত ঋগ্বেদীয় অপরাপর মন্ত্রের সহিত একবাক্যতানুসারে বোধহয়,—এইটীই রোডস্ দ্বীপ এবং সে দ্বীপের সুপ্রসিদ্ধ কলোসস্‌টীই কুলিতরের পুত্র কৌলিতর নামে প্রসিদ্ধ শম্বরাসুরের স্মারক প্রতিমূর্ত্তি। আশা করি আরব্ধ ২য় ভাগ বৈদিকসমালোচনাতেই ইহা সপ্রমাণ প্রকাশ করিব।

সঙ্গম করত 'রেতঃ' 'নি সিঞ্চন্' গর্ভাধান করেন; তাহা হইতে 'স্বাধ্যঃ দেবাঃ' স্বাধ্য দেবগণ 'অজনয়ন্' সমুৎপন্ন হইয়াছেন এবং 'ব্রতপাং' ব্রত রক্ষক 'বাস্তোষ্পতিং' বাস্তোষ্পতি দেবতাও 'নিরতক্ষন্' তাহা হইতেই নির্ম্মিত হইয়াছেন।

এই মন্ত্র অবলম্বন করিয়া ঐতরেয় ব্রাহ্মণে একটি বৃহৎ গল্প রচিত হইয়াছে; 'তা ঋশ্যো ভূত্বা রোহিতং ভূতা মভ্যেৎ' ইত্যাদি ৩, ৩, ১০। অর্থ—আক্রমণকালে উক্ত কন্যা ভীতা হইয়া শীঘ্র পলায়ন করিবার মানসে ঋশ্য নামক মৃগীরূপ ধারণ করিয়াছিলেন, ব্রহ্মাও তখনি উক্ত মৃগরূপ ধারণ করেন ইত্যাদি।

এই ব্রাহ্মণোক্ত কল্পিত আখ্যায়িকাটিই পুরাণ-প্রণেতৃগণ 'ইতিহাসপুরাণাভ্যাং বেদার্থমুপবৃংহয়েৎ' এই শাসনটি সার্থক করিবার জন্যই যেন যথাসাধ্য পল্লবিত করেন এবং তদনুসরণ ক্রমেই শিবের ধ্যানে মৃগহস্ত চিত্রিত ও তদনুযায়ীই মহিম্ন স্তবে 'প্রজানাং নাথ প্রসভমভিকং স্বাং দুহিতরং (১২)' এই শ্লোকটি রচিত হইয়াছে। এক্ষণে অস্মদ্ধর্ম্মছিদ্রান্বেষীদিগকেও এইটীই যথেষ্ট পূর্ণ-মনোরথ করিতেছে।

ফলকথা; এ সমস্তই কল্পিত, ইহার কিছুই বাস্তবিক ঘটনা নহে। নিরুক্তকার, "পিতা দুহিতুর্গর্ভং দধাতি, পর্জন্যঃ পৃথিব্যাঃ" (অর্থ— পিতা দুহিতার গর্ভাধান করিলেন, ইহার তাৎপর্য্য, যে, পর্জন্য পৃথিবীতে রেতঃসেক—জলধারা পাত অর্থাৎ বৃষ্টি করেন) এই সারগর্ভ অতি যৎসামান্য উক্তিতেই সমস্ত ভ্রম বিদূরিত করিয়া রাখিয়াছেন।

এতাবতা ইহার প্রকৃত অর্থ—'ব্রহ্ম' অতিবৃহদবয়ব অর্থাৎ বহুদূর ব্যাপী, "পিতা' স্থষ্টির পালয়িতা, পর্জ্জন্য দেবতা= মেঘমণ্ডল 'য়ৎ' যখন 'স্বাং দুহিতরং' স্বীয় দোহণ কারিণী পৃথিবীকে 'অধিষ্কন্' আক্রমণ করিয়া, 'রেতঃ নি সিঞ্চন্' বৃষ্টিপাত করত 'ক্ষয়া সঞ্জগ্মানঃ' পৃথিবীর সহিত সঙ্গত হ'ন। তখনই 'স্বাধ্যঃ দেবাঃ' স্বাস্থ্যকর দ্যুতিমান্ অন্ন সকল 'অজনয়ন্' সমুৎপন্ন করেন এবং তখনই 'বাস্তোষ্পতিং' বাস্তু শব্দে বাসগৃহ, তাহার পালক=রক্ষক শিংশপা শাল প্রভৃতি বিবিধ কাষ্ঠতরু ও 'ব্রতপাং' ব্রত শব্দে যজ্ঞ, তাহার পালক=রক্ষক অর্থাৎ যজ্ঞমণ্ডপ নির্ম্মাণের উপযোগী, বংশ তৃণাদি নির্ম্মাণ করেন।

নিরুক্তকার দুহিতৃশব্দের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন—

"দুহিতা=দুর্হিতা, দূরে হিতা, দোগ্ধে র্বা" ৩,৪।

সায়ণাচার্য্যও "পিতা দুহিতুর্গর্ভমাধাৎ"(ঋ০স০২,৩,২০,৩) ইহার ব্যাখ্যানে বলেন—"পিতা দ্যুলোকঃ। অধিষ্ঠাত্রধিষ্ঠানয়োরভেদেনাদিত্যো দ্যোরুচ্যতে। স রশ্মিভিঃ। অথবা ইন্দ্রঃ পর্জন্যো বা। দুহিতুঃ দূরে নিহিতায়া ভূম্যা গর্ভং সর্ব্বোৎপাদনসামর্থং বৃষ্ট্যুদকলক্ষণ মাধাৎ সর্ব্বতঃ করোতি।" অর্থ—পিতা=দ্যুলোক। বাসস্থানের নামানুরূপও বাসকারীর আখ্যান হইয়াথাকে তদনুযায়ী এস্থলে দ্যুশব্দে সূর্য্য। তিনি স্বীয় রশ্মির দ্বারা, দূরে স্থিতা সুতরাং দুহিতা পৃথিবী, তাহার গর্ভাধান করিতেছেন অথবা ইন্দ্র বা পর্জন্য নামক বৃষ্টিদেব ঐ দুহিতৃস্থানীয় পৃথিবীতে সর্ব্বোৎপাদন-সামর্থ বৃষ্টিজল আধান করিতেছেন।

পিতৃশব্দে, প্রজাপতি শব্দে বা ব্রহ্মা শব্দে এতাদৃশ-স্থলে সূর্য্য বা পর্জ্জন্য এবং দুহিতৃ শব্দে উষা বা বৃষ্টি বহুতর মন্ত্রেই বুঝিতে হয়। এইরূপ কল্পিত—ভ্রাতা, ভগিনী, পিতা, মাতা, দুহিতা, জামাতা, নপ্তা প্রভৃতি সম্বন্ধ, বেদের অনেক মন্ত্রেই বর্ণিত দৃষ্ট হয়; যথাস্থানে সপ্রমাণ প্রকাশ করিবার মানস থাকিল।

অতএব কোন্‌স্থানে বাস্তবিক ঐতিহাসিক সম্বন্ধ এবং কোন্ স্থানেই বা কাল্পনিক সম্বন্ধ? ইহা সামান্য চিন্তনীয় নহে॥

দ্বিতীয় চিন্তা।—

বেদের মধ্যে, ইন্দ্র রুদ্র প্রভৃতি যে সমস্ত দেবতা-পদ দৃষ্ট হয়, স্থানবিশেষে তাহাদের প্রকৃত অর্থনির্ণয় অতি কঠিন। কারণ, ঐরূপ পদগুলি প্রায়ই নানার্থ, এবিষয়েরও বিশেষ আলোচনা পরে করা যাইবে আপাতত সংক্ষেপে একমাত্র ইন্দ্রশব্দের অর্থত্রয়ের উদাহরণত্রয় প্রদর্শিত হইতেছে। যথা—

১ম— ইন্দ্র = ঈশ্বর।

"ইন্দ্রো দীর্ঘায় চক্ষস আ সূর্য্যং রোহয়দ্দিবি।

বি গোভিরদ্রিং মৈরয়ৎ॥ ঋ০ সং ১, ১, ১৩, ৩।

অর্থ—'ইন্দ্রঃ' দেবতা 'দীর্ঘায় চক্ষসে' দীর্ঘ দৃষ্টির জন্য অর্থাৎ সুদূর দর্শনে প্রাণীগণকে সক্ষম করিবার জন্য 'সূর্য্যং' সূর্য্যমণ্ডলকে 'দিবি' দ্যুলোকে 'আরোহয়ৎ' আরোহণ করাইয়াছেন অর্থাৎ স্থাপন করিয়াছেন। যে সূর্য্য, 'গোভিঃ' স্বীয়

রশ্মিজাল দ্বারা পৃথিবীর রসাহরণ করত 'অদ্রিং' মেঘসমূহ নির্ম্মাণ পূর্ব্বক তাহাই 'বি ঐরয়ৎ' বিশেষরূপে অর্থাৎ সৃষ্টির উপযোগী করত নিযুক্ত করিতেছেন ॥ এ মন্ত্রে ইন্দ্রশব্দের অর্থ ঈশ্বর স্পষ্টই বোধিত হইতেছে, যেহেতু ঈশ্বর ব্যতীত সূর্য্যস্থাপন রূপ কার্য্য কে করিতে সমর্থ? পরং টীকাকারগণের পাণ্ডিত্যের কল্লোল অতিক্রম করত প্রকৃত মর্ম্মাবগত হওআ সুকঠিন।

এই মন্ত্রটি অথর্ব্বসংহিতার ২০শ কাণ্ডেতেও দৃষ্ট হয়, অধিকন্তু ঐকাণ্ডে আরও অনেকগুলি শ্রুতি ঈশ্বর বোধক ইন্দ্রশব্দ ঘটিত দেখাযায়; যথা—

"য়ঃ সূর্য্যং য় উষসং জজান য়ো অপাং নেতা

স জনাস ইন্দ্রঃ।" ইত্যাদি।

অর্থ—যিনি সূর্য্যকে ও উষাকে সৃজন করিয়াছেন, যিনি জলরাশির নেতা, হে জনগণ! তিনিই ইন্দ্র।

২য়— ইন্দ্র=সূর্য্য।

"ইন্দ্রং স্তবা নৃতমং য়স্য মহ্না বি ববাধে

রোচনা বি জ্মো অন্তান্।

আ য়ঃ পপ্রৌ চর্ষণীধৃদ্ ববোভিঃ

প্র সিন্ধুভ্যো রিরিচানো মহিত্বা ॥

(ঋ০ স০ ৮, ৪, ১৪, ১)

অর্থ—যিনি নেতৃতম অর্থাৎ যাঁহার প্রভাবে জাড্যাদি দোষ দূরগত হইবায় প্রাণিগণ স্ব স্ব কার্য্যে ব্যাপৃত হইতে সমর্থ হয়, যাঁহার দীপ্তি পৃথিবীর প্রান্তভূমি পর্য্যন্তে অপরাপরসমস্ত দ্যুতিকে পরাভূত করে, এবং মনুষ্যাদি জীবগণের ধারক ও পোষক যে দেবতা স্বীয় প্রভাপুঞ্জে এই সমস্ত দ্যাবাপৃথিবী পরিপূর্ণ রাখিয়াছেন ও যাঁহার মহিমাতে সমুদ্রজলসমূহও স্ফীত (জোয়ার) হয়। সেই ইন্দ্র দেবতাকে স্তব কর॥

ইহার পরের মন্ত্রে স্পষ্টই আছে— 'স সূর্য্যঃ' তিনি সূর্য্য ইত্যাদি। সূর্য্যের দ্বাদশ মাসে দ্বাদশ নামাদির মধ্যেও পৌরাণিকগণ কর্ত্তৃক ইন্দ্র পদ গৃহীত হইয়াছে; যথা— 'জৈ্যষ্ঠমূলে ভবেদিন্দ্রঃ' কূ° পু° ৪০ অ°।

৩য়— ইন্দ্র— ইন্দ্রনামক রাজা বা রাজা।

বামদেব কর্ত্তৃক সঙ্গৃহীত ঋকসংহিতার চতুর্থ মণ্ডলের চতুর্বিংশতি ঋগাত্মক ত্রিংশসূক্তের মন্ত্রগুলি প্রায় সমস্তই ইন্দ্রনামক কোন রাজার বর্ণনাতেই প্রযুক্ত বলিয়া বোধহয়; তাহারই চতুর্দ্দশ এই—

"উত দাসং কৌলিতরং বৃহতঃ পর্ব্বতাদধি।
অবাহন্নিন্দ্র শম্বরম্॥"

অর্থ—দাসবংশীয় কুলিতরের পুত্র সুতরাং কৌলিতর শম্বরকে, আর্য্যদলপতি ইন্দ্রনামে প্রসিদ্ধ রাজা, বৃহৎ পর্ব্বতের অধিত্যকাতে বধ করিয়াছেন (বোধহয় এই কৌলিতর শব্দ হইতেই বলোসস শব্দের উৎপত্তি)।

অতিরাত্র যাগের তৃতীয় পর্য্যায়ে যে সূক্তটি মৈত্রাবরুণ শস্ত্ররূপে ব্যবহৃত হয়, এ মন্ত্রটি সেই সূক্তেরই অন্তর্গত। আশ্বলায়ন কৃত শ্রৌত সূত্রের ৬, ৪ দ্রষ্টব্য।

ইন্দ্রশব্দের প্রকৃত অর্থ যজুর্ব্বেদীয় বাজসনেয়ী সংহিতাদিতে সাধারণ্যে সম্রাট্ পদবী প্রাপ্ত মনুষ্যমাত্রই ইন্দ্র বলিয়া স্বীকৃত হইয়াছেন, ৯ম অধ্যায়ের ১০ম কণ্ডিকা এবং ১০ম অধ্যায়ের ৮ম কণ্ডিকা প্রভৃতির তাৎপর্য্য পর্য্যালোচনীয়। এবং এই ঐশ্বর্য্যবত্তামূলক আরও অনেকরূপ অর্থ ঐ সংহিতাতে বোধিত হইয়াছে। মৎকৃত তদীয় অনুবাদের টীপ্পনী শ্রেণী আদ্যন্ত অন্বেষণীয়। শতপথব্রাহ্মণ ও ঐতরেয় ব্রাহ্মণ পর্য্যালোচনা করিলেও মদুক্ত সপ্রমাণ হইবে। আপাতত এই একটি বিষয়েরই আন্দোলনে সাধারণ ভূমিকার কলেবর বর্দ্ধন অনুচিত বিবেচনায় এই পর্য্যন্তই স্থগিত রাখিলাম, বৈদিকসমালোচনার যথাস্থানে বিশেষরূপে আলোচিত হইবার আশাও থাকিল॥

তৃতীয় চিন্তা।—

আমাদের বিশ্বাস,—এক সময়ে এই আর্য্যজাতির মধ্যে বিজ্ঞানাদি চর্চ্চার এতদূর উন্নতি হইয়াছিল, যে, আজিও ততদূর হইয়াছে কি না সন্দেহ; মধ্যে কালতরঙ্গে প্রায় সমস্তই প্লাবিত হইয়াছে, ইদানীং ক্রমে সেইগুলিই, কতক যথাবৎ, কতক বা আকারান্তরে পুনঃ প্রকাশিত হইতেছে; প্রকাশিত বিষয়গুলির প্রকাশের পূর্ব্বে যদিও পূর্ব্বস্থিতি অনুভব করিতে সক্ষম হই না কিন্তু প্রকাশানন্তর বেদাব্ধি আলোড়নে তদীয় পূর্ব্বসত্তা বিষয়ে অনেক স্থানেই নিঃসংশয়

হইতে পারি। এ বিষয় বৈদিক সমালোচনায় প্রকরণানুসারে বিশেষ আলোচ্য, ইদানীং এস্থলে এইমাত্র বক্তব্য, যে, যেসময়ে সায়ণাচার্য্য প্রভৃতি কোবিদগণ বেদব্যাখ্যান কার্য্যক্ষেত্রে উপস্থিত ছিলেন তৎকালে চিরন্তনীয় বৈজ্ঞানিক মহার্হ রত্নগুলি কালসাগরে নিমগ্ন অদৃষ্ট ছিল সুতরাং কোন রূপেই তাঁহাদের উপলব্ধির বিষয় ছিল না, যে বিষয় কখনও দৃষ্টিগোচর বা শ্রুতিগোচর না হয় তাহা কখনই বুদ্ধিগোচরও হইতে পারে না, যেহেতু ইন্দ্রিয়গণ বিষয় আহরণ করিয়া মনের নিকটে উপহৃত না করিলে বুদ্ধির দ্বারা অধ্যবসিত হইতেই পারে না, তাহাদের দ্বারা আহৃত বিষয়ই বুদ্ধির দ্বারা নিশ্চিত হইয়াথাকে অতএব তদানীং অদৃষ্টচর সুতরাং তাঁহাদের নিতান্ত অজ্ঞাত রত্ন সকল কিরূপে তাঁহাদের বুদ্ধির বিষয় হইবে? পরং সম্প্রতি ক্রমে সেইগুলি বৈজ্ঞানিক যন্ত্রে উদ্ধৃত হইতেছে, তদনুযায়ী বেদাব্ধি আন্দোলনে তাহাদের পূর্ব্বসত্তাও প্রত্যক্ষ করিতে পারিতেছি কাজেই তাঁহাদের তত্তৎস্থলের ভাষ্যগুলি কূটব্যাখ্যা বলিয়া উপেক্ষিত হইবে তাহারইবা বৈচিত্র কি? পরং তাদৃশস্থল অন্বেষণ পূর্ব্বক সিদ্ধান্তে উপনীত করাও সহজ ব্যাপার নহে। দৃষ্টান্তস্বরূপ একটি প্রদর্শিত হইতেছে; যথা—

দেবাঃ কপোত ইষিতো য়দিচ্ছন্

দূতো নিঋ্ত্যা ইদ মাজগাম।

তস্মা অর্চাম কৃণবাম নিষ্কৃতিং

শং নো অস্তু দ্বিপদে শং চতুষ্পদে ॥"

(ঋ০ স০ ৮, ৮, ২৩, ১। অথং সং ৬, ২৭, ১)

'দেবাঃ' হে বন্ধুগণ ! 'ইষিতঃ' পরপক্ষ হইতে প্রেরিত এই 'কপোতঃ' পারাবতটি 'যৎ ইচ্ছন্' যাহা ইচ্ছা করত 'নির্ঋত্যাঃ' নৈর্ঋত প্রদেশ হইতে 'ইদং' এইস্থানে 'আজগাম' আগমন করিয়াছে, 'তস্মৈ' সেই উদ্দিশ্যটি অবগত হওনানন্তর, (অতিথি বিবেচনাতে) আইস, আমরা ইহাকে 'অর্চ্চামঃ' অর্চ্চনা করি এবং 'নিষ্কৃতিং' যাহাহউক একটি নিষ্পত্তি 'কৃণবামঃ' করাও উচিত ; তাহাহইলেই 'নঃ' আমাদের 'দ্বিপদে' দ্বিপদ্প্রাণী পদাতিপ্রভৃতির পক্ষে 'শং' কল্যাণ এবং 'চতুষ্পাদে' চতুষ্পদ্প্রাণী গোপ্রভৃতির পক্ষেও 'শং' কল্যাণ 'অস্তু' হইবে।

অনুক্রমণিকা গ্রন্থানুসারে সায়ণাচার্য্য এস্থলের নির্ঋতি ও কপোত পদের অর্থ— নির্ঋতিরপুত্র কপোত ঋষি স্থির-করিয়াছেন পরং কপোত-দৌত্য বোধক এই সূক্তের পর পর মন্ত্রে পক্ষী প্রভৃতি বিশেষণও দৃষ্ট হয় এবং অথর্ব্ববেদের ২০শ কাণ্ডের ১৩৫ সূক্তের একাদশ মন্ত্রের 'পারাবতেভ্যঃ' ও ১২শ মন্ত্রের 'ছিন্নপক্ষায়' এই পদদ্বয়ও মদুক্ত ব্যাখ্যানেরই পোষকতা করিতেছে। আশ্বলায়ন বলেন "যদি বাটীতে কপোত প্রবেশ করে, তাহা হইলে এই সূক্তের প্রত্যেক মন্ত্র পাঠ পূর্ব্বক হোম করিবে (গৃ০ সূ০ ৩, ৭)। এতাদৃশ

স্থলসমূহে কোন্ মতানুযায়ী কি ভাবে অনুবাদ কর্ত্তব্য ? ইহা কি সামান্য চিন্তার বিষয় ? । যাহাহউক সেই বেদ-রক্ষক একমাত্র সর্ব্বরক্ষক দেবতার শরণাপন্ন হইয়াই এই অতি গভীর রত্নাকরে প্রবিষ্ট হইয়াছি 'শরীরং বা পাতয়ে কার্য্যং বা সাধয়ে'।

বস্তুত যাঁহার কীর্ত্তি তিনিই রক্ষা করিতে তৎপর আছেন, তিনি স্বীয় কীর্ত্তি রক্ষার জন্যই এই দৃশ্যমান সূর্য্যাদি ত্রয়স্ত্রিংশৎ দেবতাকে নিযুক্ত রাখিয়াছেন। যথা—

"যস্য ত্রয়স্ত্রিংশদ্দেবা নিধিং রক্ষন্তি সর্ব্বদা।
নিধিং তমদ্য কো বেদ যং দেবা অভি রক্ষথ ॥ (১)
যত্র দেবা ব্রহ্মবিদো ব্রহ্ম জ্যেষ্ঠ মুপাসতে।
যো বৈ তান্ বিদ্যাৎ প্রত্যক্ষং স ব্রহ্মা বেদিতা স্যাৎ। (২)
বৃহন্তো নাম তে দেবা যে সতঃ পরি জজ্ঞিরে।
একং তদঙ্গং স্কম্ভস্যাসদাহুঃ পরো জনাঃ ॥ (৩)

(অথ০ স০ ১০, ৭, ২৩-২৪-২৫)

জনগণ বলেন ;—তেত্রিশটি দেবতা, নিয়ত, যে স্কম্ভ-দেবতার নিধি রক্ষা করিতেছেন, সেই নিধিকে আজিও কে অবগত আছেন ? যাহা দেবগণ কর্ত্তৃক রক্ষিত হইতেছে (১)।

যে নিধিকে অবলম্বন করিয়া দ্যুতিমান্ ব্রহ্মবিদ্গণ সর্ব্ব-জ্যেষ্ঠ ব্রহ্মকে উপাসনা করেন, যিনি সেই ব্রহ্মবিদ্গণকে তত্বত অবগত হ'ন, তিনি ব্রহ্মকেও প্রত্যক্ষ করিতে সমর্থ হ'ন (২)। সেই সৎপদার্থ হইতে যে সমস্ত বড় বড় দেবতারা সমুৎপন্ন হইয়াছেন, তৎসমস্তই স্কম্ভদেবতার এক অঙ্গ মাত্র এবং যতক্ষণ তাহারা পৃথক্, ততক্ষণ অসৎ (২)। এস্থলে বোধহয় বেদই সে নিধি এবং ঈশ্বরই স্কম্ভ। স্কম্ভ শব্দের প্রকৃত অর্থ— স্তম্ভনকারী। ঈশ্বর স্বীয় সিসৃক্ষা-শক্তিতে সমস্ত চরাচর সৃজন করিয়া সেই স্কম্ভন=স্তম্ভন শক্তি দ্বারাই এতৎসমস্ত স্ব স্ব কক্ষায় স্ব স্ব কার্য্যে অবিচলিত ভাবে প্রতিষ্ঠিত রাখিয়াছেন, সেইজন্য তিনি বেদে স্কম্ভ নামে পরিচিত। অথর্ব্ববেদের ১ম কাণ্ডের ৪র্থ অনুবাকের ২২শ হইতে ২৯শ পর্য্যন্ত ৮টি সূক্তই এই স্কম্ভ বর্ণনাতে পূর্ণ ও তদনুযায়ী ঐগুলি 'স্কম্ভ সূক্ত' নামে খ্যাত।

'এতাবতা তাঁহার নিধিরক্ষার জন্য আমাদিগকে ব্যগ্র হইতে হইবে না, তবে আমাদের নিজ নিজ মনের শান্তি লাভই এতাদৃশ কার্য্যসমস্তে হস্তক্ষেপের প্রধান উদ্দেশ্য।

আরও— (অথ০ স০ ১৯, ৯, ৩-৪-৫)

"ইয়ং য়া পরমেষ্ঠিনী ৰাগ্দেৰী ব্রহ্মসংশিতা।
য়য়ৈৰ সসৃজে ঘোরং তয়ৈৰ শান্তিরস্তু নঃ ॥ (৩)

পরব্রহ্ম কর্ত্তৃক সম্পাদিতা এই যে পরমেষ্ঠিনী বাগ্দেবী,

যাহার দ্বারা এ জগতে প্রায় ঘোর কষ্টই সৃজন করিয়াথাকি ; প্রার্থনাকরি—তাহারই দ্বারা আমাদের শান্তিও লাভ হউক !

"ইদং য়ৎ পরমেষ্ঠিনং মনো ব্রা ব্রহ্মসংশিতম্ ।

য়েনৈব সসৃজে ঘোরং তেনৈব শান্তিরস্তু নঃ ॥" (৪)

পরব্রহ্ম কর্তৃক সম্পাদিত এই যে পরমেষ্ঠী মন, যাহার দ্বারা এ জগতে প্রায় ঘোর কষ্টই সৃজন করিয়াথাকি ; প্রার্থনা করি— তাহারই দ্বারা আমাদের শান্তিও লাভ হউক ! ৪

"ইমানি য়ানি পঞ্চেন্দ্রিয়াণি মনঃষষ্ঠানি

মে হৃদি ব্রহ্মণা সংশিতানি ।

য়ৈরেব সসৃজে ঘোরং তৈরেব শান্তিরস্তু নঃ ॥" (৫)

পরব্রহ্ম কর্তৃক সম্পাদিত এই যে পঞ্চ ইন্দ্রিয় এবং ষষ্ঠ মন, যাহাদের দ্বারা এ জগতে প্রায় ঘোর কষ্টই সৃজন করিয়াথাকি ; প্রার্থনা করি— তাহাদেরই দ্বারা আমাদের হৃদয়ে শান্তিলাভ হউক ! ৫ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

—*:*:*—

আরব্ধ কার্য্য প্রণালি ।

ইচ্ছাছিল, যজুর্ব্বেদ সংহিতার অনুবাদ কার্য্য শেষ করিয়াই সায়ণাচার্য্যের যুক্তি অনুসারে ঋগ্বেদের অনুবাদ শেষ করিয়া যদি কার্য্যক্ষম জীবনে জীবিত থাকি'ত তৎপরে

সামবেদে হস্তক্ষেপ করিব কিন্তু বঙ্গদেশে সামবেদী ব্রাহ্মণেরই আধিক্য দর্শনে ঐ বেদ খানির অনুবাদই অপেক্ষাকৃত অধিক প্রয়োজনীয় বিবেচনায় সম্প্রতি তাহাই প্রকাশ করিতে প্রবৃত্ত হইলাম।

সামবেদের সংহিতাগ্রন্থগুলি গীতিময় * পরং তৎসমস্তের অর্থ জানিতে হইলে সেই গীতির আশ্রয় স্বরূপ অগীত বাক্যগুলিই অবলম্বন করিতে হয়, উক্ত বাক্যগুলির অধিকাংশই পদ্য, গদ্যও আছে। ঐ পদ্যগুলিকে ঋক্ এবং ঐ গদ্যগুলিকে যজু বলাযায়; তদনুযায়ী, সঙ্গৃহীত ঋক্ গ্রন্থগুলি 'আর্চ্চিক' ও সংগৃহীত যজু 'স্তোভ' নামে প্রসিদ্ধ। ঐ আর্চ্চিক গ্রন্থ প্রধানত ভাগদ্বয়ে বিভক্ত; দ্বিতীয় ভাগকে 'উত্তর' বলাযায় এবং পূর্ব্বভাগের বিশেষ নামকরণ না থাকায় সামান্যত 'ছন্দ' নামেই প্রসিদ্ধ। এই 'ছন্দ' ও 'উত্তর' আর্চ্চিকের ঋগ্ময় দশৎগুলির পর্য্যালোচনাতে প্রকাশ পায়, যে, যে কারণে, যে প্রণালিতে, যে সময়ে, ঋগ্বেদ সংহিতার সূক্ত সকল সঙ্গৃহীত হইয়াছে সেই কারণেই, সেই প্রণালিতেই, সেই সমকালেই ইহারাও সংগৃহীত হইয়া থাকিবে। পরং ইহা সত্য বটে, যে, ঐ ঋক্গুলি প্রায় সমস্তই ঋগ্বেদসংহিতার মধ্যেও বিকীর্ণ দেখা যায় এবং এতদীয় অনেক ঋক্ যজুঃ সংহিতাতে ও অথর্ব্ববেদ সংহিতাতেও আছে। ফলে ঋগ্বেদ সংহিতা বা যজুর্ব্বেদ সংহিতা অথবা অথর্ব্ববেদ সংহিতা অগ্রে সংগৃহীত হইয়াছিল কি সামবেদীয় আর্চ্চিক গ্রন্থগুলিই অগ্রে সংগৃহীত হইয়াছিল? ইহা নির্ণয় করা

তাহাদের নামাদি সংস্কৃত প্রথমভাগ বৈদিকসমালোচনা দেখ।

অতি কঠিন। আমি প্রথমত, অধ্যয়ন সম্প্রদায়ানুসারে সাম-বেদীয় সংহিতা গ্রন্থের মধ্যে গেয় নামক প্রথম গ্রন্থের এবং তৎসহ তদীয় আলম্বন ঋগ্ময় ছন্দ আর্চ্চিকের অনুবাদই আরম্ভ করিলাম। আশাকরি অত্যধিক ছয় বৎসরে (অসতি প্রতিবন্ধকে) আর্চ্চিক ও স্তোভসহ সভাষ্য সানুবাদ সংহিতা গ্রন্থগুলি একৈকক্রমে প্রকাশিত হইতে পারে। প্রজারঞ্জন ন্যায়বান্ মহামান্য ভারতবর্ষীয় গবর্ণমেণ্টও তদনুযায়ী ৬ বৎসরের জন্য (প্রতিবৎসর অগ্রিম) নির্দ্দিষ্ট সাহায্যদানে সোৎসাহ স্বীকারাদেশ করিয়াছেন। ভরসাকরি,—ইহার সঙ্গে সঙ্গেই এই ৬ বৎসরের মধ্যেই গোভিলাচার্য্য প্রণীত সামবেদীয় গৃহ্যসূত্রাদি ও ভবদেব প্রকাশিত তদনুযায়ী সংস্কা-রাদির পদ্ধতি খানিও সটীক সানুবাদ প্রকাশিত করিতে পারিব অধিকন্তু এতন্মধ্যেই ক্রমে দ্বিতীয় ভাগ বৈদিক সমালোচনাও সম্পাদিত হইতে পারিবে।

সামবেদের ভাষ্য অনেকগুলি ছিল, সম্প্রতি মাধবকৃত বিবরণ নামক একখানি এবং দ্বিতীয় সায়ণাচার্য্যের 'বেদার্থ প্রকাশ' নামক,—এই দুই খানিই পূর্ণ পাওআ যায় ; তন্মধ্যে সায়ণভাষ্যেরই নাম সমধিক প্রসিদ্ধ অতএব ঐ খানিই তৎকৃত অবতরণিকার সহিত প্রকাশ করিতে প্রবৃত্ত হইলাম এবং ঐ অবতরণিকার সটীপ্পনী বঙ্গানুবাদও তৎসহ প্রকাশ করিতে আরম্ভ করিলাম। এই অবতরণিকা গ্রন্থ মীমাংসা-দর্শন-খচিত সুতরাং কিছু কঠিন কিন্তু সামবেদের অন্তঃপরি-চায়কতাগুণে সুভূষিত অতএব যতদূর সামর্থ সহজ ভাষায় অনুবাদিত ও টীপ্পনীদ্বারা বিবৃত করিতেছি তথাপি যে

কাঠিন্য থাকিতেছে তাঁহা গুরূপদেশ ব্যতিরেকে বিচূর্ণিত হয়, এরূপ বোধ হয় না অথবা হইতেও পারে, আমার তাদৃশ ক্ষমতাই নাই ; যাহাহউক মৎকৃত এ প্রযত্ন সাধারণের কিছুমাত্র প্রীতিপ্রদ হইলেও শ্রম সফল জ্ঞান করিব।

আরব্ধ সামবেদ সংহিতার প্রকটন কার্য্য আপাতত নিম্নলিখিতানুসারে সম্পাদিত হইতেছে ; যথা—

(ক) ছন্দ আর্চ্চিক। ইহা স্বরচিহ্নের সহিত প্রকাশিত হইতেছে এবং প্রত্যেক মন্ত্রের শেষে বন্ধনী চিহ্নান্তর্গত কতিপয় অঙ্কের দ্বারা ইহাও প্রকাশ করা যাইতেছে, যে, সেই মন্ত্রটি ঋগ্বেদে আছে কি না ? আছে'ত কোন্ স্থানে আছে ? এস্থলে আরও বিশেষ জ্ঞাপনীয়, যে, এই মন্ত্রগুলি সংহিতা-লক্ষণানুসারে এবং হস্তলিখিত তৎতৎ পুস্তক দৃষ্টানুসারে পদচ্ছেদবোধক বিরতি-শূন্য করা যাইতেছে। ভাষ্য ও অনুবাদ দৃষ্টে পদচ্ছেদগুলি স্বয়ংই হৃদয়ঙ্গম হইতে পারিবে।

(খ) বি॰ অর্থাৎ বিবরণ। এটি মৎসঙ্গৃহীত। ইহাতে কোন্ মন্ত্রটি, কোন্ ঋষি কর্ত্তৃক প্রকাশিত, কোন্ ছন্দে নির্ম্মিত এবং কোন্ দেবতার অর্থাৎ কোন্ পদার্থের বর্ণনাতে ব্যবহৃত ? এ সমস্ত সবিস্তার প্রদর্শিত হইতেছে অধিকন্তু কোন্ যজ্ঞের কোন্ প্রকরণে কি কার্য্যে ব্যবহার্য্য তাহাও সংক্ষেপে বোধিত হইতেছে। অনন্তর সে মন্ত্র অবলম্বন করিয়া কোন্ কোন্ ঋষি কোন্ কোন্ সাম (গান) গাহিয়াছেন ? সেগুলি কোন্ কোন্ গ্রন্থে আছে ? এবং সেই সমস্ত গানের কি কি নাম ? এ সমস্তই যথাজ্ঞান বিবৃত করিতেছি।

(গ) গে॰ গা॰ অর্থাৎ গেয়গান। ইহা ঐ ছন্দোগ্রন্থের

গান গ্রন্থ, ইহাই সামবেদের প্রকৃত সংহিতাগ্রন্থগুলির মধ্যে প্রথম। ইহার যে বর্ণ যে স্বরে যেরূপে গাহিতে হইবে, বৈদিক-সমাজ-প্রচলিত বিবিধ চিহ্ন দ্বারা তাহাও সুব্যক্ত করা হইয়াছে।

(ঘ) বাং টীং অর্থাৎ বাঙ্গলা টীকা। সর্ব্বপ্রথমে, যে সময়ে মন্ত্রটি রচিত বা প্রকাশিত হইয়াছিল, তৎকালে উহা যে অভিপ্রায়ের বোধক ছিল, এই টীকাটি যথাজ্ঞান তদনুসারেই (বাঙ্গলা ভাষাতে) রচিত হইতেছে।

(ঙ) সাং ভাং অর্থাৎ সায়ণ-ভাষ্য। এখানি চতুর্ব্বেদাদির ভাষ্যকার মহামহোপাধ্যায় শ্রীমৎ সায়ণাচার্য্য বিরচিত, বেদের সুপ্রসিদ্ধ সংস্কৃত টীকা। ইহা যজ্ঞ কালের ভাবে সুতরাং যজ্ঞে ব্যবহারানুযায়ী অর্থের বোধক রূপেই প্রণীত হইয়াছিল। প্রতিমন্ত্রের সহিত ইহাও যথাবৎ থাকিতেছে।

(চ) ভাং অং অর্থাৎ ঐ ভাষ্যের বাঙ্গালা অনুবাদ। ইহাও যথাসাধ্য সরল বাঙ্গলাতে লিখিত হইয়া তত্তৎ ভাষ্যের পরেই নিবেশিত হইতেছে

—*:*:*—

পরিভাষা।

(১) ছন্দ প্রভৃতি আর্চ্চিকগ্রন্থগুলির ঋকৃগুলিতে যে ১ চিহ্ন আছে তাহাতে উদাত্ত স্বর অর্থাৎ উচ্চ উচ্চারণ, ২ চিহ্নে অনুদাত্ত স্বর অর্থাৎ নীচ উচ্চারণ এবং ৩ চিহ্নে স্বরিত অর্থাৎ সমভাবে উচ্চারণ জানিতে হইবে। দাঁড়ি-চিহ্নে সেই উচ্চারণে সবল আঘাত বোধিত হইবে।

(২) গেয়গান প্রভৃতি গান গ্রন্থগুলির ১ হইতে ৭ চিহ্নে

সপ্ত স্বর বুঝিতে হইবে। যথা ১=নিষাদ, ২=গান্ধার, ৩=ষড়্জ, ৪=মধ্যম; ৫=পঞ্চম, ৬=ধৈবত, ৭=ঋষভ। অপরাপর চিহ্নগুলির অর্থবোধ শিক্ষা ব্যতিরেকে হওআ দুষ্কর। নারদীশিক্ষাদিতে বিশেষ দ্রষ্টব্য।

(৩) ঋ০ অর্থাৎ ঋষি। এ বিষয়ে অনেক বিচার্য্য আছে, আপাতত সায়ণাচার্য্যের স্বীকৃত লক্ষণই এ স্থলে প্রদর্শিত হইতেছে;—ঋ০ স০ ১০, ১৮ সূক্তের আরম্ভে "যস্য বাক্যং স ঋষিঃ" এতাবতা যে মন্ত্রটি যাঁহা কর্ত্তৃক রচিত হইয়াছে অথবা প্রকাশিত অর্থাৎ সূক্তাদি গ্রথনে সঙ্গৃহীত হইয়া যজ্ঞকাণ্ডে প্রথম ব্যবহৃত হইয়াছে, সেই মহাত্মাই সে মন্ত্রের ঋষি বলিয়া বেদে স্বীকৃত হইয়া থাকেন।

(৪) দে০ অর্থাৎ দেবতা। এ বিষয়েও অনেক বিচার্য্য আছে, আপাতত সায়ণাচার্য্যের স্বীকৃত লক্ষণই এ স্থলে প্রদর্শিত হইতেছে; যথা—ঋ০ স০ ১০, ৪৮ সূক্তের আরম্ভে "যা তেনোচ্যতে সা দেবতা" যে মন্ত্রের দ্বারা যে কোন বস্তুর ব্যবহার বা উপাসনা বোধিত হয় তাহাই সে মন্ত্রের দেবতা। এই লক্ষণানুসারে উদূখল, মুশল, ধান্য, চর্ম্ম প্রভৃতি সমস্তই দেবতা বলিয়া পরিগৃহীত হইয়া থাকে।

(৫) ছ০ অর্থাৎ ছন্দ। পিঙ্গলাচার্য্যকৃত ছন্দোগ্রন্থই ইহার এবং সামবেদীয় দৈবত ব্রাহ্মণই তাহার মূল *। উহা ছন্দ অতিচ্ছন্দ ও বিচ্ছন্দ এই ত্রিবিধ নামে বিভক্ত। ছন্দ ৭টি, অতিচ্ছন্দ ৭টি ও বিচ্ছন্দও ৭টি এবং এই ২১টি কেই সামান্যত

* টীকা, অনুবাদ ও টিপ্পনীর সহিত মৎপ্রকাশিত দৈবত ব্রাহ্মণে বিস্তারিত প্রদর্শিত হইয়াছে।

বলা যায়। ইহাদের অক্ষর সংখ্যা বোধনার্থ নিম্নে এক খানি চক্রও অঙ্কিত করিতেছি। যথা—

সংখ্যা	ছন্দের অক্ষর	অতিচ্ছন্দের অক্ষর	বিচ্ছন্দের অক্ষর
১	গায়ত্রী ২৪	অতিজগতী ৫২	কৃতি ৮০
২	উষ্ণিক্ ২৮	শক্করী ৫৬	প্রকৃতি ৮৪
৩	অনুষ্টুপ্ ৩২	অতিশক্করী ৬০	আকৃতি ৮৮
৪	বৃহতী ৩৬	অষ্টি ৬৪	বিকৃতি ৯২
৫	পঙ্ক্তি ৪০	অত্যষ্টি ৬৮	সংস্কৃতি ৯৬
৬	ত্রিষ্টুপ্ ৪৪	ধৃতি ৭২	অতিকৃতি ১০০
৭	জগতী ৪৮	অতিধৃতি ৭৬	উৎকৃতি ১০৪

ছন্দ ৭টিও আর্ষী প্রভৃতি ভেদে অষ্ট প্রকার; যথা—

	গায়ত্রী	উষ্ণিক্	অনুষ্টুপ্	বৃহতী	পঙ্ক্তি	ত্রিষ্টুপ্	জগতী
আর্ষী	২৪	২৮	৩২	৩৬	৪০	৪৪	৪৮
দৈবী	১	২	৩	৪	৫	৬	৭
আসুরী	১৫	১৪	১৩	১২	১১	১০	৯
প্রাজাপত্যা	৮	১২	১৬	২০	২৪	২৮	৩২
য়াজুষী	৬	৭	৮	৯	১০	১১	১২
সাম্নী	১২	১৪	১৬	১৮	২০	২২	২৪
আর্চ্চী	১৮	২১	২৪	২৭	৩০	৩৩	৩৬
ব্রাহ্মী	৩৬	৪২	৪৮	৫৪	৬০	৬৬	৭২

(৬) ইদানীং প্রচলিত বাঙ্গলা অক্ষরে সংস্কৃত লিখনের একটি প্রধান অন্তরায় অন্ত্যস্থ ব বর্ণের অভাব। সেই অভাবটি পূরণ করিবার আশয়ে নূতনপ্রিয় মহোদয়গণ নূতন বর্ণ আবিষ্কার করিতেছেন কিন্তু আমি কোন নূতন আবিষ্কারে

যত্নবান্ না হইয়া ২০০ বৎসর পূর্ব্বের হস্তলিখিত বাঙ্গলা পুস্তক দৃষ্টে ৱ এইরূপ বর্ণই লাভ করিয়াছি; অদ্যাপি আসাম প্রদেশে ইহা প্রচলিতও আছে। অতএব সংস্কৃতের মধ্যে ব বিষয়ে অন্ত্যস্থ ও বর্গ্য প্রভেদ জ্ঞাপনার্থ কতকগুলি ৱ ৱৃ ৱু প্রভৃতি অক্ষর প্রস্তুত করাইয়াছি পরং দ্ব ত্ব প্রভৃতি-স্থলে অন্ত্যস্থ জ্ঞান নিঃসংশয়ই থাকায় অর্থাৎ তাদৃশস্থল-সমূহে দুইপ্রকার ব-কারের আশঙ্কা না থাকায় অন্ত্যস্থ বোধক চিহ্ন বিশিষ্ট দ্ব ত্ব প্রভৃতি প্রস্তুত করাইবার আবশ্যক হয় নাই। এতাবতা প্রকাশ্যমান এই সামসংহিতার সংস্কৃত অংশে যে যে স্থলে ব আছে তত্তৎস্থলে নাগরি ब বর্ণের উচ্চারণ এবং যে যে স্থলে ৱ আছে তত্তৎস্থলে নাগরি व বর্ণের উচ্চারণ জানিতে হইবে।

(৭) য বর্ণের প্রকৃত উচ্চারণই য়। বাঙ্গলা ভাষাতে যদিও এরূপ উচ্চারণের আবশ্যকতা নাই পরং সংস্কৃত ভাষাতে ওরূপ উচ্চারণ অবশ্য প্রয়োজনীয় অতএব সংস্কৃতের মধ্যে সর্ব্বত্রই য অক্ষরের ব্যবহার রহিত করিয়া য় অক্ষরই ব্যবহার করিয়াছি। যদিও 'পদমধ্যে পদান্তে বা' বচনানু-সারে অনেকস্থলে য পাঠও অনেকে ব্যবস্থা করেন পরং তাহা সাধারণ ব্যবস্থা নহে প্রত্যুত শাখা বিশেষ ও দেশ বিশেষে স্বীকার্য্য। প্রকৃত পক্ষে বিশেষ ব্যবস্থাতিরিক্ত সর্ব্বত্রই য বর্ণের য় উচ্চারণই কর্ত্তব্য।

(৮) বাঙ্গলা ভাষাতে হওআ উচ্চারণ করিয়া 'হওয়া' লিপি এবং 'করত' উচ্চারণ করিয়া 'করতঃ' লিপি অন্যায় বিবেচনায়, তাদৃশ লিপি সমস্তও শোধিত করিয়া ব্যবহার করিতে চেষ্টা করিয়াছি অর্থাৎ হওয়া, যাওয়া প্রভৃতি লিপি ব্যবহার না করিয়া হওআ যাওআ, প্রভৃতি এবং করতঃ, বিশেষতঃ প্রভৃতি লিপি ব্যবহার না করিয়া করত, বিশেষত প্রভৃতি লিপি ব্যবহার করিয়াছি।

সামশ্রমীত্যুপনাম শ্রীসত্যব্রত শর্ম্মা—

কলিকাতা

ভূমিকা।

সামবেদের আর্চ্চিকভাগের মধ্যে একখানি ক্ষুদ্র গ্রন্থ 'আরণ্যক' বলিয়া প্রসিদ্ধ। সামবেদের 'ছন্দআর্চ্চিক'খানি প্রথমে অধ্যাপিত হইয়া থাকে এবং তৎপরেই ইহা অধ্যাপিত হয়, ইহার পরে অর্থাৎ সর্ব্বশেষে উত্তর-আর্চ্চিক অধ্যাপিত হইয়া থাকে। ব্যাকরণ-গ্রন্থানুসারে ইহা এক অধ্যায়* পরং এই পুস্তকের সমাপ্তিতে সর্ব্বত্রই 'অর্দ্ধ-প্রপাঠকঃ' লিখিত দেখা যায়। যখন তাহার পরে অপর অর্দ্ধ নাই, ইহাই সমগ্র; তখন অর্দ্ধপ্রপাঠক ব্যবহারের কারণ বিশেষ দুর্ব্বোধ্য। ছন্দআর্চ্চিকে ৪ বা ৫ দশৎতে অর্দ্ধ-প্রপাঠক এবং এতাদৃশ অর্দ্ধ প্রপাঠকদ্বয়ে একপ্রপাঠক ব্যবহৃত আছে, বোধ হয় তদনুসারেই পঞ্চদশদাত্মক এই গ্রন্থটুকুকে অর্দ্ধপ্রপাঠকই বলা হইয়া থাকিবে। 'অর্দ্ধ প্রপাঠকঃ' পদটীও ব্যাকরণ বিরুদ্ধ, 'প্রপাঠকার্দ্ধঃ' হইলেই সঙ্গত বোধ হয়। বহুদিন হইতেই অর্থশূন্য বেদাধ্যয়নের প্রথা প্রচলিত হইয়াছে; বাঙ্গালাদেশে যেরূপ বেদের পুস্তক পর্য্যন্ত দেখা যায় না, অন্যান্য প্রদেশে এরূপ সার্ব্বাঙ্গিক বেদাভাব না হইলেও অর্থাধ্যাপনের প্রথা যে একেবারে উচ্ছিন্ন হইয়াছে, ইহা বলিলেও নিতান্ত অত্যুক্তি হয় না সুতরাং ব্যাকরণাদি-জ্ঞান-শূন্য শূকবৎ বেদপাঠী মহাশয়দের সযত্ন-লিখিত বেদ-

---

* "অরণ্যান্মনুষ্যে (পাঃ ৪।৩।১১৯)" এই সূত্রে "পথ্যধ্যায়ন্যায়-বিহারমনুষ্যহস্তিষ্বিতি বক্তব্যম্"—এই কাত্যায়নীয় বার্ত্তিক দেখ।

পুস্তকসমস্তে এতাদৃশ ব্যাকরণবিরুদ্ধ প্রয়োগ দর্শনে চমকিত হইবার কোন কারণই নাই।

সমস্ত বেদের ভাষ্যকার শ্রীমান্ সায়ণাচার্য্য, নিজ ভাষ্যে কোন স্থানেই প্রপাঠক শব্দ ব্যবহার করেন নাই প্রত্যুত তত্তৎস্থলে অধ্যায় শব্দই ব্যবহৃত করিয়াছেন এবং অর্দ্ধপ্রপাঠক নামে অপর একটি ছেদ সামবেদের সংহিতা-ভাগের সর্ব্বত্রেই ব্যবহৃত আছে, ইহা তিনি অবগত ছিলেন এরূপ ভাবও কুত্রাপি ব্যক্ত করেন নাই! আরও একটি বিস্ময়ের বিষয় যে সামবেদের আর্চ্চিকভাগের পুস্তকগুলিতে সর্ব্বত্রই 'দশৎ' নামে একটী ছেদ দেখা যায় পরং তিনি তৎসমস্ত স্থলেই 'খণ্ড' শব্দ ব্যবহার করিয়াছেন। উল্লিখিত ত্রিবিধ ব্যত্যয় ব্যতীত সায়ণভাষ্যে আর একটি মহান্ বিপর্য্যয় দেখা যায়,—হস্তলিখিত যাবতীয় ছন্দআর্চ্চিক পুস্তক ছয় প্রপাঠকে বিভক্ত এবং আরণ্যকখানি তাহা হইতে পৃথক্ গ্রন্থ দেখা যায়* পরং তিনি ছন্দআর্চ্চিকখানিকে পঞ্চাধ্যায়ে বিভক্ত করিয়া 'আরণ্যক'খানিকে তাহারই শেষ ষষ্ঠ অধ্যায়রূপে (গ্রন্থদ্বয় একত্র) যোজিত করিয়াছেন। সায়ণাচার্য্য, কোন অন্য শাখা অবলম্বনে ভাষ্য রচনা করিয়াছিলেন বলা যায় না; যেহেতু তাহা হইলে এতাবম্মাত্রেই শাখাগত বিভেদ পর্য্যবসন্ন হইত না প্রত্যুত মন্ত্র-পাঠগত ও মন্ত্রের পৌর্ব্বা-পর্য্য ও ন্যূনাধিক্য বিষয়েও বহুতর পার্থক্য থাকিত অতএব ভগবান্ কুথুমর্ষি প্রচারিত এই কৌথুমী শাখাই যে তাঁহার

* পদপাঠের পুস্তকগুলিও এইরূপ বিভিন্নই দৃষ্ট হয়।

ভাষ্যের অবলম্বন, তাহাতে সন্দেহ নাই। সায়ণাচার্য্যের সমকালীন পুস্তকে হয়ত ঐ ঐ রূপই অধ্যায়ভেদাদি ছিল, তাহাও সঙ্গত নহে; যেহেতু যে শতাব্দীতে তাঁহার বেদ-ভাষ্য হইয়াছিল, তাহার দ্বিতীয় শতাব্দীর আরম্ভে লিখিত পুস্তকেও আমরা তাহাই দেখিতেছি*।

এই আরণ্যক অবলম্বনে (এবং আনুষঙ্গিক অন্যান্য ঋক্ অবলম্বনেও) যে সমস্ত সাম গীত হইয়াছে, তৎসমস্ত প্রপাঠকষট্কে ও দ্বাদশ প্রপাঠকার্দ্ধে বিভক্ত 'অরণ্য' বা 'আরণ্য'-গান নামে অভিহিত হইয়াছে। এই গ্রন্থখানিও ছন্দআর্চ্চিকে গীত গেয়গান হইতে সম্পূর্ণ বিভিন্ন অতএব ইহাকে দ্বিতীয় গানগ্রন্থ বলা যায়। এই গ্রন্থবিষয়ে বিশেষ জ্ঞাতব্য যে প্রথম-গানগ্রন্থখানি যেরূপ প্রথম আর্চ্চিক গ্রন্থের ঋগনুসারী, ইহা সেরূপ নহে; এই আরণ্যক গ্রন্থের ঋক্‌সন্নিবেশ-ক্রমের সহিত এতদীয় সাম-সন্নিবেশ-ক্রমের অধিকাংশ স্থলেই অনৈক্য দেখা যায় অধিকন্তু এই অরণ্যগানে অনেক সাম এরূপ আছে, যে সমস্তের মূল ঋক্ 'আরণ্যক' নামক দ্বিতীয় আর্চ্চিকগ্রন্থে নাই; ছন্দোনামক প্রথম আর্চ্চিক গ্রন্থে আছে। এই জন্যই ইহা আরব্ধক্রমে অর্থাৎ প্রথম ভাগের ন্যায় এক একটি ঋকের সহিত, সেই সেই ঋকের সামকাশন-ক্রমানুসারে একত্র গ্রন্থদ্বয় বিমিশ্রভাবে প্রকাশ

---

* সম্ভবত, ১৪৪০ সংবতের পরে সামবেদের ভাষ্য রচিত হইয়াছিল এবং মৎপঠিত পুস্তকের লিপিকাল সংবৎ ১৫৭৪ আষাঢ় কৃষ্ণ ত্রয়োদশী গুরুবার সুতরাং ১৩৪ বর্ষ ব্যবধান মাত্র।

করিতে পারিলাম না কাজেই 'অরণ্যগান' পৃথক্ ও তৎপশ্চাৎ তদীয় অঙ্গিরূপ* 'আরণ্যক'খানি পৃথক্ প্রকাশ করিতে বাধ্য হইলাম পরং সামবেদের 'আরণ্যক' বলিতে এই উভয়গ্রন্থই মিলিতভাবে এক বস্তু বলিয়া বোধিত হইয়া থাকে। ইহাই সামবেদসংহিতার দ্বিতীয় অংশ; এই জন্যই ইহাকে দ্বিতীয় ভাগ আখ্যাও প্রদান করিলাম।

ভাষ্যকার সায়ণাচার্য্য, বেদজ্ঞ পণ্ডিত ছিলেন, সত্য! কেবল বেদজ্ঞ নহেন অন্যান্য শাস্ত্রজ্ঞ ছিলেন, ইহাও সত্য! তাঁহার-কৃত বেদভাষ্যই অদ্যতনীয় আমাদের বেদার্থজ্ঞানের প্রশস্ত সোপান, ইহাও সত্য! এতাবতা তিনি যে আমাদের বহু-ধন্যবাদাস্পদ, ইহাও সত্য! পরং তৎসহ তিনি সামবেদী ছিলেন না,—তাঁহার জাতিতে কেহ সামবেদী নাই, ইহাও সত্য!† এবং তদনুযায়ী ইহাও বোধ হয় মিথ্যা নহে, যে; তিনি সামবেদখানি গুরুর নিকটে সম্প্রদায়ানুরূপ অধিগতও হ'ন নাই। কি স্বরবিষয়ে, কি অর্থবিষয়ে, সামাধীতবিদ্যের নিকটে অন্যান্য বেদ যেরূপ সহজ পাঠ্য ও বোধ্য; ঋগধীত-বিদ্যের নিকটে বা যজুরধীতবিদ্যের নিকটে অথবা অথর্ব্বা-ধীতবিদ্যের নিকটে সামের পাঠ বা বোধ তত সুগম নহে, ইহাও সত্য! এতদনুসারে সামব্যাখ্যায় তিনি যে পদে পদে স্খলিতপদ হইবেন, তাহার বৈচিত্র্য কি? এই আরণ্যকেই তাহার প্রচুর দৃষ্টান্ত পাওআ যায়।

---

* "ঋচ্যধ্যূঢ়ং সাম গীয়তে" (ছা০ ব্রা০ ৩। ৫, ৬) ইত্যাদি দেখ।

† সায়ণাচার্য্যের জীবনীতে এগুলি সপ্রমাণ প্রদর্শিত হইবে।

পাঠকগণ প্রণিধান করুন!—১ম, "ঋক্‌সংহিতা'তে যে কতিপয় ঋকের বিনিয়োগ (ঋগ্বেদীয় সূত্রানুসারে) যজ্ঞকাণ্ডে দেখা যায়, এই 'অরণ্যসংহিতা'তে সেই সেই ঋক্‌ই (সামবেদীয় সূত্রানুসারে) উপাসনাকাণ্ডে বিনিযুক্ত হইয়া থাকে*; এতাদৃশস্থলে ঋক্‌সংহিতাতে কৃত ভাষ্যই উদ্ধৃত করিয়া কৃতকৃত্যম্মন্য হওআকে আংশিক অনভিজ্ঞতাব্যঞ্জক ব্যতীত কি বলা যায়?

২য়, আরণ্যসংহিতার গানগ্রন্থে অনেক সামের মূলে মোটেই ঋক্ নাই, স্তোভসমূহই তাহাদের মূল; সামবেদীয় ঋঙ্মাত্রব্যাখ্যাতা সায়ণাচার্য্যের মনে কি সে সামগুলি ব্যাখ্যেয় বলিয়াই অনুভূত হয় নাই?

৩য়, কোন কোন সামের ত্রিংশাংশের একাংশ একটি ঋক্ দেখা যায়, তাদৃশ স্থলে সেই ঋক্‌টুকুমাত্রের ঋক্‌সংহিতোদ্ধৃত ব্যাখ্যা প্রদর্শন করিয়াই তিনি কিরূপে সামব্যাখ্যাকার্য্য সুসম্পন্ন মনে করিলেন?

৪র্থ, প্রতিসামের অন্তেই (হস্তলিখিত পুস্তকে) 'ধি' 'বা' ইত্যাদি এক একটি অক্ষর দেদীপ্যমান রহিয়াছে, তিনি এগুলির অর্থও কি বুঝিয়াছিলেন? যদি বুঝিয়াছিলেন, কেন না তাহা প্রকাশ করিলেন? না উহা বালক্রীড়িত বোধে অগ্রাহ্য করিলেন?

৫ম, আর্চ্চিকগ্রন্থে যে ঋক্‌গুলি আছে, তন্মাত্রের ব্যাখ্যা প্রকাশ করিলেই কি এই সামবেদের সমস্ত ঋকের ব্যাখ্যাই

---

* মৎপ্রকাশিত গোভিলের মহানাম্নীব্রতাদি (১৮৬ পৃ০) দেখ।

প্রদাশত হইল? গানগ্রন্থের মধ্যে যে ঋক্ আছে, তাহা কি অনাবশ্যক? যথা—এই অরণ্যগানের মধ্যেই একটী "আক্রন্দয় (৩৮ পৃ০)" ঋক্ আছে, তাহা ঋক্‌সংহিতাতেও নাই, ইহার ভাষ্য কেন করেন নাই? সামবেদ তাঁহার রীতিমত অধীত হয় নাই,—সামবেদের গানগ্রন্থেও ঋক্ থাকিবে—এরূপ অসম্ভবও সম্ভব হইবে, তাহা তাঁহার মনে স্থান পায় নাই, ইহাই কি এ ঋকের অব্যাখ্যাত থাকার কারণ নহে?

বেদার্থ বিষয়ে তিনটী মত প্রচলিত দেখা যায়।—১ম, প্রকৃতিবাদীগণ, বৈদিক সমস্ত মন্ত্রেই জল, বায়ু, অগ্নি, সূর্য্য, দিবা, রাত্রি প্রভৃতি প্রকৃতিরই স্তুতি দেখিতে পান। তাঁহাদের মতে বেদে এই প্রকৃতিপুঞ্জের গুণবর্ণনা ব্যতীত আর কিছুই নাই এবং ঐতিহাসিক ঘটনাবলি বা জ্ঞান বিজ্ঞান শিল্প যাহা কিছু প্রকাশিত হইয়াছে, তৎসমস্তও প্রাকৃতবর্ণনাদি-প্রসূত। তাঁহাদের মতে বৈদিকমন্ত্রে ঈশ্বরের কোন নাম গন্ধও নাই। ২য়, যাজ্ঞিকগণ, বৈদিক সমস্ত মন্ত্রই সাক্ষাৎ বা পরম্পরা যজ্ঞেই অন্বিত বলেন, তাঁহাদের মতে যজ্ঞই তৎসমস্তের মুখ্য উদ্দেশ্য সুতরাং ঐ সমস্ত মন্ত্রে যজ্ঞীয় বা যজ্ঞোপযোগী দ্রব্য দেবতার বর্ণনাই বুঝিতে হইবে। ইহাঁদের মতেও ঈশ্বর বিশেষ অনুসন্ধেয় নহেন; কর্ম্মই সর্ব্বপ্রধান। ৩য়, অধ্যাত্মবাদী* মুমুক্ষুগণ, ইহাঁরা সমস্তমন্ত্রেই সেই ব্রহ্মের বা আত্মার উপাসনা দেখিতে

* আধ্যাত্মবাদেরও দুই ভেদ, কোন কোন মতে চারি ভেদ আছে।

পান এবং সকল কর্য্যেরই মুখ্য উদ্দেশ্য ব্রহ্মসাধনা ও সকল স্তুতিই ব্রহ্মে প্রক্ষালিত দেখিতে ইচ্ছা করেন।

ভগবান্ নিরুক্তকার যাস্ক মহর্ষিকে স্থূলত প্রকৃতিবাদী বলিয়া বোধ হইলেও তাঁহার গ্রন্থেই যাজ্ঞিকভাব ও অধ্যাত্মভাব বা ঈশ্বরভাব নাই তাহা বলা যায় না*। সায়ণাচার্য্যকে মীমাংসাদর্শনানুসারে যাজ্ঞিকভাবেই সমস্ত ভাষ্য করিতে হইয়াছে কাজেই আধ্যাত্মিক অর্থ ত্যাগ করিতেই হইয়াছে, তথাপি কোন কোন স্থলে যে ঈশ্বরভাব প্রকাশ করিয়াছেন, তাহাতে তাঁহাকে স্খলিতপদ বিবেচনায় যাজ্ঞিকসম্প্রদায়ে দূষিতই হইতে হইয়াছে এবং ম্যাক্সমূলর প্রভৃতি বেদার্থানুসন্ধিৎসু ধীমান্‌গণ মীমাংসাদর্শনের মত বিশেষরূপে অধিগত না হইয়াই এই কর্ম্মোপাসক সম্প্রদায়ানুগত ভাষ্যানুসারে বেদার্থ বুঝিতে চেষ্টা করিয়া সম্মোহ প্রাপ্ত হইয়াছেন অধিকন্তু দশম মণ্ডলে ঈশ্বরভাবে ব্যাখ্যাত কয়েকটী মন্ত্র দেখিয়া ঐ মণ্ডলটিকেই নবরচিত পরিশিষ্ট মানিয়া লইয়াছেন, ফলে বিদেশী বিধর্ম্মী স্ব-বুদ্ধিমাত্র-সহায়ে অনুসন্ধায়ীর পক্ষে ইহা অসম্ভাব্য নহে†। বেদবিৎ অন্ধ-মাথুর-শিষ্য দয়ানন্দস্বামী, সমস্ত মন্ত্রই ঈশ্বরে পর্য্যবসন্ন দেখিতেন এবং একমাত্র স্বীয় হঠকারিতা সুদৃঢ় রাখিবার জন্যই অগ্নি, বায়ু ও ভূঃ, ভুবঃ প্রভৃতি সমস্ত শব্দেরই উদ্দেশ্যহীন ঈশ্বর অর্থ করিতেন অর্থাৎ সমস্ত পদেরই ঈশ্বর অর্থ না করিলে যে

---

* মৎসম্পাদিত নিরুক্তের ৩য় ভাগের ৩১৩ ও ৩২০ পৃঃ দেখ।

† মদীয় বৈদিকসমালোচনায় এ বিষয়ে বিশেষ দ্রষ্টব্য।

ঈশ্বরভাব না পাওআ যায়; তাহা নহে, তথাপি সমস্ত পদই ঈশ্বরার্থক বলিয়া নিজ-মত-বৈচিত্র্য প্রচার করিতেন; নিরক্ষর মাড়বাড় প্রদেশে তাঁহার শিষ্যেরও অভাব হয় নাই।

যাঁহারা "বেদ, অপৌরুষেয়" এই বাক্যে বেদকে স্বয়ম্ভু বা সাক্ষাৎ ঈশ্বরের বা ব্রহ্মার মুখ-পদ্ম-বিনিঃসৃত বাক্যাবলি বুঝিয়াছেন, তাঁহাদের মতে ইহা এক অদ্ভুত পদার্থ,—যে কেহ, যাহা ভাবিয়া দেখিবে, ইহাতে তাহাই দেখিতে পাইবে; যেরূপ ছায়াসিদ্ধ যোগীর সর্ব্বত্রই ছায়াপুরুষ দর্শন হয়, সেইরূপ প্রকৃতিবাদীরা ইহার প্রতিমন্ত্রেই প্রকৃতি,—ব্রহ্মবাদীরা প্রতিমন্ত্রেই ব্রহ্ম,—যাজ্ঞিকেরা প্রতিমন্ত্রেই যজ্ঞ দেখিতে পান এবং যাহাঁদের কোন সিদ্ধ হয় নাই, অথচ ত্রিবিধ সাধনেই চেষ্টা করিয়াছেন, তাঁহারা ইহাতে কখন বা প্রকৃতি, কখন বা ব্রহ্ম, কখন বা যজ্ঞ এবং কোথাও বা প্রকৃতি, কোথাও বা ব্রহ্ম, কোথাও বা যজ্ঞ দেখিতে পাইবেন, ইহাই সম্ভব। এতাবতা বেদের কি প্রকৃত মর্ম্ম? তাহা বেদপুরুষই জানেন; আমাদের মধ্যে যাহার যেরূপ সাধনা ও তদনুযায়ী যাহার যেরূপ ধারণা, তাঁহার চক্ষে সেই রূপই চিরবিদ্যমান, তিনি এই বেদমুকুরে তাহাই দেখিতে পান, ইহাই চরম তাঁহাদের সিদ্ধান্ত।

—অনেকে 'অপৌরুষেয়' শব্দের অর্থ অন্যরূপ বুঝিয়া থাকেন, তাঁহারা বলেন,—ইহা কোন একজনা নির্দ্দিষ্ট ব্যক্তির রচিত নহে প্রত্যুত ইহা ক্রমে বহুকালে, বহুদেশে বহুজন কর্ত্তৃক, বহুভাবে, বহুপ্রয়োজনানুসারে, বহুবিদ্যার মূলরূপে

রচিত হইয়াছে। পরে এক একজনা ঋষি কর্ত্তৃক কতকগুলি কতকগুলি যথালব্ধ মন্ত্রপুষ্প সংগৃহীত হইয়া একটী বা ততোধিক গুচ্ছ রচিত হইয়াছে, তাহাই সূক্তাদি নামে তাঁহাদের দৃষ্ট বা প্রকাশিত বলিয়া পরিচিত হইয়াথাকে। অনন্তর সোমসাধ্য ক্রতু-অনুসারে যথাক্রমে সজ্জিত হইয়া 'সংহিতা' নাম ধারণ করিয়াছে। এই সংহিতাই গদ্য, পদ্য, গী... সোমসাধ্যক্রতুতে অব্যবহার্য্য এই চতুর্ব্বিধ হওআয় যজু, ঋক্, সাম ও অথর্ব্ব নাম প্রাপ্ত হইয়াছে। প্রত্যেক সংহিতাই পাঠাদি সৌকর্য্যের নিমিত্ত মণ্ডলাদি বহুতর পরিচ্ছেদে বিভক্ত অথচ সকল শাখাতেই একপ্রকার পরিচ্ছেদ নিয়ম নহে অর্থাৎ সকল ঋক্‌সংহিতারই ঋক্‌সংখ্যা প্রায় একরূপ হইলেও সকল ঋক্‌সংহিতাই দশমণ্ডল বা অষ্টাষ্টক নহে। এতাবতা কোন এক সংহিতাকে বা কোন এক মণ্ডলকে প্রাচীন বা অর্ব্বাচীন স্থির করাত দূরের কথা, কোন একটি মন্ত্রেরই পৌর্ব্বাপর্য্য-নির্ণয়ে প্রবৃত্ত হওআ বৈদিকগ্রন্থ নিচয়ের গ্রথন সম্বন্ধে নিতান্ত অনভিজ্ঞতা প্রকাশক ইহা বলাই বাহুল্য এবং বিবিধ মস্তিষ্ক-প্রসূত বিবিধমন্ত্রের একই উদ্দেশ্য সমন্বিত দেখিতে চেষ্টা করাও বিড়ম্বনা মাত্র সুতরাং যাঁহারা বৈদিক সকল মন্ত্রকেই যজ্ঞপক্ষে ঘটাইতে ইচ্ছা করেন বা সকল মন্ত্রকেই আত্মপক্ষে বা ঈশ্বরপক্ষে ব্যাখ্যা করেন অথবা সকলগুলিকেই প্রকৃতির স্তাবক বলিয়া বুঝাইতে চেষ্টা পান, তাঁহারা সকলেই যে সম্পূর্ণ কৃতকার্য্যতা লাভে অক্ষম হইবেন, তাহাতে সন্দেহ কি?

বস্তুত বেদের প্রকৃত ভাষ্য বা অনুবাদ করিতে হইলে মতবিশেষের পক্ষপাতিতা ত্যাগ করিয়া প্রতি মন্ত্রের শব্দ-গুলির যাস্কানুমোদিত অর্থমাত্রের প্রতি নির্ভর করিয়া কার্য্য করিতে হয়; তাহা হইলে নানা বর্ণের নানাবিধ কুসুম পুনশ্চ সদ্যঃ-প্রস্ফুটিতপ্রায় হইয়া বিবিধ সৌরভে দিগঙ্গনা নিচয়কে আমোদিত করিয়া তুলে। আমিও সেই ভাবেই কার্য্য করিতে প্রবৃত্ত হইয়া ছিলাম, সামবেদের ভাষ্যকার সায়ণাচার্য্যের অক্ষরানুবাদ করিতে সঙ্কল্প করি নাই প্রত্যুত সায়ণাচার্য্য যাঁহার ভাষ্য করিয়াছেন, সেই মূলেরই অনুবাদ করিব বলিয়া সঙ্কল্প করিয়াছিলাম পরং নিতান্ত অনুতাপের বিষয় যে তাদৃশ ভাবে কার্য্যে সহায়ক কোন ভাষ্যাদি না পাইয়া এবং গ্রন্থবাহুল্য ভয়ে ভীত হইয়া বিশেষত তাদৃশ পরিশ্রমেও গ্রাহক—পাঠকগণের সর্ব্বত উৎসাহহীনতা দেখিয়া আরব্ধ কার্য্যপ্রণালি অচিরে পরিত্যাগ করত ছন্দোগ্রন্থের যথাযথ মোটামুটী এক প্রকার অনুবাদ পরি-সমাপ্ত করিয়াছি; এ অনুবাদ সায়ণকৃত ভাষ্যের অনুবাদ নহে পরং সর্ব্বাংশে সায়ণবিরুদ্ধও নহে এবং যাজ্ঞিকগণে-রই মতানুমোদিত নহে অথচ সর্ব্বাংশে যাজ্ঞিকগণের মত-বিরুদ্ধও নহে; ইহাতে যে সকল শব্দের যে সকল অর্থ গৃহীত হইয়াছে, তাহা সমস্তই যাস্কানুমোদিত বা সায়ণ-ব্যব-হৃত; স্বকপোলকল্পিত অর্থ প্রায়ই ব্যবহৃত হয় নাই পরং যোজনাদি সম্বন্ধে সর্ব্বত্র এ নিয়ম রক্ষা করা কর্ত্তব্য বিবে-চনা করি নাই।

যেমন ষমস্ত বেদেই এক খানি বা ততোধিক 'উপনিষৎ' আছে, তেমনি সকল বেদেই এক এক খানি 'আরণ্যক'ও আছে। কোন আরণ্যক, কোন বেদের ব্রাহ্মণের অন্তর্গত; কোন আরণ্যক, কোন বেদের সংহিতার অন্তর্গত সামবেদের আরণ্যক, সংহিতা ভাগের অন্তর্গত। পূর্ব্বে বলা হইয়াছে যে আরণ্যক-আর্চ্চিক ও তদদলম্বনে গীত অরণ্য-গানই সামবেদের আরণ্যক। সামবেদী ব্রাহ্মণগণ ছন্দোময় মন্ত্রগুলি গান করেন বলিয়া তাঁহাদিগকে 'ছন্দোগ' কহে এবং সেই জন্যই তাঁহাদের ব্যবহার্য্য এই 'আরণ্যক' গ্রন্থখানিকে 'ছন্দোগারণ্যক'ও বলা যায়। ইহা ব্রহ্মচর্য্যাবস্থায় অরণ্যে বাস পূর্ব্বক সাধিত হয় বলিয়াই 'আরণ্যক' নামের উৎপত্তি অতএব ইহা যে কিঞ্চিৎ আধ্যাত্মিক ভাব-প্রসূ হইবে অবশ্য সম্ভবপর? পরং বোধ হয় শ্রমকাতরতা নিবন্ধনই ভাষ্যকার এস্থলেও ঋকৃসংহিতোদ্ধৃত সোমযাগীয়—হোতৃকাণ্ডানুযায়ী ভাষ্যই প্রদর্শন করত কার্য্য নির্ব্বাহ করিয়াছেন। আমি তথাকরণে ব্যথিত-হৃদয় হইয়া এগ্রন্থে অধিকাংশস্থলে সা০ ভা০ অঁ০ অর্থাৎ সায়ণাচার্য্যকৃত ভাষ্যানুযায়ী অনুবাদ ব্যতীত অপর এক একটী বা০ টী০ অর্থাৎ বাঙ্গালা টীকাও দিয়াছি। এই বাঙ্গালা টীকায় আমি নিজ অযথা পাণ্ডিত্য প্রকাশে প্রয়াস পাই নাই এবং যাস্কের অননুমোদিত কোন অর্থ করিয়াছি বলিয়াও জানিনা।

প্রসঙ্গ ক্রমে ইহা স্মরণ করাইয়া দেওআও অসঙ্গত নহে যে একটি মন্ত্রই নানা কার্য্যে বিনিযুক্ত হইয়া নানা ভাবে

ব্যাখ্যাত হওত নানা অর্থ প্রসব করে, ইহার দৃষ্টান্ত স্বরূপে শ্মশ্বতী পার বৃত্তান্ত ঘটিত ঋকৃটি সামবেদের আদি ভূমিকায় "অনুবাদকের চিন্তা" শীর্ষক প্রবন্ধে পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে অতএব যে যে মন্ত্র ঋক্সংহিতার সোমযাগের হোতৃগণের উপযোগী হইবে, সেই সমস্তই সামবেদের আরণ্যকে বিনিয়োগ—বচনানুরোধে ব্যাখ্যান্তর সহায়ে আধ্যাত্মিক বা পারমার্থিক অর্থের বোধকও হইবে, ইহা বৈদিকমতে অসম্ভব বা দূষণীয় নহে।

এই অরণ্যগানের অব্যবহিত পরেই যথাক্রমে মহানাম্নী সাম, তবশ্যাবীয়ং সাম ও ভারণ্ডসাম মুদ্রিত হইয়াছে। এ সামত্রয়ই কোন গানগ্রন্থের অন্তর্গত নহে, ইহারা প্রত্যেকেই বিভিন্ন পরং মহানাম্নী সামটি সকল পুস্তকেই অরণ্য গানের শেষেই থাকে অতএব অরণ্যগানের অব্যবহিত উত্তরই তাহার প্রকৃত নিবাস; অপর দুইটীর কোন নির্দ্দিষ্ট স্থান না থাকায় অথচ সামবেদের সংহিতা ভাগেই কোন একটী স্থান দেওআ কর্ত্তব্য বিবেচনায়, ঐ দুইটী সামও মহানাম্নী পরে পরেই প্রকাশিত হইল।

এই সামত্রয়ের মধ্যে দ্বিতীয় ও তৃতীয়টীর আশ্রয় [illegible] গ্রন্থ নাই পরং মহানাম্নীসামের মূল "মহানা[illegible]" নামে এক খানি ক্ষুদ্র গ্রন্থ আছে। এই ক্ষুদ্র আর্চ্চিক খানি (হস্তলিখিত সমস্ত পুস্তকে) আরণ্যকার্চ্চিকের সঙ্গেই শেষভাগে অথচ আরণ্যক হইতে পৃথক্ দেখা

যায়, এস্থলেও সেই প্রণালীই অবলম্বিত হইয়াছে। বিশেষত তৎসহ তৎপদপাঠ গ্রন্থখানিও প্রকাশিত করিয়াছি।

মহানাম্নী বিষয়ে কিঞ্চিৎ বিশেষ জ্ঞাতব্য আছে,—মহানাম্নী সামের মূলে শক্করী ছন্দের তিনটি ঋক্ আছে, এই জন্য ইহাকে "শাক্করসাম"ও কহে। অষ্টাক্ষর পাদের সপ্তপাদে একটি শাক্করছন্দ হইয়া থাকে পরং মহানাম্নীসামের মধ্যে এই সপ্তপাদ যথাক্রমে দেখা যায় না প্রত্যুত মধ্যে মধ্যে অপরাপর পদাবলিও আছে, এই অতিরিক্ত পদাবলিগুলিকে সামগগণ উপসর্গ কহেন। এই সাম, যেহেতু তৃচ-মূলক অতএব ইহাকে অংশত্রয়-বিশিষ্ট বলিয়া বৈদিকগণ স্বীকার করেন। প্রথম ভাগে,—২ উপসর্গ, ৩ শাক্কর পাদ, ২ উপসর্গ, ১ শাক্করপাদ, ১ উপসর্গ, ৩ শাক্কর পাদ, পরে ১ উপসর্গ দেখাযায়। দ্বিতীয় ভাগেও অবিকল এই রূপ। তৃতীয় ভাগে, শেষে আর একটি উপসর্গ অধিক আছে। এই ভাগত্রয় গীত হইলে পরে এতৎসহ আরও পাঁচটি পদাবলি গীত হইয়াথাকে, সেই গুলিকে 'পুরীষ পদ' কহে। এতাবতা মহানাম্নী সামটিকে বস্তুত চতুরংশ বলাই ন্যায় সঙ্গত।

উল্লিখিত প্রকারে, মহানাম্নী সামে,—সাকল্যে, উপসর্গ ১৬ টি, শাক্কর পাদ ২১ টি ও পুরীষ পদ ৫টি আছে; এই-গুলি যেরূপ বিমিশ্রভাবে ও যে ক্রমে গীত হইয়া থাকে, তাহাই এই আর্চ্চিক পাঠে দ্রষ্টব্য এবং বঙ্গানুবাদও সেই ক্রমেই করা হইয়াছে অধিকন্তু পাঠকগণের বোধ-সৌকর্য্যের

জন্য উপসর্গের (উ), শাক্করপাদের (পা) এবং পুরীষপদের (পু) চিহ্নও যথাস্থানে ব্যবহৃত করিয়াছি।

ইহা ব্যতীত গীত্যুপকরণ স্তোভাদিও যথাস্থানে আছেই, পরং তৎসমস্ত আর্চ্চিক গ্রন্থে অধ্যয়নীয় নহে প্রত্যুত সামবেদে স্তোভের গ্রন্থই স্বতন্ত্র আছে। এই স্তোভ গ্রন্থ-খানিও যথাযথ মূলমাত্র পরিশেষে ইহার সহিত যোগ করিয়া প্রকাশ করিলাম।

পূর্ব্বমীমাংসায় অধিকরণমালার নবমাধ্যায় দ্বিতীয় পাদে একাদশাধিকরণে "সামের আশ্রয় ঋক্ হইতে অতিরিক্ত অথচ গীতিসাধন শব্দরাশিকে স্তোভ বলা যায়" নির্ণীত হইয়াছে। ঐ স্তোভ ত্রিবিধ। বর্ণস্তোভ, পদস্তোভ ও বাক্যস্তোভ।

মীমাংসাদর্শনের নবমাধ্যায় দ্বিতীয়পাদে "অর্থৈকত্বাদ্ বিকল্পঃ স্যাৎ (২৭)"—এই সূত্রের ব্যাখ্যাকালে ভগবান্ শবর স্বামী বলিয়াছেন;—"আভ্যন্তর প্রযত্ন জন্য ক্রিয়া-বিশেষকে গীতি বলা যায়। * * *। কেবল স্বরই এই গীতির সম্পাদক নহে প্রত্যুত কোন স্থানে অক্ষরবিকার, কোথাও বা বিশ্লেষ, কোথাও বিকর্ষণ, স্থানবিশেষে অভ্যাস, নিয়মানুসারে বিরাম এবং স্তোভযোগ প্রভৃতিও আছে"। এই বিষয়ে ন্যায়বিস্তরকার বহুবিধ বিচার করিয়াছেন এবং প্রসঙ্গত স্তোভের লক্ষণও বলিয়াছেন। যথা,—"ঋকের বর্ণ বিকৃত হইয়া রূপান্তরিত না হইয়াও বৃদ্ধি প্রাপ্ত বর্ণগুলিকে স্তোভ কহে"। ইহাই বর্ণস্তোভের লক্ষণ। পদস্তোভ,

অনিরুক্ত ও নিরুক্তভেদে দ্বিবিধ। ছান্দোগ্য ব্রাহ্মণের তৃতীয় প্রপাঠকের ত্রয়োদশ খণ্ডে উভয়ই শ্রুত হইয়াছে যথা,—"অয়ং বাবলোকো হাউকারো বায়ুর্হাইকারশ্চন্দ্রমা অথকার আত্মেহকারোঽগ্নিরীকার আদিত্য উকারো নিহব একারো বিশ্বেদেবা ঔহোয়িকারঃ প্রজাপতির্হিঙ্কার প্রাণঃ স্বরোঽন্নং যা বাগ্ বিরাড়নিরুক্তস্ত্রয়োদশ স্তোভঃ"—এই ত্রয়োদশ পদস্তোভকে অনিরুক্ত কহে; সেই স্থলেই তদব্যবহিতেই নিরুক্তপদস্তোভও "সঞ্চরো হুপ্কাবঃ" দ্বিবিধ শ্রুত হইয়াছে। এতাবতা পদস্তোভ সাকল্যে পঞ্চদশ প্রকার। বাক্যস্তোভ "আশাস্তিঃ স্তুতিসংখ্যানে প্রলয়ঃ পরিদেবনম্। প্রৈষ মন্বেষণঞ্চৈব সৃষ্টিরাখ্যান মেব চ ॥"—এই শ্লোকোক্ত নববিধ। এই চতুর্বিংশতি প্রকার স্তোভই এই স্তোভগ্রন্থে আছে*।

উপসংহারে বক্তব্য,—এই আরণ্যক ও মহানাম্নী উপাসনা কাণ্ডের মধ্যে গণনীয়, ইহা উপাসকগণের পক্ষে অতি উপাদেয়। এ সমস্তের প্রকৃত ভাষ্য অতি দুর্ল্লভ সুতরাং প্রকৃত অনুবাদও মাদৃশ অল্পজ্ঞান ব্যক্তির দ্বারা সম্পন্ন হওআ নিতান্ত অসম্ভব অতএব ইহার শ্রদ্ধা-সহকৃত সমালোচনেও যে কোন স্থলে যে কোন দোষ প্রকাশ পাইবে, তাহার জন্য নিশ্চয় আমিই তিরস্কারভাজন! আমার কৃত অপরাধে বৈদিক উপসনায় কাহারও ঘৃণা না জন্মে, ইহাই আমার একমাত্র প্রার্থনা! শ্রদ্ধাবান্ বিজ্ঞ ব্যক্তিরা এতাদৃশ গ্রন্থের যতই

* আমার দৈবত ব্রাহ্মণের ৭ম পৃষ্ঠার টিপ্পনী দেখ।

সমালোচনা করিবেন, ততই সুখী হইবেন, অনুবাদের দোষও তাঁহাদের প্রকৃতবোধের ক্ষতিকর হইবে না, ইহাই প্রধান ভরসা ॥

কলিকাতা। শক ১৮০৭। } শ্রীসত্যব্রত শর্ম্মা।

অনুবাদকের পরিচয়।

দৃষ্ট্বা য়ৎসত্যনিষ্ঠাং প্রমুদিতগুরুণাঽখ্যায়ি সত্যব্রতোঽয়ম্,
বুন্দীশানশ্চ তুষ্টঃ সদসি পরিচয়া দাহ সামশ্রমীতি।
বঙ্গে য়স্মৈ স্বয়চ্ছৎ ভুবনবিজয়িনী মুদ্রিতং গ্রন্থ মেকম্,
য়ৎপৌর্ব্বৈরাবসথ্যোঽগ্নিরপি সমিধিতো বঙ্গদেশেঽপি নিত্যম্ ॥
আ দৈক্ষাদ্ ব্রহ্মচর্য্যাদ্ গুরুভবনকৃতাদ্ যেন বিত্তা হি বেদাঃ,
আ কেদারাচ্চ পদ্ভ্যাং ভ্রমিত মপি জিতা লিঙ্গিনো ব্রহ্মকুণ্ডে।
হারিশ্চন্দ্রীয়পক্ষে জয়পুরসমিতৌ য়েন লব্ধাঃ প্রতিষ্ঠাঃ,
মাধ্যস্থং য়েন কাশ্যাং কৃতমধিপমতং শ্রীদয়ানন্দবাদে ॥
বঙ্গে ছন্দশ্চ গেয়ং য়জুরপি তনিতং সানুবাদং সটীকম্,
ষড়্বিংশং দৈব-মন্ত্রে বিধিক মুপনিষদ্ বংশ মার্ষেয়কঞ্চ।
নৈরুক্তং সামসূচী নিগমকসহিতং কাশিতং য়েন সম্যক্,
ছন্দোগারণ্যকোঽয়ং মুনিখরসুকমে কাশ্যতেঽনূদ্য তেন ॥

—ইতি তৎপাদান্তেবাসিনাম্

গ্রন্থপরিচয়।

ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই চারিবেদ। তন্মধ্যে অথর্ব্ব ব্যতীত বেদত্রয় মিলিতভাবেই সমস্ত যজ্ঞে ব্যবহৃত হইয়া থাকে; অথর্ব্ব বেদের ব্যবহার স্বতন্ত্ররূপেই দেখা যায়। প্রতিবেদই বহুতর শাখায় বিভক্ত। অধ্যাপকভেদে ও দেশভেদে কালক্রমে গ্রন্থসমস্তের ক্রমভেদ, পাঠভেদ ও উচ্চারণাদিভেদই তাদৃশ শাখাভেদের একমাত্র নিদান। বস্তুত সকল শাখাতেই এক মন্ত্র পরং মন্ত্র-সংখ্যার কিঞ্চিৎ ন্যূনাতিরেকও থাকে। প্রত্যেক শাখার শ্রৌত ও গৃহ্যসূত্র এবং প্রাতিশাখ্য বিভিন্ন। শ্রৌতসূত্রগুলিতে শ্রুতিবিহিত সোমযাগাদির ব্যবহারপদ্ধতি পাওআ যায় এবং গৃহ্যসূত্র-গুলিতে গৃহীর অবশ্য অনুষ্ঠেয় গর্ভাধানাদির পদ্ধতি উপদিষ্ট হইয়াছে। প্রাতিশাখ্যে কোন একটি শাখার উচ্চারণাদি ব্যাকরণ নিয়ম অবগত হওআ যায়। ব্রাহ্মণগ্রন্থও সমস্ত শাখার প্রায়ই অভিন্ন, কোন কোন শাখায় বিভিন্নতাও দৃষ্ট হয়।

সংহিতাভাগ সকল শাখারই একরূপ অতএব কোন একটি শাখার ব্যাখ্যা বা অনুবাদ করিলেই কৃতকার্য্য হওআ যায়। পরং যজুর্ব্বেদশাখার কতিপয় সংহিতা এতদূর বিভিন্ন যে তাহাদের একরূপ কতকগুলিকে শুক্ল ও অন্যরূপ কতকগুলিকে কৃষ্ণ বলিতে বাধ্য হইতে হয় এবং শুক্ল যজু-র্ব্বেদ হইতে কৃষ্ণ যজুর্ব্বেদের ক্রম এত বিপর্য্যস্ত যে বৈদিকসমাজে উহা বাস্ত বলিয়া পরিচিত।

সামবেদের শাখার সংখ্যা, সহস্র বলিয়া প্রসিদ্ধ হইলেও প্রকৃতপক্ষে ত্রয়োদশটি মাত্র; আচার্য্যগণ বলেন "সহস্রং গীত্যুপায়াঃ" সামবেদের গীতিপ্রণালী বহুবিধ বলিয়াই সামবেদকে বহুশাখ বলা যায়। সহস্র শব্দ বহুবাচী। বস্তুত ত্রয়োদশটী মাত্র শাখাই বৈদিকসমাজে স্বীকার্য্য এবং উপাকরণ যাগে সেই ত্রয়োদশটীরই নামোল্লেখ হইয়া থাকে। উক্ত ত্রয়োদশ শাখার মধ্যে দুইটি শাখামাত্রের অধ্যায়নাধ্যাপন কিছু কিছু অদ্যাপি বিদ্যমান আছে। কাশী, কান্যকুব্জ, গুর্জ্জর, নাগর ও বঙ্গে 'কৌথুমী' এবং দ্রাবিড়ে 'রাণায়ণী' চলিত। সর্ববেদভাষ্যকার ভগবান্ সায়ণাচার্য্য, কৌথুমীশাখার গ্রন্থাবলম্বনেই সামবেদের ভাষ্য করিয়াছেন এবং সেই ভাষ্যই এক্ষণে সর্ব্বত্র সমাদৃত, তাহাই আমার অধীত এবং এ, সো, প্রার্থনায় তাহাই মৎকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে এবং বঙ্গাক্ষরে পুনশ্চ এই প্রকাশিত হইতেছে।

সামবেদ কৌথুমীশাখার সংহিতাগ্রন্থ ভাগদ্বয়ে বিভক্ত; যে ভাগে সামগুলি, তাহাকে গানগ্রন্থ ও যে ভাগে সেই সেই সামসমস্তের আশ্রয় ঋক্‌গুলি, তাহাকে আর্চ্চিকগ্রন্থ কহে।

আর্চ্চিকগ্রন্থ তিন;—ছন্দঃ, আরণ্যক ও উত্তরা। ছন্দ আর্চ্চিকে যতগুলি ঋক্ আছে, তাহাদের প্রায়ঃপ্রত্যেকেরই সমভাবাপন্ন আরও দুইটি ঋক্ তৎসহ উত্তরার্চ্চিকে শ্রুত হইয়া থাকে। উত্তরার্চ্চিকে এক ছন্দের, এক স্বরের ও এক তাৎপর্য্যের তিন তিনটি ঋকের এক এক সূক্ত, এক এক 'তৃচ' নামে অভিহিত হইয়া থাকে এবং ঐরূপ সমভাবাপন্ন দুই

দুইটি ঋকের এক এক সূক্ত এক এক 'প্রগাথ' নামে প্রসিদ্ধ। তন্মধ্যে কি তৃচ কি প্রগাথ, প্রত্যেক সূক্তেরই প্রথম ঋক্‌টি ছন্দআর্চ্চিক হইতে উদ্ধৃত বলিলেও বলা যায়; ঐ ছন্দ আর্চ্চিকের একটি ঋক্‌ ও সর্ব্বথা তদনুরূপ আরও দুইটি ঋক্‌ মিলাইয়া একটি তৃচ্‌ এবং ছন্দআর্চ্চিকের একটি ঋক্‌ ও সর্ব্বথা তদনুরূপ আরও একটি ঋক্‌ মিলাইয়া একটি প্রগাথ দেখা যায়, এই জন্যই ঐ তৃচ্‌ বা প্রগাথ সংজ্ঞক সূক্তগুলির প্রথম ঋক্‌গুলিকে যোনিঋক্‌ কহে এবং এই যোনিঋক্‌সমস্তের পেটিকা স্বরূপ আর্চ্চিককে যোনিগ্রন্থও কহা যায়। যোনি ঋকের উত্তরেই তৎসমতুল্য ঋগ্‌দ্বয় বা আর একটি ঋক্‌ যে গ্রন্থে দেখা যায়, তাহাকেই উত্তরা কহে এবং অরণ্যে অধ্যেয় একাধ্যায় মাত্র গ্রন্থকে আরণ্যক কহে। সকল বেদেই এক একখানি 'আরণ্যক' আছে। এতাবতা 'যোনি', 'উত্তরা' ও 'আরণ্যক' এই গ্রন্থত্রয়েরই সাধারণ নাম আর্চ্চিক অর্থাৎ ঋক্‌সমূহ। এই আর্চ্চিকগ্রন্থত্রয় যেহেতু ঋগ্‌রূপ,—ছন্দো ব্যতীত ঋক্‌ সংজ্ঞা হয় না সুতরাং ছন্দোবদ্ধ ইহা অবশ্য স্বীকার্য্য এবং তদনুসারে এ তিনখানিকেই 'ছন্দঃ' ও বলা যায় পরং প্রথমখানিই 'ছন্দঃ' নামে ব্যবহৃত হইয়া থাকে; অপর দুইখানির 'আরণ্যক' ও 'উত্তরা' এই বিশেষ নাম থাকাই তাহার নিদান। যদপি প্রথমখানিরও 'যোনি' একটি বিশেষ নাম আছে পরং উহা ব্রাহ্মণগ্রন্থের মধ্যেই সীমাবদ্ধ; বৈদিকসমাজে তাদৃশ ব্যবহৃত নহে। বস্তুতঃ ভাগত্রয়বিশিষ্ট সমস্ত আর্চ্চিকই 'ছন্দঃ' শব্দে বুঝাইয়া থাকে এবং এই ছন্দোগ্রন্থসমস্ত অবলম্বনে যে সমস্ত সাম আছে,

তাহা গান করেন বলিয়াই সামবেদীরা 'ছন্দোগ' নামে অভিহিত হইয়া থাকেন, এই ছন্দোগগণের ব্যবহার্য্য ৮ খানি ব্রাহ্মণকেই 'ছান্দোগ্য' এবং আরণ্যককে ছন্দোগারণ্যক কহা যায়। পুরুষ সূক্তের মধ্যে যে 'ছন্দাংসি' পদের উল্লেখ আছে, তাহাও ইহাই। পাশ্চাত্য বেদতত্ত্বান্বেষিগণ অনধীত-বেদ বলিয়াই সেস্থলে ঐ ছন্দ: শব্দের আন্দোলনে অনেক হাঁসাইয়াছেন।

এই ছন্দোগ্রন্থত্রয় অবলম্বনে যে সমস্ত সাম গীত হইয়াছে, তাহার সংখ্যা চারি। প্রথম 'গেয়' দ্বিতীয় 'অরণ্য, তৃতীয় 'ঊহ' ও চতুর্থ 'ঊহ্য। যদিও সমস্ত গানগ্রন্থই গেয়, পরং ২য়, ৩য়, ও ৪র্থ খানির অরণ্য প্রভৃতি বিশেষ নাম থাকায় ঐগুলি গেয় এই সাধারণ নামে ব্যবহৃত হয় না; প্রথম গানখানিই গেয় নামে ব্যবহৃত হইয়া থাকে। পূর্ব্বেই বলা হইয়াছে যে প্রথমআর্চ্চিক অর্থাৎ ছন্দোনামে ব্যবহৃত আর্চ্চিকখানিতে যতগুলি ঋক্ আছে, তৎসমস্তই তৃতীয়ার্চ্চিকে অর্থাৎ উত্তরার্চ্চিকে শ্রূয়মাণ দ্বিতীয় তৃতীয় ঋক্‌সমস্তের যোনি; গেয়গানগ্রন্থে যথাক্রমে সেই যোনি-ঋক্‌গুলি গীত হইয়াছে অতএব ব্রাহ্মণগ্রন্থে ইহা যোনিগান বলিয়াও উল্লিখিত দেখা যায়। সায়ণাচার্য্য, ইহাকে 'বেদসাম' বলিয়াও ব্যবহার করিয়াছেন। গুজ্জরবাসীরা ইহাকে বৈ গানও বলিয়া থাকেন। গুজ্জরগণ, সমস্ত সামবেদ অধ্যয়ন করিতে সক্ষম না হইলেও ব্রহ্মযজ্ঞ মাত্র অধ্যয়নে একান্ত যত্নবান্; ঐ ব্রহ্মযজ্ঞ মন্ত্রগুলি অরণ্যগানে আছে অতএব তাঁহারা প্রায়ই প্রথমে অরণ্যগান অধ্যয়ন করেন, পরে সক্ষম হইলে গেয়গানা-

ধ্যয়নেও প্রবৃত্ত হ'ন এবং ভাগ্যক্রমে কেহ কেহ বা সম্পূর্ণ শাখাই অধ্যয়ন করিয়া থাকেন। এস্থলে বিবেচনীয় যে গুজ্জরগণের পক্ষে গেয়গান সুতরাং দ্বিতীয়, এই জন্যই তাঁহারা ইহাকে 'বেগান'ও কহেন; 'বে' শব্দটী তাঁহাদের ভাষায় দ্বি-বাচক, বেগান অর্থাৎ দ্বিতীয়গান। গেয়গানের অপভ্রংশ 'গেগান'ও অনেক পুস্তকের অন্তে লিখিত থাকে।

এই চারিখানি গানগ্রন্থের মধ্যে প্রথমখানিমাত্র আর্চ্চিক পঠিত ঋক্-গ্রথনানুসারে গ্রথিত অর্থাৎ ছন্দআর্চ্চিকে যে ঋক্‌টির পরে যে ঋক্‌টি আছে, গেয়গানেও সেই ঋঙ্‌মূল গানের পরেই সেই ঋঙ্‌মূলক গান আছে। ছন্দআর্চ্চিকের সহিত গেয়গানের সম্বন্ধ যেরূপ যথাক্রমে বিদ্যমান, আরণ্যকের সহিত অরণ্যগানের বা উত্তরার্চ্চিকের সহিত ঊহ ও ঊহ্যগানের তাদৃশ ক্রমানুসারে সম্বন্ধ নহে; অধিকন্তু অরণ্যগানে এরূপ বহুতর গান দেখা যায় যাহার মূল ঋক্ আরণ্যকে নাই; ছন্দআর্চ্চিকেই আছে এবং এমনও অনেক গান আছে, যাহার মূল ঋক্ নহেই; তাহার মূল স্তোভ গ্রন্থে পাওয়া যায়। ঊহগানে ও ঊহ্যগানে যে সমস্ত গান আছে তৎসমস্তের মূল-স্থিতি, যদিও অরণ্যগানের ন্যায় বিকীর্ণ নহে; প্রত্যুত এক উত্তরার্চ্চিকেই সীমাবদ্ধ, তথাপি উত্তরার্চ্চিকের ঋক্-সন্নিবেশ ক্রমানুসারে ঐ ঐ গানের সাম-সন্নিবেশ-ক্রম নহে; প্রত্যুত সর্ব্বথা বিপর্য্যস্ত। গেয়গানের ন্যায় তিন তিনটি সাম একত্র করিয়া সর্ব্বশেষে একমাত্র নিধনের যোগে এক একটি স্তোত্র সম্পন্ন হইয়া থাকে; ঊহগানে তাদৃশ স্তোত্রই প্রায় সমস্ত। পূর্ব্বেই বলা হইয়াছে

যে উত্তরার্চ্চিকে প্রত্যেক সূক্তেরই প্রথম ঋক্‌টি ছন্দআর্চ্চিক হইতে উদ্ধৃতপ্রায়; সেইরূপ ঊহ ও ঊহ্যগানেরও প্রত্যেক স্তোত্রের প্রথম সামটী গেয়গান হইতে উদ্ধৃতও ল[illegible] যায়। এই জন্যই তাণ্ড্যব্রাহ্মণে বিহিত হইয়াছে—"যদ্ যোন্যাং তদুত্তরয়োর্গায়তি" অর্থাৎ উত্তরার্চ্চিকের তৃচ্ সূক্তের প্রথমা ঋক্ পূর্ব্ব-পরিচিত সুতরাং যোনি এবং অপর দুইটির সহিত নূতন সাক্ষাৎ সুতরাং উত্তরা; এই যোনিঋক্ অবলম্বনে গেয়গানে যে স্বরটী গীত আছে, ঊহ-ঊহ্যগানে ঋগ্‌দ্বয়েও সেই স্বরটীই গান করিতে হইবে অতএব এ গানদ্বয়ের প্রায় প্রত্যেক স্তোত্রেরই প্রথম সাম পূর্ব্বপরিচিত।

সামবেদীদের সামই সর্ব্বস্ব, সাম লইয়াই সামবেদ, কেবল অর্থান্বেষণকালেই ঋক্ আবশ্যক হইয়া থাকে, সেই জন্যই সামবেদের মধ্যেও ঋক্‌গ্রন্থের অস্তিত্ব। এ সাম প্রকাশ না করিলে দেশে সামবেদের পুস্তক হইল কখনই স্বীকার্য্য নহে। অতএব সামগ্রন্থের প্রকাশকার্য্যে কোন কোন গ্রাহকের বিরক্তি সম্ভাবনা থাকিলেও সামবেদ প্রকাশকের তাহা উপেক্ষণীয়।

এই বিবেচনাতেই আর্চ্চিক ও গান উভয়গ্রন্থেরই যুগপৎ প্রকাশ আরম্ভ করিয়াছি। ছন্দআর্চ্চিক ও গেয়গানের ক্রম যথাযথ একরূপ বলিয়া প্রতিঋকের সহিত গানগুলি যথাক্রমে প্রকাশ করিতে পারিয়াছি, তাহাতে ঐ উভয়গ্রন্থের কোন খানিরই ক্রমভঙ্গ হয় নাই কিন্তু আরণ্যক ও অরণ্যগানের তাদৃশ ক্রমসাম্য না থাকায় এবং গ্রন্থের ক্রমভঙ্গ করিয়া আরণ্যকক্রমানুযায়ী অরণ্যগানের প্রকাশে বা অরণ্যগান-

ক্রমানুযায়ী আরণ্যকের প্রকাশে গ্রন্থবিকৃত এবং নূতনগ্রন্থ গঠিত হয় বিবেচনায় তাহা করিতে সঙ্কুচিত হওআয় উভয় গ্রন্থই পৃথক্ পৃথক্ প্রকাশ করিয়াছি পরং তাহাতেও সামের প্রাধান্য হেতুক প্রথমে অরণ্যগান ও তৎপরে আরণ্যক প্রকাশ করিয়াছি এবং পত্রাঙ্ক ব্যবহারের পার্থক্য না করায় উভয়গ্রন্থের একতাও রক্ষিত হইয়াছে। ঊহ ও ঊহ্য গানও গেয়গানের ন্যায় আর্চ্চিকক্রমানুসারে প্রতিঋকের সহিত প্রকাশযোগ্য নহে, কাজেই উত্তরার্চ্চিক স্বতন্ত্র এবং ঊহ ও ঊহ্য গানদ্বয় স্বতন্ত্র স্বতন্ত্রই প্রকাশ করিতে হইতেছে কিন্তু এতৎপ্রকাশে আরণ্যকে অবলম্বিত প্রণালিও ব্যবহার করিতে পারিলাম না; ঊহ ও ঊহ্য গানের বৈশদ্যই তাহার হেতু। ঊহগান ও ঊহ্যগান উভয়ে মিলিত হইয়া গেয় ও অরণ্য হইতে প্রায় দ্বিগুণ অতএব এই বৃহৎ গ্রন্থ প্রকাশিত করণানন্তর উত্তরার্চ্চিকের প্রকাশারম্ভ করিতে হইলে গ্রাহকগণের ধৈর্য্যচ্যুতি অবশ্যম্ভাবী এবং এই সমস্ত গ্রন্থে পৃষ্ঠসংখ্যার পার্থক্য না থাকিলে ব্যবহারোপযোগী হওআও সম্ভবপর নহে, এই বিবেচনায় উত্তরার্চ্চিক ও ঊহগানের প্রকাশ এককালেই পৃথক্ পত্রাঙ্কানুসারে আরম্ভ করা গেল এবং যাহাতে স্বল্লায়তনে ও শীঘ্র পরিসমাপ্ত হয় তদ্বিষয়েও যত্নবান্ থাকিলাম।

ছন্দআর্চ্চিকের অনুবাদ (সায়ণভাষ্যানুবাদের দৃষ্টান্ত স্বরূপ) ১ম হইতে ১৩টী মন্ত্রের অবিকল সায়ণভাষ্যানুরূপই কৃত হইবে সুতরাং ছন্দআর্চ্চিকে কৃতানুবাদের সহিত অনেক পার্থক্য থাকিবে। অনন্তর অধিকাংশস্থলে সায়ণমতেই শব্দের প্রকৃত্যর্থ স্বীকৃত হইলেও অভিধেয়ার্থ বোধনে নিজ স্বাধীনতা

ত্যাগ করিতে পারিব না এবং ঐ তেরটীরও অপর প্রকার অর্থ যাহা ছন্দআর্চ্চিকেও প্রকাশিত হয় নাই, তাহাও দেওআ হইবে।

টীকাকারগণের মতে প্রতিমন্ত্রেরই আধ্যাত্মিক, যাজ্ঞিক ও প্রাকৃতিক এই ত্রিবিধ অর্থ হইতে পারে পরং যজ্ঞে সঙ্গত অর্থই তাঁহাদের কর্ত্তব্য। ফলত প্রতিমন্ত্রেরই তাদৃশ ত্রিবিধ অর্থকরণ বিষয়ে কষ্টকল্পনা স্বীকার করা অপেক্ষা ঐ ত্রিবিধ মন্ত্রই বেদে পাওআ যায় ইহা স্বীকার করাই সঙ্গত; নিরুক্ত-কারও তাহাই বলিয়াছেন—"ত্রিবিধা ঋচো ভবন্তি" ইত্যাদি। অতএব যে মন্ত্রের যে ভাবে অর্থ সুসঙ্গত হয়, সেস্থলে তাহাই কর্ত্তব্য এবং তাহা করিতেই যথাসাধ্য চেষ্টা করিয়া থাকি।

এই বৃহৎ ব্যাপারের সমাপ্তিপক্ষে যেরূপ বিদ্যাবল, যেরূপ শরীরবল ও যেরূপ ধনবল আবশ্যক তাহা আমার নাই, তথাপি একমাত্র ভগবানের কৃপা এবং তদনুযায়ী দেশীয় ভ্রাতৃগণের সহানুভূতি অবলম্বনেই কার্য্যারম্ভ করিয়াছি।—

"সমানী ব আকূতিঃ, সমানা হৃদয়ানি ব
সমান মস্তু বো মনো য়থা বঃ সুসহাসতি।

শ্রীসত্যব্রত শর্ম্মা
কলিকাতা।

ক্রোড়পত্র

"সামবেদসংহিতা"র অনিয়মিত প্রকাশের কারণ।

১২৮৯ সালের ভাদ্র মাসে পীড়িত হইয়া অবধি একবার কিঞ্চিৎ আরোগ্য, একবার বা শয্যায় পতিত, কখন অমরাবতীতে, কখন কাশী প্রভৃতিতে, কখন বা কলিকাতায়, এই ভাবে কালাতিপাত করিতে হইয়াছে। এই কারণেই ইহার এরূপ অনিয়মিত প্রকাশ ঘটিয়াছে। এলিওপেথী, হোমিওপেথী, হাকিমী, বৈদ্যুতিক প্রভৃতি বহুবিধ চিকিৎসার পরে সুপ্রথিতনামা অত্রত্য ভিষক্‌-প্রধান অধ্যাপকবর শ্রীযুক্ত গঙ্গাপ্রসাদ সেন এবং তদীয় উপযুক্ত ভাগিনেয় কৃতবিদ্য শ্রীমান্ বিজয়রত্ন সেন; এই মহোদয়দ্বয়ের আন্তরিক যত্নকৃত নিঃস্বার্থ কবিরাজী চিকিৎসায় আরোগ্য হইয়া পুনশ্চ কার্য্যে প্রবৃত্ত হইয়াছি। যদিও অদ্যাপি রোগাপচিত শারীর ধাতুসমস্তের ক্ষতি পূরণ হয় নাই পরং যেরূপ মহামহোপাধ্যায় চিকিৎসকের চিকিৎসাধীন রহিয়াছি, তাহাতে শীঘ্রই যে সম্পূর্ণ সুস্থ হইব, এরূপ ভরসা করাও অসঙ্গত নহে।

আমি বর্ষত্রয় রোগভোগ করিয়াছি পরং এ বর্ষত্রয়ও বৃথা কালহরণ করি নাই; এই সময়ে এলিওপ্যাথী, হোমিওপ্যাথী ও কবিরাজী চিকিৎসা-গ্রন্থ ও ভৈষজ্য তত্ত্ব গ্রন্থ সকল কিছু কিছু অধ্যয়ন করিয়াছি * এবং বেদোক্ত চিকিৎসার সহিত অনেকগুলি মিলাইতেও চেষ্টা করিয়াছি। এই দীর্ঘকাল বিবিধ চিকিৎসাধীন থাকিয়া এবং বিবিধ চিকিৎসাপুস্তক আলোচনা করিয়া বিলক্ষণ বুঝিয়াছি যে,—এলিয়োপ্যাথী চিকিৎসায় আমাদের কোন পীড়াই নির্ম্মূল আরোগ্য হয় না, অধিকন্তু কোন কোন সময়ে শরীরের

---

* এই উপলক্ষে—ধাত্রীশিক্ষা প্রভৃতি গ্রন্থকার, এদেশে এলিওপ্যাথী চিকিৎসকাগ্রগণ্য, শ্রীযুক্ত যদুনাথ মুখোপাধ্যায় এবং চিকিৎসাবিজ্ঞান প্রভৃতি, গ্রন্থকার, অদ্বিতীয় হোমিওপ্যাথ শ্রীযুক্ত বেহারিলাল ভাদুড়ী; এই মহোদয় দ্বয়ের নিকটে আমাকে চিরকৃতজ্ঞ থাকিতে হইয়াছে।

যথেষ্ট ক্ষতিও হয়,—এত ক্ষতি হয় যে তাহা পুত্র-পৌত্রাদিক্রমে ভোগ করিতে হয়! হোমিওপ্যাথী চিকিৎসা প্রণালী, যদিও উৎকৃষ্টতম পরং নিতান্ত দুঃখের বিষয় যে উহা অদ্যাপি সম্পূর্ণতা প্রাপ্ত হয় নাই। বৈদ্যুতিক চিকিৎসা, সকল রোগেই উপকারী নহে৹ কোন কোন রোগে অনিষ্টও করিতে পারে! হাকিমী চিকিৎসা, মাংসাশী পলাণ্ডু-ভোজীদের পক্ষেই বিশেষ উপকারী! আবধৌতিক ঔষধ, অসাধ্য ব্যাধিসমস্ত আরোগ্য করিতে পারে, কিন্তু তাহাতে হঠাৎ মৃত্যু বা যাবজ্জীবনের জন্য শরীর নষ্ট হওআও অসম্ভব নহে। একমাত্র কবিরাজী চিকিৎসাই আমাদের শরীরের প্রকৃত উপযোগী।

যদিও আমার এই রোগভোগ ও তদারোগ্যই ইহার প্রচুর দৃষ্টান্ত, তথাপি পাঠকগণের দৃঢবিশ্বাসার্থ এতদ্ব্যতীত আরও তিনটী চিকিৎসা উল্লেখনীয়।—

১ ম, ১২৮৮ সনে আমার দ্বিতীয় পুত্র শ্রীমান্ হিতব্রত ভট্টাচার্য্যের জ্বর হইলে প্রথম হইতেই ষণ্মাসাধিক কাল এলিয়োপ্যাথি প্রভৃতি বিবিধ চিকিৎসা করা হইয়াছিল, অবশেষে আরোগ্যের আশা একপ্রকার ত্যাগ করিয়াই, এখানকার আহিরীটোলানিবাসী ৺পীতাম্বর সেনের সুযোগ্য পুত্র আয়ুর্ব্বেদাধ্যাপক শ্রীযুক্ত শ্যামাচরণ সেন কবিরাজ মহোদয়ের শরণাপন্ন হই, এমনই চিকিৎসার মাহাত্ম্য এবং এমনিই ঔষধের বীর্য্য যে এক সপ্তাহের মধ্যেই উক্ত রোগ উপশম হইতে আরম্ভ হইয়া মাসৈকের মধ্যেই বালকটী নির্ব্যাধি হইল।

২য়, ইহারই কিছু দিন পূর্ব্বে আমাব দ্বিতীয় সহোদর শ্রীমান্ ব্রহ্মব্রত সামাধ্যায়ী ভট্টাচার্য্য শিরোরোগাদি বিবিধ জটিল রোগে অত্যন্ত কষ্ট পাইতেছিলেন, নানাবিধ চিকিৎসা করান হইয়াছিল, কিছুতেই উপকার বোধ হয় নাই; পরে এখানকার ফৌজদারী বালাখানা নিবাসী দেশ-বিদেশে খ্যাতনামা শ্রীযুক্ত বিনোদলাল সেন কবিরাজ মহোদয়ের অদ্বিতীয় কবিরাজী-ঔষধালয়ের ঔষধেই সম্পূর্ণ আরোগ্য হন।

৩য়, কিছুদিন হইল, আমার পরমপূজনীয়া মাতাঠাকুরাণী মহোদয়া গৃহিণী-রোগগ্রস্তা হইয়া বহুদিন কষ্ট পাইয়া ক্রমে শয্যাগতা হন;

জননীকে বর্ষাধিক কাল কষ্ট পাইতে হইয়াছিল, পরে তাঁহার রোগ-ভোগ-কাল পূর্ণ হইবার উপক্রমে কালনার সুবিখ্যাত ৺ কৃষ্ণকিশোর সেনের পুত্র তার্কিক শ্রীমান্ হরিলাল বিদ্যাবিনোদের সামান্য চিকিৎসায় সপ্তাহ মধ্যেই উপশম বোধ হইল এবং শীঘ্রই সম্পূর্ণ আরোগ্য লাভ করিলেন।

আনুষঙ্গিক ইহাও বক্তব্য,—যে, কবিরাজী চিকিৎসা আমাদের শরীরের সম্পূর্ণ হিতকারী হইলেও ঔষধের অধিকাংশ উপাদান মূর্খাধিকারে ক্রীত হওত ব্যবহৃত হওআয় আশানুরূপ ফলের প্রত্যাশা দূরে থাকুক, বিপরীত ফল ফলাও অসম্ভব নহে এবং এই কারণেই অনেকানেক বিচক্ষণ চিকিৎসকও সময়ে সময়ে অপ্রতিভ হইয়া পড়েন। আমাদের বৈদ্যশাস্ত্রে প্রধানত ঔষধ সমস্ত ত্রিবিধ দেখা যায়; (১) গাছগাছাড়া ঘটিত, (২) ধাতু ঘটিত, (৩) বিষঘটিত। গাছগাছাড়া সমস্তই বেদেদের নিকটে ক্রয় করিতে হয়, তাহারা যাহাকে যাহা বলিয়া পরিচিত করিয়া দেয়, অধিকাংশ কবিরাজগণকে অধিকাংশ স্থলে তাহাই বিশ্বস্তচিত্তে স্বীকার করিতে হয়। যথা; আমাদের ভৈষজ্যতত্ত্বে "রোহিতক" নামে একটী গাছড়ার উল্লেখ আছে, তাহারই নামান্তর "প্লীহারি", নামেই তাহার গুণ প্রকাশিত রহিয়াছে; এই ওষধিটীর সহিত অধিকাংশ কবিরাজেরই পরিচয় নাই সুতরাং তাঁহাদিগকে বেদেদের পরিচয়ের ও ধর্ম্মের উপরিই নির্ভর করিতে হয়; বেদেরাও সকলে উহা অবগত নহে, অবগত থাকিলেও দুর্লভতা প্রযুক্ত তাদৃশ শ্রমে সম্মত নহে, ঈদৃশ স্থলে তাহারা "রোহিতক" বলিয়া যাহা আনিয়া দিবে, তাহাতে রোগীর মঙ্গল বা অমঙ্গল হইতে পারে? এবং সেই কবিরাজ মহাশয়ের যশ বা অপযশ হইতে পারে? পাঠকগণই তাহা বিবেচনা করুন। ধাতুপক্ষেও সেইরূপ,—যে রসসিন্দুর (রসসিন্ধু) মকরধ্বজ আমাদের সমস্ত ঔষধের রাজা, যাহার প্রতাপে সমস্ত রোগকেই দূরীভূত হইতে হয়, তাহাও অধিকাংশ কবিরাজ, মূর্খদের নিকটে ক্রয় করিয়াই ব্যবহার করিয়া থাকেন;—যে বঙ্গ মেহ রোগের অনুপম ঔষধি, উল্লিখিত আছে "সিংহো গজৌঘস্ত যথা নিহন্তি, তথৈব বঙ্গোঽখিলমেহবর্গম্" এবং যাহা অশোধিত ব্যবহৃত হইলে মেহাদি রোগ জন্মায়, ঈদৃশ অমৃত বা বিষও ইদানীং অনেক স্থলে মূর্খদিগের নিকটে প্রায় ক্রীত হইয়া বহুমূল্য ঔষধসমস্তে ব্যবহৃত হইয়া থাকে।

বিষপক্ষেও এইরূপই। এ সমস্ত কি অনল্পক্ষোপের বিষয় নহে। অতএব স্পষ্টত বলাযায়—দেশীয় কবিরাজগণ, যাবৎ গাছগাছড়াগুলি স্বয়ং চিহ্নিয়া লইতে না পারিবেন,—ধাতুদ্রব্যগুলি স্বয়ং শোধন, মারণ, জারণ করিতে অভ্যাস না, করিবেন,—বিষ গ্রহণাদিতে স্বীয় শ্রম নিযুক্ত না করিবেন, তাবৎ আমাদের প্রকৃত মঙ্গল নাই !!!

উপসংহারে বক্তব্য,—"বাঘা না শুনে ধর্ম্মের কাহিনী" হইলেও বক্তব্য —"অরণ্যে রোদন" হইলেও বক্তব্য,—আমাদের গবর্ণমেণ্ট যদি য়ুরোপীয় ঔষধাদির পক্ষপাতিতা ত্যাগ করিয়া ভারতবর্ষীয় ঔষধাদি প্রস্তুত করাইতে ও ব্যবহার করাইতে মনোযোগী হ'ন, স্থাপিত চিকিৎসাবিদ্যালয়সমূহেই ভারত-বর্ষীয় চিকিৎসা শিক্ষাপ্রণালীর একএকটী বিভাগ প্রবর্ত্তন করেন, তাহা হইলে ভরসা করি অচিরাৎ আমাদের দেশের অকালমৃত্যু ও উৎকট ব্যাধি সমস্তের প্রাবল্য ন্যূনীভূত হইতে পারে॥

যথেষ্ট সুখের বিষয়।

বেদার্থ নির্ণয় বিষয়ে—য়ুরোপীয় বৈদিকতত্ত্বানুসন্ধায়ী ধীমদ্গণের মতের সহিত অস্মদাদির মতের অনেকাংশে অনৈক্য থাকায় এবং উহা সাধারণের গোচর করা আমাদের নিতান্ত কর্ত্তব্য বিবেচনায় "সামবেদসংহিতা" প্রকাশের সহিত "বৈদিক সমালোচনা"-শীর্ষক একটী প্রবন্ধও ক্রমে লিখিত ও প্রকাশিত হইয়াথাকে। ঐ প্রবন্ধে যাহা কিছু লিখিত হয়, তৎসমস্তই অভ্রান্তবচন, ইহা সম্ভব পর নহে পরন্তু সমস্তই যে ভ্রান্তিবিজৃম্ভিত, প্রলপিত, বোধ হয় তাহাও নহে। য়ুরোপীয় গবেষণার ফলে আমাদের দেশীয় মস্তিষ্কে যে সকল প্রমাদ অঙ্কিত হইতেছে, তাহাই আমার দুঃসহনীয়

এবং তাহাতে বাধাদানের জন্যই যথাসাধ্য চেষ্টা করিয়া থাকি। ইদানীং য়ুরোপীয়গণ সর্ব্বতোভাবেই প্রবল পরাক্রান্ত, তাঁহাদের মূল্যবান্ মস্তিষ্ক বিলোড়িত হইয়া যেসমস্ত তত্ত্ব আবিষ্কৃত হইয়া থাকে, তাহা অতি দীন হীন নিবীর্য্য নিরুদ্যম ও জাতিদ্বেষী অধিকাংশ বাঙ্গালীর যে অনাস্বাদিতপূর্ব্বতানিবন্ধন অমূল্য অনুপম ও অভ্রান্ত বলিয়া সাদরে পরিগৃহীত হইবে, তাহা কিছুমাত্র আশ্চর্য্যের নহে এবং এক্ষণে যে কেহ ইহার বিরুদ্ধবাদী হইবেন, তিনিই যে লাঞ্ছিত হইবেন ইহাও একপ্রকার-সিদ্ধান্তানুবাদমাত্র। ইহা জানিয়া বুঝিয়াও একমাত্র কর্ত্তব্যনিষ্ঠতার প্রতি নির্ভর করিয়া এবং ভবিষ্যদ্বংশীয়দের ভবিষ্যমাণ প্রকৃত-বেদজ্ঞতাদির আশাতেই ঈদৃশ কার্য্যে হস্তক্ষেপ করিয়াছিলাম।

[illegible]কগুলি সময়তত্বাভিজ্ঞ মহোদয়, সময়ের বায়ুর গতি লক্ষ্য করিয়াই বাতবসন উড্ডীন করত এ গভীরতম সংসারসাগরে সুখে বিচরণ করিতেছেন পরং আমাকে ঈশ্বর সে বুদ্ধি দেন নাই; আমি এ জগতের সুখের জন্য,—যশ প্রভৃতির জন্য, তাদৃশ লালায়িত নহি; একমাত্র কর্ত্তব্য কার্য্যের অনুরোধে জীবন পর্য্যন্ত বিসর্জন করিতেও প্রস্তুত হইয়া এই অস্বাস্থ্যকর দেশে বসবাস করত সর্ব্বত বায়ুর প্রতিকূলে সাংযাত্রিকতা সম্পন্ন করিতেছি।

আমার লিখিত—একজনা ধুতি-পরিহিত ব্যক্তির লিখিত "বৈদিক সমালোচনা" এখনই,—১৭। ১৮ বৎসরেই, কোন একজনা শিক্ষিতাভিমানী ব্যক্তিরও আলোচ্য হইবে, তাহা কখনও এ মনে স্থান পায় নাই! পরং নবজীবনরূপ গিরি-

কন্দর হইতে হঠাৎ স্বযোনিভক্ষধ্বজ উদ্গীরিত হইতে আরম্ভ হইলেই, সময় বুঝিয়া প্রভঞ্জনদেব ঊনপঞ্চাশৎ ভ্রাতায় একত্রীভূত হইয়া স্ব স্ব কর্ত্তব্য পালনে প্রবৃত্ত হইলেন।

সেই প্রবল বাত্যাতে যে সকল ঘাত-প্রতিঘাত হইয়াছে, তাঁহার ৮৶১৫ আমারই বৈদিকসমালোচনা, আমারই প্রত্নকম্রনন্দিনী, আমারই যজুর্ব্বেদানুবাদ, আমারই সামসংহিতানুবাদ, আমারই সামব্রাহ্মণানুবাদ, আমারই গোভিলগৃহ্যানুবাদ, আমারই উপদেশ ও আমারই গল্প, ক্ষিপ্ত বিক্ষিপ্ত ও বিকৃত অনুকৃত হইয়াছে।

তন্মধ্যে বিশেষ,—কেহ বা কোন স্থানে স্পষ্টত আমার নামোল্লেখ করিয়াছেন, কোন স্থানে করেন নাই, কেহবা মোটেই নামোল্লেখ করেন নাই, কেহ বা স্মরণমাত্র করিয়াছেন এবং কেহ বা কোন অংশ অবিকল [illegible] (—) পর্য্যন্ত উদ্ধৃত করিয়াছেন অথচ সেস্থানে নাম দেন নাই, কেহ বা আমার লিখিত কোন স্থল যথাবৎ উদ্ধৃত করেন নাই অথচ জাঁকাইয়া নামোল্লেখ করত সাক্ষী মানিয়াছেন। বাঙ্গালীর লিখিত বৈদিক মত বা বেদানুবাদ, এ সাহেবী সময়েও বাঙ্গালী-কর্ত্তৃক প্রমাণ রূপে ব্যবহৃত হইবে এবং এরূপ মত-প্রকাশক ও অনুবাদককে উভয় পক্ষেই প্রমাণ মান্য করিবেন! ইহা আমার স্বপ্নেরও অগোচর! কাজেই এরূপ ঘটনায় প্রথমে বিস্মিত ও পরে সুখিত হইয়াছি। তাহাই অদ্য প্রিয় পাঠকগণকে সে সুখের অংশী করিতেছি।

কেহ নামোল্লেখ করুন বা নাই করুন; আমিই

যে একমাত্র বঙ্গে গ্রন্থাকারে আদি-বেদানুবাদক ও য়ুরোপীয় বেদালোচনায় ভ্রাতৃগণের বিশ্বাসের মূলে কুঠারার্পক, ইহা স্বীকার করুন বা নাই করুন; আমিই যে একমাত্র বাঙ্গালী, আর্য্য শাস্ত্রানুসারে সকল্প সরহস্য বেদ গ্রহণ করত বাঙ্গালী নামের আদি কলঙ্কাপনোদক, ইহা কেহ অবগত থাকুন বা নাই থাকুন! মুক্তকণ্ঠে আমার যশোগান করা এবং আমাকে যথাসাধ্য বাক্-সাহায্য, বুদ্ধি-সাহায্য ও অর্থ-সাহায্য করা যে বৈদিক ধর্ম্মাবলম্বী* বাঙ্গালী মাত্রেরই অতীব কর্ত্তব্য, ইহা অদ্যাপি কাহারও মনে উদিত হউক বা নাই হউক; তাহাতে কিছুমাত্র ক্ষতি নাই পরং আমি জীবিত থাকিতে থাকিতেই যে আমার লেখনীপ্রসূত কোন না কোন মত কোন না কোন মন্ত্রার্থ, কোন কোন বাঙ্গালীর আদরণীয় হইয়াছে, কাহার কাহারও বা অন্তত আলোচনীয়ও হইয়াছে, ইহাই আমার পক্ষে যথেষ্ট সুখের বিষয় † ॥

শ্রীসত্যব্রত শর্ম্মা।

কলিকাতা।

---

* মুখে "বেদ মানিনা" বলিলেও,—বৈদিকধর্ম্মের প্রতি ঘৃণা থাকিলেও, যাবৎ বেদবিহিত উপনয়ন, বিবাহ ও অন্ত্যেষ্টি প্রভৃতি সংস্কার কার্য্যত ত্যাগ না করিবেন, তাঁহাদিগকে "বৈদিকধর্ম্মাবলম্বী" বলিতেই হইবে।

† আমার প্রিয় পাঠকগণের,—প্রিয় বন্ধুগণের,—প্রিয় সাহায্যকারিগণের হৃদয়ানন্দ-বর্দ্ধনার্থ এই প্রবন্ধটী লিখিত হইল, সেই জন্যই ইচ্ছাপ্রণোদিত না হইলেও কিঞ্চিৎ আত্মশ্লাঘাভাস ইহাতে প্রকাশ করিতে হইয়াছে, ইহাই প্রকৃত বিবেচনার সহৃদয়গণ ক্ষমা করিবেন॥

কৃতজ্ঞতাপ্রকাশ।

—:০:—

যজুর্ব্বেদ— মাধ্যন্দিনী শাখা প্রকাশ করিতে কিছু ঋণ হইয়াছিল, পরে কুসীদ-বর্দ্ধনানুসারে ঐ ঋণ ক্রমেই ভীষণ আকার ধারণ করিতেছে। আমার যেরূপ মাসিক আয়, তাহাতে এ ঋণ সহজে পরিশোধ করা সম্ভব নহে। এ ঋণ, আমার নিজের ব্যয়ার্থও কৃত নহে; ইহা বঙ্গদেশে বেদের অভাব মোচন করিবার জন্যই এবং বঙ্গদেশীয়দের পুস্তক গ্রহণসাহায্যাশয়েই করা হইয়াছিল পরং এক্ষণে এই ঋণের দায়ে আমার সম্পত্তি ও প্রতিপত্তি নষ্ট হইবারও উপক্রম হইয়াছে। এতাদৃশ সময়ে নিম্ন-লিখিত-নাম সুহৃত্ত্রয়, মদীয়াভিপ্রায়ানুরূপ পুস্তক ক্রয় দ্বারা ঋণভার কিঞ্চিল্লাঘব করত যথেষ্ট উপকৃত করিয়াছেন; সমস্ত বঙ্গবাসীর প্রতিনিধিস্বরূপে আমিই ইহাঁদের নিকটে চিরকৃতজ্ঞ থাকিলাম।

শ্রীযুক্ত কুমার রাজেন্দ্রনারায়ণ দেব বাহাদুর (জয়দেবপুর) ... ৩০০্*
শ্রীযুক্ত বাবু তারিণীশঙ্কর রায় (বরাহনগর—জমীদার) ... ১০০্
শ্রীযুক্ত বাবু ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (বর্দ্ধমান—উকীল) ... ... ১০০্

---

* এই সাহায্য "সাহিত্যসমালোচনী" সভা হইতে আরও বর্ষদ্বয় পাওআ যাইবে; এই বর্ষদ্বয়েই সামবেদ প্রকাশ সমাপ্তও হইতে পারে।

শ্রীসত্যব্রত শর্ম্মা।
কলিকাতা।

ওঁ

অথ সামবেদ সংহিতা।

অথ কৌথুমী শাখা।

অথ ছন্দঃ—আর্চ্চিকঃ।

অ * থ * গে * য় * গা * ন * ম্।

* অ * থ * আ * গ্নে * য় * প * র্ব্ব *

অ থ প্র থ ম প্র পা ঠ কঃ

অথ প্রথমঃ অর্দ্ধঃ।

অ থ প্র থ ম দ শ তি

অথ প্রথমা ঋক্—

২৩ ১২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
অগ্ন আযাহিবীতযেগৃণানোহব্যদাতযে।
১। ২। ৩ ১ ২
নিহোতাসৎসিবর্হিষি (ঋ০ ৬, ১৬, ১০) ॥ ১

বি০। মহর্ষি বৃহস্পতি-বংশাবতংস ভরদ্বাজ ঋষি ৪৮টী ঋক্ চয়ন করতঃ একটি সূক্ত সংগ্রহ করেন, যাহা ইদানীং ঋক্ সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষোড়শ। এটি সেই সূক্তের দশম ঋক্। অতএব উক্ত ভরদ্বাজই এ মন্ত্রের ঋষি বলিয়া স্বীকৃত হইয়াছেন। ইহা অষ্টাক্ষর পাদের পাদত্রয়ে ছাদিত অতএব এ ছন্দের নাম গায়ত্রী। ঐ সূক্তটি দর্শপূর্ণমাস যাগের সামিধেনী ও প্রাতরনুবাক প্রকরণের আগ্নেয় ক্রতুতে আশ্বিন-শস্ত্র রূপে ব্যবহৃত হইয়া থাকে এবং গার্হপত্য ও আহবনীয় ঐই উভয় অগ্নির পরস্পর সম্বন্ধ ঘটিলে অষ্টাকপাল পুরোডাশ

পাক কর্ত্তব্য হয়, তৎকালে দুইটি মন্ত্র তদীয় অনুবাক্যা রূপে পঠনীয়, তন্মধ্যে এই ঋক্‌টি প্রথম অতএব ইহাকে আগ্নেয়ী কহাযায় সুতরাং যজ্ঞীয় ব্যবহারানুসারে ইহার দেবতা অর্থাৎ এই মন্ত্রের প্রাধান্যত: বর্ণনীয় বস্তু অগ্নিই স্থির হইয়াছে। সামবেদে ইহাই চারি প্রকারে গীত দৃষ্ট হয়। তন্মধ্যে গেয়গান নামক গ্রন্থের আরম্ভেই ৩টি দেখা যায় এবং চতুর্থটি আরণ্যগান নামক দ্বিতীয় গ্রন্থের দ্বিতীয় প্রপাঠকের প্রথমার্দ্ধভাগের দ্বাত্রিংশত্তম সাম। গেয়গানই যেহেতু সামবেদ-সংহিতার আদি গ্রন্থ সেইহেতু আপাততঃ গেয়গানেরই প্রকাশারম্ভ করা হইতেছে, অনন্তর আরণ্য নামক দ্বিতীয় গান গ্রন্থের প্রকাশ কালে এতন্মূলক চতুর্থ সামটিও যথাস্থানে প্রকাশিত হইবে। অদ্য প্রকাশ্যমান সামত্রয়ের প্রথম ও তৃতীয়টি গোতম ঋষির প্রকাশিত এবং যাজ্ঞিক সমাজে 'পর্ক' নামে প্রসিদ্ধ, দ্বিতীয়টির প্রকাশক কশ্যপ ও নাম 'বর্হিষ্য'। কথিত সামত্রয় যথা—

৪ ২র র ১ ২ — ১ —
ওগ্নায়ি। আযাহী ৩ বোইতো যা ২ ই। তো যা ২ ই।
১ র ২র ১ — ১ — ১ ২র র
গৃণা নোহ। ব্যদাতোযা ২ ই। তো যা ২ ই। নাযি হো তাসা
৩ ৫র র ৩
২৩। ৎসা ২ ই। বা ২৩৪ ঔহোবা। হী ২৩৪ যী॥ ১ ॥
৪ ৫ ৪র৫র ৪ ১ র র ২
অগ্ন আয়াহি বী। তয়াই। গৃণানোহব্যদাতা ২৩ যাই।
১র র ২ ১ ৫ ১ ৫র র ২
নিহোতাসৎসিবর্হা ২৩ ই ষি। বর্হা ২ ষা ২৩৪ ঔহোবা। বর্হী
১ ১ ১১
৩ যী ২৩৪৫ ॥ ২ ॥

৪ ৫ ৪র ৫র ১ ৪ ১র র ১ ২
অগ্ন আয়াহি। বা ৫ ইতয়াই। গৃণানোহব্যদা ১ তা ৩
২ ৩ ৫ ১ ২ ১
যে। নিহোতা ২৩৪ সা। ৎসা ২৩৪ ই বা ৩। হা ২৩৪
৫ ৫
ইষো ৬ হাই ॥ ৩ ॥ ১

বা° টী°। 'অগ্নে!' যেহেতু, তুমি ঈশ্বর কর্ত্তৃক 'বর্হিষি' কুশাদি তৃণ পর্য্যন্ত সমস্ত পদার্থেই 'হোতা' হবন কার্য্যের নিষ্পাদক রূপে 'নি সৎসি' নিষণ্ণ—অন্তঃস্থাপিত আছ,অতএব 'বীতয়ে' বীতির জন্য এবং 'হব্য দাতযে' হব্য দাতির জন্য অরণিকাষ্ঠদ্বয় মন্থনে 'গৃণানঃ' নিগীর্ণ—উদগীর্ণ হওতঃ 'আযাহি' আবিষ্কৃত হও।

হোতা। অগ্নির দুইটী কার্য্য ;—১ম ভক্ষণ করা—দগ্ধকরা, ইহাকেই বীতি কহে ; এই বীতিক্রিয়ার দ্বারা আবর্জনাদি, বনাদি,শত্রুগৃহাদি, মৃতশরীরাদি ভস্মসাৎ করা যায়, রণক্ষেত্রে এই বীতি ক্রিয়া সাধনার্থই শর-ফলকে বৈদ্যুতাগ্নি ব্যবহৃত হইত, যাহাকে অগ্নিবাণ বলা যাইত, যাহা ত্যাগ মাত্রেই বেগ গমন হেতুক উদ্ভূত প্রবল বায়ুর সাহায্যে হঠাৎ ফলক হইতে বহির্গত হইয়া প্রদীপ্ত হওতঃ পতিত প্রদেশের অনেক স্থান ব্যাপিয়া দগ্ধ করিয়া ফেলিত। ২য় বিক্লিত্তি—গলান, ইহাকেই হব্যদাতি কহে ; এই হব্যদাতি ক্রিয়ার দ্বারা আপনার বা অতিথ্যাদি দেবতার উদরপূরণার্থ অন্নাদি সিদ্ধ করা যায়, ইহার দ্বারাই স্বর্ণ, রৌপ্য, তাম্রাদি দ্রব হইয়া থাকে এবং এই ক্রিয়ার দ্বারাই উদর মধ্যগত ভুক্তান্ন-পরিপাকাদিও সাধিত হইয়া থাকে। বীতি ও হব্যদাতি এই উভয়ই

অগ্নি হইতে নির্ব্বাহিত হয়, এমন কি, অগ্নি ব্যতিরেকে হইতেই পারে না এই জন্যই অগ্নিকে 'হোতা' অর্থাৎ হবন কার্য্যের নিষ্পাদক বলা যায়। হোতা পদটি হু-ধাতুর উত্তরে তৃন্ প্রত্যয় করিয়া সাধিত হইয়া থাকে। হু-ধাতুর অর্থ—(অগ্নিতে) দান, (অগ্নি হইতে) আদান ও (অগ্নির দ্বারা) প্রীণন; তন্মধ্যে অগ্নির বীতি শক্তির দ্বারা, ঘৃতাদি ভক্ষিত হইয়া ধূম হইবে, ধূম হইতে পর্জন্য হইবে, পর্য্যন্ন হইতে সুবৃষ্টি হইবে, সুবৃষ্টি হইতে সাধ্বন্ন হইবে এবং তাহা ভক্ষণ জন্য বীর্য্য-রেত আদি-জাত সুপ্রজা বৃদ্ধি হইবে;-এইরূপ আশয়ে অগ্নিতে ঘৃতাদি নিক্ষেপই দানের উদাহরণ; অগ্নির উত্তাপে স্থাপিত অন্ন বা সুবর্ণাদি ধাতু, হব্যদাতি শক্তির দ্বারা বিক্লিত = গলিত হইলে তাহা হইতে সেই সিদ্ধ অন্ন ও দ্রব সুবর্ণাদি পুনর্গ্রহণ করাই আদানের উদাহরণ এবং বীতি শক্তির প্রভাবে রণজয়াদি হইলে ও হব্যদাতি শক্তির প্রভাবে অন্নাদির সুপরিণাম হইলেই, তাহা অগ্নির দ্বারা প্রীতিলাভ হইল বলিয়া স্বীকার করা যায়। তৃন্-প্রত্যয়ের অর্থ—তচ্ছীল, এতাবতা দান, আদান ও প্রীতি এই ত্রিবিধ ক্রিয়ার নিষ্পাদনশীল অর্থাৎ নিষ্পাদন-স্বভাব অগ্নিকে হোতা বলা যায়। বেদে অনেক স্থলেই অগ্নিকে হোতা বলিয়া বর্ণন করা হইয়াছে, সর্ব্বত্রই এইরূপ অর্থ বুঝিতে হইবে। 'বীতি' শব্দটী ভক্ষণার্থ বী-ধাতু হইতে নিষ্পন্ন হয়, এই জন্যই তাদৃশ অর্থ করা হইয়াছে এবং 'হব্যদাতি' শব্দের অর্থ—হব্য সম্বন্ধী দান, হব্য শব্দের অর্থ—হবন-যোগ্য, হবন শব্দের অর্থ—পূর্ব্বোক্ত দান, আদান ও প্রীতি; এতাবতা দান, আদান ও প্রীতির

যোগ্য যে অন্ন, চরু, পুরোডাশ ও স্থবর্ণ, রৌপ্যাদি তাহাকেই হব্য কহে, এতাদৃশ হব্য অগ্নিতেই প্রস্তুত করিয়া অগ্নি হইতে আদান=গ্রহণ করা যায় অতএব হব্যসম্বন্ধিনী ঈদৃশী দান শক্তিকেই হব্যদাতি কহা যায়।

বর্হিষি। বর্হিস্-শব্দের অর্থ—কুশাদিতৃণ, এস্থলে এই 'বর্হিঃ' উপলক্ষণমাত্র অর্থাৎ সমস্ত পদার্থের অন্তরেই অগ্নি গূঢ়ভাবে বিদ্যমান রহিয়াছে, এমন কি, অতিলঘু বস্তু তৃণ, তন্মধ্যেও আছে; অথবা এস্থলে অরণি কাষ্ঠদ্বয় মন্থনেই অগ্নির আবিষ্কার অভিলষণীয় অতএব বর্হির মধ্যে প্রচ্ছন্ন বলা হইয়াছে, কাষ্ঠকে তৃণ বলিয়া ব্যবহার, ব্যবহার-বিরুদ্ধ নহে।

গৃণানঃ। গৃ-ধাতুর রূপ, গৃ ধাতুর অর্থ—নিগরণ; এই গৃ-ধাতুরই রূপান্তর উদ্গার (নিগরণ শব্দের হিন্দী প্রতিশব্দ নিগারনা এবং বাঙ্গলা প্রতিশব্দ নেওড়ান)। অরণি কাষ্ঠদ্বয় নিষ্পীড়ন করিলে উহারা অগ্নিকে নিগরণ= উদ্গীরণ করে, তাহাই এ স্থলের এ পদের লক্ষ্য ॥ ১

সা০ ভা০। অগ্নআযাহীত্যেষা ভরদ্বাজেন দৃষ্টা। গায়ত্রী। আগ্নেয়ী। হে অগ্নে! অঙ্গনাদিগুণবিশিষ্ট! ত্বং আযাহি অস্মদ্‌যজ্ঞং প্রত্যাগচ্ছ। কিমর্থম্? বীতয়ে হবিষাং চরুপুরোডাশাদীনাং ভক্ষণায। কীদৃশঃ সন্? গৃণানঃ অস্মাভিঃ স্তূয়মানঃ। ব্যত্যযেন কর্ম্মণি কর্ত্তৃপ্রত্যযঃ। পুনশ্চ কিমর্থম্? হব্যদাতয়ে দেবেভ্যো হবিঃপ্রদানায। আগত্য চ হোতা দেবানা মাহ্বাতা সন্ বর্হিষি আস্তীর্ণে দর্ভে। নিষৎসি নিষীদ। সদেশ্ছান্দসঃ শপো লুক্॥ ১

টী০ অ০। হে 'অগ্নে' অঙ্গনাদি গুণ বিশিষ্ট! 'আযাহি' আমাদের যজ্ঞে আগমন কর। কেন? 'বীতযে' চরু পুরোডাশ প্রভৃতি হবি ভক্ষণ করিবার জন্য। কীদৃশ হওতঃ? 'গৃণানঃ' আমাদিগ কর্ত্তৃক স্তুত হওতঃ, এ স্থলে ব্যত্যয়ে কর্ম্মবাচ্যে কর্ত্তৃপ্রত্যয়। আর কেন? 'হব্যদাতয়ে' দেবগণকে হবি প্রদান করিবার জন্য। আসিয়া 'হোতা' দেবতাদিগের আহ্বানকারী হওতঃ 'বর্হিষি, আস্তৃত কুশাতে 'নিষৎসি' উপবিষ্ট হও॥ ১

—:*:—

(২)

২ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
ত্বমগ্নেযজ্ঞানাংহোতাবিশ্বেষাংহিতঃ।
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
দেবেভির্মানুষেজনে (ঋ০ ৬, ১৬, ১)॥ ২.

বি০। ইহাও পূর্ব্ব-পরিচিত সেই ষোড়শ সূক্তেরই ঋক্। এইটিই সে সূক্তের প্রথম। অতএব এ ঋকের ঋষিও সেই ভরদ্বাজ। এ ঋকের প্রথম চরণটী ছয় অক্ষরের দ্বিতীয়টী সপ্তাক্ষর ও শেষটি অষ্টাক্ষর অতএব ইহাকে বর্দ্ধমানা ছন্দ কহে, ইহাও একপ্রকার গায়ত্রীচ্ছন্দ। বিশ্বজিৎ প্রকরণে অগ্নিমরুৎ দেবতার যাগকালে গেয় বৃহৎ সামটিই (ঊ০ গা০ ২, ২, ৮) যদি অগ্নিষ্টোম সাম হয় তাহা হইলে তৎসহ অর্থাৎ তদীয় অস্থিরূপে ছয়টি ঋক্ স্তোত্রিয় ও অনুরূপ হইয়া থাকে; তন্মধ্যে এইটি প্রথম। অতএব ইহাও আগ্নেয়ী। এ ঋক্ অবলম্বন করিয়া গীত দুইটি মাত্র সাম দেখা যায়। তন্মধ্যে একটি ঊহ গান গ্রন্থের দ্বিতীয়

প্রপাঠকের দ্বিতীয়ার্দ্ধের ৮ম; তাহা, তৎপ্রকাশকালেই প্রকাশিত হইবে। দ্বিতীয়টী গেয়গানের ১প্র০১অ০ ৪র্থ; ইহার নাম 'সৌপর্ণ' সুতরাং সুপর্ণা ঋষিকেই ইহার প্রকাশক বলিয়া অনুমান করিতে হয়। যথা—

৪ ৫ র ৪র ৫র ৪ ৫ ৪ ২ ১র র র র ১ র র
ত্বমুগ্নে যজ্ঞানাম্। ত্বমগ্নাযি যজ্ঞানাংহোতা বিশ্বেষাংহা

২ ২র ১ব ২ ৩ র ২ ১ ২ ৪ ৫
২৩ যি তাঃ। দেবৈভা ২৩ যির্ম্মা। নুষেজনা। ঔ৩হোবা।

হো ৫ ঈ। ড়া॥ ৪॥ ২

বা০ টী০। হে 'অগ্নে!' 'দেবেভিঃ' বায়ুপ্রভৃতি অপরাপর দেবগণের সহিত সৃষ্টিকালে 'ত্বম্' তুমি; জগৎস্রষ্টৃ কর্ত্তৃক 'বিশ্বেষাং যজ্ঞানাম্' এই বিশ্বসংসারের, 'হোতা' হবন-নিষ্পাদনশীল অর্থাৎ দহন ও পচনের একমাত্র সম্পাদনকারী স্বরূপে 'মানুষে-জনে' এই মনুষ্য লোকে 'হিতঃ' সর্ব্বান্তঃ-স্থাপিত হইয়াছ। অতএব বীতি ও হব্যদাতির জন্য এই কাষ্ঠদ্বয় সংঘর্ষণে আবিষ্কৃত হও (এটি ঋগ্বেদ সংহিতার ষষ্ঠ মণ্ডলের ১৬শ সূক্তের প্রথম মন্ত্র, তথায় ইহার ৮টী মন্ত্রের পরে 'অগ্নআযাহি' মন্ত্র দৃষ্ট হয়। যাহা হউক অগ্নআযাহি মন্ত্রের সহিত ইহার সম্বন্ধ দূষণীয় নহে)। যজ্ঞশব্দে এস্থলে. সৃষ্টি, যেহেতু সৃষ্টিই ঈশ্বরের আদি যজ্ঞ (ইহা মল্লিখিত বৈদিক সমালোচনাতে দ্রষ্টব্য)। ফলতঃ ঐতরেয় ব্রাহ্মণোক্ত 'প্রজা-পতিঃ স্বাংবপামুদখিদৎ' প্রজাপতি যজ্ঞে স্বীয় বপা সমর্পণ করেন, এবং 'আত্মা বৈ জায়তে পুত্রঃ' আপনিই পুত্ররূপে জন্মগ্রহণ করেন ও 'তাসু বীজ মবাসৃজৎ' সেই কারণ বারিতে

বীজ উৎসৃষ্ট হয় ইত্যাদি জন্মাদিবচন, এ সমস্তই সৃষ্টিপর। 'দেবেভিঃ' দ্যুতিমৎ-পদার্থমাত্রকে দেব বলাযায়, ফলকথা যখন যাহার বর্ণনা করা যায় তখনই তাহাকে দেব কহা যায়; এই যুক্তিতেই উদূখল, মূষল, চর্ম্ম প্রভৃতি সমস্তই দেব; এবং এস্থলে তৃতীয়া বিভক্তির অর্থ সহ সুতরাং দেবগণের সহিত সম্ভবতঃ বায়ুপ্রভৃতির সহ অর্থলাভ করা যায় ॥ ২

বক্তব্য—এ মন্ত্রে 'হিতঃ' এই ক্রিয়ার কর্ত্তা অন্বেষণ করিলেই গলগ্রহ রূপেও ঈশ্বর আসিয়া উপস্থিত হন, যথা—'বায়ু প্রভৃতি দেবগণকে যৎকালে এই মনুষ্য লোকে প্রতিষ্ঠিত করা হইয়াছে তৎকালেই তোমাকে বিশ্বসংসারে হোতৃরূপে প্রতিষ্ঠিত করিয়াছেন, এস্থলে সুতরাং জিজ্ঞাস্য,—কে? ইহার একমাত্র উত্তর 'যিনি এতাদৃশ কার্য্যে সমর্থ' কাজেই ঈশ্বরই স্কন্ধপতিত হইলেন। অতএব পাশ্চাত্য বৈদিক মোক্ষমূলরপ্রভৃতি প্রত্নানুসন্ধিৎসুগণ বহুসমালোচনাপূর্ব্বক বহ্বাড়ম্বর সহকারে লিখিয়াছেন, যে"ঋক্‌সংহিতার আবির্ভাব কালে আর্য্যগণের ঈশ্বরজ্ঞান ছিল না, যাহাও দুই একটি ঈশ্বর বা ব্রহ্মনাম তন্মধ্যে দৃষ্ট হয়, তাহাও তদীয় শেষ মণ্ডলে অতএব ঐ ১০ম মণ্ডলটিকেও অপেক্ষাকৃত আধুনিক বলা উচিত" এক্ষণে দ্রষ্টব্য, যে, এটি কোন মণ্ডলের ঋক্? বস্তুতঃ যে সমস্ত ঋক্ লইয়া মণ্ডল সকল গ্রথিত হইয়াছে, সে ঋক্‌গুলির কে প্রাচীন কে নূতন? এ বিষয়টির নির্ণয় অতি দুঃসাধ্য হইলেও মণ্ডলগুলি যে সমস্তই অপেক্ষাকৃত অনেক উত্তর কালে অর্থাৎ সূক্ত ও অনুবাক প্রথনেরও পরে, অথচ ভিন্ন ভিন্ন সময়ে এবং ভিন্ন ভিন্ন ঋষি কর্ত্তৃক

গ্রথিত হইয়াছে তাহার সন্দেহ নাই সুতরাং মণ্ডলের পৌর্ব্বাপর্য্য লইয়া ঋক্-কালের পৌর্ব্বাপর্য্য বিচার করাই অব্যবস্থা (বৈ০ সং০ দ্র০)। পাশ্চাত্য কোবিদগণ বেদ-তাৎপর্য্য যে নিরীশ্বরপর নির্ণয় করিয়াছেন তাহাতে তাঁহারা সম্পূর্ণ অপরাধী নহেন ; কারণ, সায়ণাচার্য্যাদি আধুনিক ভাষ্যকারগণ ক্রিয়াকালের বিদ্বান্, ইহাঁরা প্রভাকরাদি প্রবর্ত্তিত মীমাংসাদর্শনানুবর্ত্তেই সঞ্চরণ করিয়াছেন, এক্ষণে তন্মাত্রাবলম্বন পূর্ব্বক গবেষণাকারী পাশ্চাত্যধীমদ্গণ কেন না ভ্রমান্ধকূপে পতিত হইবেন! পরং অস্মদ্দেশীয় ভ্রাতৃগণ যে সেই সিদ্ধান্তই অভ্রান্ত বলিয়া স্বীকার (এতদূর স্বীকার যে তদ্বিপরীত যুক্তিও অদৃশ্য ও অকথ্য) করত: কৃতার্থম্মন্য হইতেছেন ইহাই অতি ক্লেশকর ॥ ২

সা০ ভা০। ত্বমগ্নইত্যস্যা ঋষ্যাদ্যাঃ পূর্ব্ববৎ। সৈষা দ্বিতীয়া। হে অগ্নে! বিশ্বেষাং যজ্ঞানাং অগ্নিষ্টোমাত্যগ্নিষ্টোমাদীনাং সম্বন্ধী হোতা হোমনিষ্পাদনশীলঃ। জুহোতেস্তাচ্ছীলিকস্তৃন্। যদ্বা, যজ্ঞানাং যষ্টব্যানাং বিশ্বেষাং দেবানাং হোতা আহ্বাতা। এবংভূতস্ত্বং মানুষে মনোরপত্য-ভূতে। জনে যজমান-লক্ষণে। দেবেভিঃ দেবৈঃ। ছান্দসো ভিস ঐসভাবঃ দেবনশীলৈর্ঋত্বিগ্‌ভিঃ, হিতঃ নিহিতঃ গার্হপত্যাদি-রূপেণ সংস্থাপিতো ভবসি। যদ্বা দেবৈরেবেন্দ্রাদিভিরুক্ত-লক্ষণঃ সন্, যজ্ঞানাং নিষ্পাদনায যজমানে নিযুক্তোঽসি ॥ ২

ভা০ অ০। হে ‘অগ্নে!’ ‘ত্বম্’ তুমি, ‘বিশ্বেষাং যজ্ঞানাম্’ অগ্নিষ্টোম অত্যগ্নিষ্টোম প্রভৃতি যজ্ঞ সম্বন্ধে ‘হোতা’ হোমনিষ্পাদনশীল অথবা সমস্ত দেবগণের আহ্বানকারী। ‘দেবেভিঃ’

ঋত্বিক্‌গণ কর্ত্তৃক অথবা ইন্দ্রাদি দেবগণ কর্ত্তৃক, তুমি, 'মানুষে জনে' যজমানরূপ মনুষ্য বিষয়ে অর্থাৎ যজমানের যজ্ঞ নিষ্পাদনের জন্য, 'হিতঃ' গার্হপত্যাদিরূপে স্থাপিত হইতেছ ॥ ২

—:*:—

(৩)

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অগ্নিন্দূতংবৃণীমহেহোতারংৰিশ্বৰেদসম্ ।
৩ ২ ৩ ১ ৩ ৩ ১ ২
অস্যযজ্ঞস্যসুক্রতুম্ (ঋ০ ১, ১২, ১) ॥ ৩

বি০। কণ্ব-বংশীয় মেধাতিথি ঋষি যে ১২টি ঋকের একটি সূক্ত প্রকাশিত করেন, যাহা ইদানীং ঋক্‌সংহিতার প্রথম মণ্ডলের দ্বাদশ, এ মন্ত্রটি সেই সূক্তেরই আদিম অতএব তিনিই ইহার ঋষি। ছন্দ গায়ত্রী। পৃষ্ঠ্য ষড়হের দ্বিতীয়াহে এই সূক্তই আজ্যশাস্ত্র হইয়া থাকে অতএব ইহাও আগ্নেয়ী। এই ঋঙ্মূলক একটি মাত্র সাম। ইহা বিশ্বমনা ঋষিকর্ত্তৃক প্রকাশিত। ইহার নাম 'বৃহৎ'। এটি ভরদ্বাজ বংশীয় অগ্নি ঋষির বর্ণনাতে কি অগ্নিরই বর্ণনার্থ বা সূর্য্যের বর্ণনার্থ গীত হইয়াছিল তাহার স্থিরতা নাই (আ০ব্রা০ ১, ২)॥ ৩

৫ র ২ ১র ২র ১র ৩
গে০ গা০। অগ্নিন্দূতাম্। বৃণীমহাই। হোতারা২৩ংবি।
১র ২ ১ ২র র ২ ১র ২
শ্বৰেদসাম্। অস্য যা২৩জ্ঞা। আ। ঔ৩হোৰা। স্যাসুক্রতুম্।
১ ২ ১
ইডা২৩ভা৩৪৩। ও২৩৪৫ই। ডা ॥ ৫ ॥ ৩

বা০টী০। তৈত্তিরীয় শ্রুতিতে উক্ত আছে, যে, 'দেবদলের মধ্যে অগ্নি নামক একজনা দূত ছিলেন এবং অসুরদলে কবি বংশীয় উশনা নামক একজনা দূত ছিলেন'। এস্থলে অগ্নিশব্দে হুতাশন হইতে পারে না যেহেতু তাহা হইলে কবিবংশীয় উশনা কি হইবে? অসুর দলের দূত যদি উশনা 'ঋষি' হইতেপারেন' ত দেবদলের দূত অগ্নি 'ঋষি' না হইবেন কেন? এই অগ্নিঋষির প্রকাশিত অনেকানেক ঋক্ ঋগ্বেদে ও সাম সামবেদে দেখা যায়। এই ঋষিকে কণ্ববংশীয় মেধাতিথি ঋষি, স্বীয় যজমান, কোন মহাবীর ধরাধিপতির দৌত্যে বরণ করেন; এই মন্ত্রটি দ্বারা এতাবন্মাত্র ইতিহাস পাওয়া যায়। 'অগ্নিং' অগ্নিঋষি 'বিশ্ববেদসা' এই যুদ্ধঘটনার পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত অবগত আছেন এবং 'হোতারম্' সাধু-আস্পর্দ্ধন-স্বভাব অতএব তাঁহাকেই 'অস্য যজ্ঞস্য' এই ক্রিয়ার 'সুক্রতুম্' উপযুক্ত কর্ম্মচারী বিবেচনায় 'দূতং বৃণীমহে' দূতরূপে আমরা বরণ করিতেছি। যজ্ঞস্য—যজ্ঞ শব্দের প্রকৃত অর্থ ক্রিয়া অর্থাৎ সমারোহ ক্রিয়া মাত্রকেই যজ্ঞ কহে যেহেতু ঐ শব্দটি যজ-ধাতু হইতে নিষ্পন্ন হইয়া থাকে, যজ ধাতুর একটি অর্থ সঙ্গতিকরণ এতাবতা যে স্থলে বহুতর লোক সমাগম হয় তাহাকেই যজ্ঞ কহে সুতরাং যুদ্ধকাণ্ডকেও যজ্ঞ বলা যায়। ইহা ব্যবহার-বিরুদ্ধও নহে অতএব মহাকবি বাল্মীকি ও বেদব্যাসও অনেক স্থলে রণস্থলকে যুদ্ধ বলিয়া বর্ণনা করিয়াছেন; যথা মার্কণ্ডেয় পুরাণ—"ময়া তবাত্রো পহৃতৌ চণ্ডমুণ্ডৌ মহাপশূ। যুদ্ধযজ্ঞে স্বয়ং শুম্ভং নিশুম্ভঞ্চ

হনিষ্যসি”। হোতা—এ পদটী আস্পর্দ্ধার্থ হ্বে-ধাতু হইতে সাধু-কারী অর্থে তৃন্ প্রত্যয় করিয়া সাধনীয়, সাধু-স্পর্দ্ধা-কারী দূত প্রেরণের অভিপ্রায়—যাহাতে অপমানাদি-হানি-সূচক সন্ধি প্রস্তাবিত বা তাদৃশ প্রদত্ত সন্ধিতে সম্মতি প্রদত্ত না হয়॥ ৩

সা০ ভা০। অগ্নিন্দূতমিত্যেষা কণ্বপুত্রেণ মেধাতিথিনা দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা তৃতীয়া। দূতম্ দেবানাং দৌত্যে বিনিযুক্তম্। অগ্নিং দেবম্, বৃণীমহে স্তুতিভির্হবির্ভির্বা সম্ভজামহে। অস্য চ দূতত্বং তৈত্তিরীয়কে সমাম্নাতম্—‘অগ্নির্বৈ দেবানাং দূত আসীদুশনা কাব্যোঽসুরাণাম্’-ইতি। কথম্ভূতম্? হোতারং সাধুদেবানামাহ্বাতারম্। হ্বয়তেঃ সাধুকারিণি তৃন্ (পা০৩,২,১৩৪-১৩৫), বহুলং ছন্দসি (পা০৬,১,১৪)-ইতি সম্প্রসারণম্। বিশ্ববেদসং বিশ্বানি বেত্তীতি বিশ্ববেদাস্তম্। বেত্তেরসুন্ (উ০৪০,১৮৪)। যদ্বা বেদ ইতি ধননাম (নিঘ০ ২, ১০)। বিশ্বং সর্ব্বং বেদোধনং যস্য তম্। বহুব্রীহৌ বিশ্বং সংজ্ঞায়াম্ (পা০৬,২,১০৬)-ইতি পূর্ব্ব-পদান্তোদাত্তত্বম্। অস্য প্রবর্ত্তমানস্য যজ্ঞস্য। সুক্রতুম্ নিষ্পাদকত্বেন শোভনকর্ম্মাণম্। অথবা ক্রতুরিতি প্রজ্ঞানাম, শোভনপ্রজ্ঞং বা। তং ত্বাং বৃণীমহে-ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ॥ ৩

ভা০অ০। ‘দূতং’ দেবগণের দৌত্যে বিনিযুক্ত ‘অগ্নিং দেবং’ অগ্নিদেবতাকে ‘বৃণীমহে’ স্তুতিসমূহ ও হবিসমুদায় দ্বারা সম্ভজনা করি। কীদৃশ অগ্নিকে? ‘হোতারং’ সাধু দেব-গণের আহ্বানকারী এবং ‘বিশ্ববেদসং’ সর্ব্বজ্ঞ অথবা সর্ব্বধন ও ‘সুক্রতুং’ শোভনকর্ম্মা বা শোভন-প্রজ্ঞাবিশিষ্ট॥ ৩

—:*:—

(৪)

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অগ্নির্বৃত্রাণিজঙ্ঘনদ্দ্রবিণস্যুর্বিপন্যযা।

১ ২ ৩ ১ ১ ২।
সমিদ্ধঃশুক্রআহুতঃ (ঋ৹ ৬, ১৬, ৩৪) ॥ ৪

বি৹। এ মন্ত্রটিও ভরদ্বাজ সংগৃহীত পূর্ব্বোল্লিখিত সূক্তেরই চতুস্ত্রিংশ, যাহা ইদানীং ঋক্ সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষোড়শ। ইষ্টি, পশু, ও সোম এই ত্রিবিধ যাগেই যে কোন স্থলে 'বৃধন্বন্তৌ পুষ্টিমন্তৌ' ইত্যাদি বিশেষ বিধি বিহিত না থাকিবে, সেই সেই স্থলে ইহা প্রথম আজ্য ভাগের অনুবাক্যা এবং উপসৎ প্রকরণে আগ্নেয় ইষ্টি সম্বন্ধেও ইহাই অনুবাক্যা ও সায়ংকালীন আজ্যভাগের ইহাই যাজ্যা অতএব ইহাও আগ্নেয়ী। অতএব উক্ত ভরদ্বাজই ইহার ঋষি। ছন্দ গায়ত্রী। শ্রুতর্ষা ঋষি এই ঋক্‌টিকে ত্রিবিধ গান করিয়াছেন, সেই জন্যই এ তিনটিরই নাম 'শ্রৌতর্ষ' ॥ যথা—

৫ ১ ৩ ৫র র
গ্রে৹ গা৹। অগ্নির্বৃত্রা। ণা২নি জা২৩৪ ঔহোবা।
৩ ৫ ২ ১ ২ ১ ২র১ ১ ২
ঘা২৩৪নাৎ। দ্রবিণস্যুর্বিপন্যযা২। ওষিসমিদ্ধা২৩ঃ শূ।
১ র ২ ১ ২ ১
ক্রাযাহুতঃ। ইডা২৩ভা৩৪৩। ও২৩৪৫ই। ডা ॥ ৬ ॥

৩ ২ ৩৪ ৪ ৫ ৫ ৪ ৫ ১ ২ ২ ১ ২ ২
অগ্নিরৌহোবা হাযি। বৃত্রাণি। জাঙ্ঘা৩নাৎ। ঔহো৩বা৩।
১ ৩ ৫ ১ ১ ৭ ১ ২ ১ ৩
দ্রবিণা২৩৪স্যুঃ। ওযিবোযিপন্যযা২। সমাযে৩। ধা২ঃশু২৩৪
৫র র ২ ১র ৩ ১ ১ ১ ১
ঔহোবা। ক্রযাহুতা২৩৪৫ঃ ॥ ৭ ॥

৪ ৫ ' ২ ১র ৩র ২ ৩ ৫ ২ ১
ওগ্নীঃ। বৃত্রাণি জজ্ঘনাৎ। ঔহোহো২৩৪ বা। দ্রবিণস্যু-
২ ১ ৩র ২ ৩ ৫ ১ ২ ১ ৩র ২ ৩
র্বিপন্যযা। ঔহোহো২৩৪বা। সমিদ্ধঃ শুক্রযা। ঔহোহো২৩৪
৫ ৪ ৫
ম্বা। হো৫তোঙহাযি॥ ৮॥ ৪

বা০টী০। উক্ত অগ্নিঋষি কোন সময়ে দৌত্যে-সন্ধি-বন্ধনাদি কার্য্যে অকৃতকার্য্য হওতঃ অনন্যগত্যা সংগ্রাম করিতে বাধ্য হইয়াছিলেন; তৎকালীন বিক্রম বর্ণনাই এ মন্ত্রের উদ্দেশ্য। যথা—'অগ্নিঃ' অগ্নিঋষি, 'বিপন্যয়া' যথা-কাল-ব্যবহারাভিজ্ঞতানুসারে 'দ্রবিণস্যুঃ' প্রভুর দ্রবিণ কামনায় অর্থাৎ এ-যুদ্ধে জয়ী হইতে পারিলে প্রভূর যথেষ্ট দ্রব্যাদি লাভ হইবে অতএব এস্থলে যুদ্ধই কর্ত্তব্য, এই বিবেচনায়, 'আহুতঃ' ঘৃতাদি-আহুতি-প্রাপ্ত সুতরাং 'সমিদ্ধঃ' সম্যক্ প্রজ্বলিত 'শুক্রঃ' শুক্লবর্ণ অগ্নির ন্যায়, মহাবিক্রম প্রকাশ পূর্ব্বক 'বৃত্রাণি' সমস্ত শত্রুদলকে 'জজ্ঘনৎ' পুনঃ পুনঃ বা অতিশয়রূপে হতাহত করিয়াছিলেন। 'বিপন্যা' শব্দটি পনধাতুর রূপান্তর; ব্যবহার ও স্তুতি এ উভয়ই পনধাতুর অর্থ, এস্থলে প্রকরণের অনুরোধে ব্যবহার অর্থই গ্রহণীয়॥ ৪

সা০ ভা০। অগ্নির্বৃত্রাণীত্যেষা ভরদ্বাজেন দৃষ্টা। ছন্দো-দেবতে পূর্ব্ববৎ। সৈষা চতুর্থী। দ্রবিণং ধনং স্তোতৄণামিচ্ছন্ ছন্দসি পরেচ্ছায়াং ক্যচ্ (পা০৩,১,ৰা০) প্রাতিপদিকেভ্যঃ পরেচ্ছায়াং 'ক্যচি সুগাগমঃ (পা০১,৪,৩৬)'। যদ্বা হবির্লক্ষণং ধনং তদাত্মন ইচ্ছন্নগ্নিঃ। বিপন্যয়া পনতিঃ স্তুত্যর্থঃ, অস্মাভিঃ ক্রিয়মাণয়া স্তুত্যা, স্তূয়মানঃ সন্। বৃত্রাণি বলেন

জগতা মাবরকাণি রক্ষঃপ্রভৃতীনি. তমাংসি বা। জঙ্ঘনৎ ভৃশং হন্তু। হন্তের্যঙ্লুগন্তাল্লিঙর্থে লেট্ (পা০৩,৪,৭)। কীদৃশোঽগ্নিঃ? সমিদ্ধঃ সমিদাদিভির্হবিভিঃ সম্যগ্ দীপিতঃ। অতএব শুক্রঃ দীপ্যমানঃ। আহুতঃ হবির্ভিরাহুতঃ॥ ৪

ভা০ অ০। 'অগ্নিঃ' দেবতা, 'দ্রবিণস্যুঃ' দ্রবিণশব্দে ধন; স্তোতৃগণের জন্য ধন ইচ্ছা করতঃ (ছন্দে পরের ইচ্ছা অর্থেও ক্যচ্প্রত্যয় হইয়া থাকে অথবা সাধারণ নিয়মানুসারে আপনার ইচ্ছা অর্থে ক্যচ্ স্বীকার করিলেও এ স্থলে অর্থ অসঙ্গতি হয় না; তাহা হইলে 'হবিঃস্বরূপ ধনলাভ করিতে ইচ্ছুক হইয়া' এইরূপ অর্থ হইবে) 'বিপন্যয়া' পনধাতু এস্থলে স্তুত্যর্থ; আমাদিগকর্ত্তৃক ক্রিয়মাণ স্তুতির দ্বারা স্তূয়মান হওতঃ 'বৃত্রাণি' স্বীয়বলে সর্ব্বজগতের আবরণকারী রক্ষঃপ্রভৃতি অথবা তমোব্যূহ 'জঙ্ঘনৎ' পুনঃ পুনঃ অথবা অতিশয় রূপে হনন করুন। অগ্নি কি রূপ? তিনি 'সমিদ্ধঃ' সমিৎকাষ্ঠ প্রভৃতিতে সম্যক্ প্রজ্বলিত ও 'আহুতঃ' হবিরাহুতিসম্পন্ন অতএব 'শুক্রঃ' দীপ্যমান॥ ৪

—ঃ*ঃ—

(৫)

১ ২   ৩ ১ ২   ৩ ২ ৩ ১ ২   ৩ ২
প্রেষ্ঠংবোঅতিথিংস্তুষেমিত্রমিবপ্রিয়ম্।
২ ৩ ২ ৩ ১। ২।
অগ্নেরথংনবেদ্যম্ (ঋ০ ৮, ৮৪, ১)॥ ৫

বি০। কবি ঋষির পুত্র উশনা ঋষি নয়টি ঋক্ চয়ন পূর্ব্বক যে একটি সূক্ত সংগ্রহ করেন, যাহা ইদানীং ঋক্ সংহি-

তার অষ্টম মণ্ডলের চতুরশীতিতম। এটি সেই সূক্তেরই প্রথম মন্ত্র অতএব তিনিই ইহার ঋষি। ছং গা০। প্রাতরনুবাক সম্বন্ধী আগ্নেয় ক্রতুতে এ সূক্তটি আশ্বিন গ্রহের শস্ত্ররূপে ব্যবহৃত হয় এবং আভিপ্লবিক উক্‌থ মৈত্রাবরুণ যাগে এতদাদি ঋকৃত্রয় বিকল্পে স্তোত্রিয়ত্ব লাভ করে; তদনুসারেও ইহা আগ্নেয়ী। এই ঋঙ্‌মূলক চারিটি সাম দৃষ্ট হয়। তন্মধ্যে ১টি ঊহগানের পঞ্চম প্রপাঠকের প্রথমার্দ্ধের একাদশ। অপর তিনটি গেয়গানের ১প্র০ ১অ০ ৯ম, ১০ম ও ১১শ। এই তিনটি সামেরই প্রকাশক ঐ উশনা বা ইহার মধ্যে কোন কোনটি উশনার কোন কোনটি শিরিষ ঋষির অতএব ইহাদিগকে 'ঔশন' বা 'শৈরিষ' কহা যায়। যথা—

৪র ৫ ৪ ১ ১ ১ র ২
গে০ গা০। প্রেষ্ঠং বাঃ। অতা২৩যিথীম্। স্তোষেমিত্রম্।
৩ ১ ২ ১ ২ ২ ১ ২
ইবপ্রা২৩যাম্। অগ্নাযিরা৩থা৩ম্। নাবা২৩হা৩৪৩যি।
১ ৫ ৫
দা২৩৪যো৬হাযি॥ ৯॥

৪র ৫ ৪ ১ ২ ২
প্রেষ্ঠং বাঃ। ওহাযি। অতা২৩যিথীম্। স্তুষাযি।
১ ৩ ৫ ২র ১ ২র ১
মিত্রা৩ম্। ইবা২প্রা২৩৪যাম্। ঔহো২১যি। অগ্নেরাথা২৩ম্।
১ ৪ ২ ৫ ৫
না২৩বে৩। দা৩৪৫যো৬হা। যি॥ ১০॥

৫র র ১ ১ র ২
প্রেষ্ঠংবোহাউ। অতিথাযিম্। স্তুষেমিত্রমিবপ্রা৩৩য়াম্।
১ ২ ১ ২ ৫র র ২ ১র ৩ ১ ১ ১ ১
অগ্নাযে৩। রা২থা২৩৪ঔহোবা। ন বেদিকা২৩৪৫ম্॥ ১১॥

বা০ টী০। অসুর-পুরোহিত উশনা ঋষি, দেবগণের দৌত্য কার্য্যে সমাগত অগ্নি ঋষিকে নিরাপদ করণার্থ সৈন্যগণকে উপদেশ দিতেছেন ;—সৈন্যগণ! 'প্রেষ্ঠম্' অতীব-প্রিয়তম (সন্ধিবন্ধন কার্য্যার্থে সমাগত সুতরাং অতি প্রিয়তম) 'অগ্নে' এই অগ্নি ঋষিকে 'বঃ' তোমাদের 'অতিথিং' অতিথি বিবেচনায় 'মিত্রমিব প্রিয়ং' বন্ধুর ন্যায় প্রিয়পাত্র বলিয়া 'স্তুষে' স্তব কর এবং 'রথং ন বেদ্যম্' ইহাঁকে রথের ন্যায় ভারবাহক বলিয়া অবগত হও (এতাবতা ইনি স্বীয় প্রভুর অভিপ্রায়ানুসারে যাহা কিছু বলেন তাহাও ক্ষমণীয়)। 'অগ্নে'—ঋগ্বেদে অগ্নিং পাঠই আছে ; অগ্নে পাঠে দ্বিতীয়ার একবচনের স্থানে শে-আদেশ স্বীকার করিলেও (পা০৭, ৩, ৩৯) ঐ অর্থই অব্যাহত থাকিবে। স্তুষে—এটি বিধিঅর্থে বৈদিক পঞ্চম লকারের রূপ, বিবরণকারও তাহাই স্বীকার করিয়াছেন ॥ ৫

সা০ ভা০। প্রেষ্ঠং ব ইত্যেষা উশনসা দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা পঞ্চমী। হে অগ্নে! বঃ ত্বাম্। পূজার্থে বহুবচনম্। স্তুষে স্তৌমি—অহমুশনা-ইতি শেষঃ। কীদৃশম্? প্রেষ্ঠং স্তোতৃণামস্মাকং ধনদানেন প্রিযতমম্। অতিথিং সর্ব্বৈরতিথিবৎ পূজ্যম্। যদ্বা অত সাতত্য-গমনে, ঋতন্যঞ্জীত্যাদিনা (উণা০৪,২) অতেরিথিন্। সততং দেবানাং হবিঃ প্রদাতুং গচ্ছন্তম্। মিত্রমিব সখাযমিব। প্রিযং স্তোতুঃ প্রীণনকরম্। রথং ন, রথমিব বেদ্যং বেদো ধনং, ধন-হিতং লাভহেতুম্। যথা রথেন ধনং লভতে তদ্বৎ স্তোতারোঽনেন ধনং লভতে, তাদৃশধনলাভকারণম্। 'অগ্নে' ইতি ছন্দোগানাম্, 'অগ্নিম্'-ইতি বহ্বৃচানাং পাঠঃ ॥ ৫

ভা০ অ০। হে 'অগ্নে!' 'বঃ' ত্বাং (তোমাদিগকে পূজার্থে বহুবচন) তোমাকে 'স্তুষে' আমি উশনা স্তব করি। তুমি কিরূপ? 'প্রেষ্ঠং' স্তোতৃগণের অর্থাৎ আমাদের ধন-দানকারী বলিয়া প্রিয়তম, 'অতিথিং' সর্ব্বজন কর্ত্তৃক অতিথি-বৎ পূজনীয় অথবা অতিথি শব্দটি সতত গত্যর্থ অতধাতু হইতে নিষ্পন্ন হইয়া থাকে, তদনুযায়ী এস্থলে দেবগণের হবিঃপ্রদান কার্য্যে সতত গমনশীল, 'মিত্রমিব' সখার ন্যায় 'প্রিযং' স্তোতৃগণের প্রীণনকারী এবং 'রথং ন' রথের ন্যায় 'বেদ্যং' (বেদঃশব্দে ধন) ধন-হিত অর্থাৎ লাভের হেতু, যেরূপ রথের সাহায্যে ধন লাভ হয়, তোমার সাহায্যেও স্তোতারা সেইরূপ ধন লাভ করিয়া থাকেন সুতরাং তাদৃশ ধন লাভের কারণও তুমিই ॥ ৫

—ঃ*ঃ—

(৬)

১ ২ ৩১ ২ ৩ ১ ২। ৩ ১ ২
ত্বন্নোঅগ্নেমহোভিঃপাহিবিশ্বস্যাঅরাতেঃ
৩ ২ ৩ ১। ২।
উতদ্বিষোমর্ত্ত্যস্য (ঋ০ ৮, ৭১, ১) ॥ ৬

বি০। অঙ্গিরোবংশাবতংস সুদীতি ঋষি বা পুরুমীঢ় ঋষি অথবা উভয়েরই যত্নে পঞ্চদশ ঋক্ সংগৃহীত বা প্রণীত হইয়া যে একটি সূক্ত প্রকাশিত হয়, যাহা ইদানীং ঋক্ সংহিতার অষ্টম মণ্ডলের এক সপ্ততিতম। এ মন্ত্রটি তাহারই আদিম অতএব তাঁহারাই ইহার ঋষি। ছ০ গা০। ইহাও প্রাতরনুবাক প্রকরণে আগ্নেয় ক্রতুতে আশ্বিন শস্ত্র রূপে ব্যবহার্য্য অতএব ইহাও আগ্নেয়ী। ইহা ইন্দ্র নামক ঋষি

কর্ত্তৃক দ্বিবিধ গীত হইয়াছে ; যাহা এক্ষণে গেয়গানের ১প্র০ ১অ০ ১২শ ও ১৩শ। এতন্মধ্যে প্রথমটির নাম 'সংবর্গ' ও দ্বিতীয়টির নাম 'বার্ত্রঘ্ন'। যথা—

৫ র ২র১র২ ১র ২ ২ ১র
গে০ গা০। ত্বন্নোযাগ্নেমহোভিঃ। পাহোযিবীতশ্বা। স্যা

র ২র ১ ২ — ১২ ১ ২
অরাতেঃ। উতাদ্বা২১যিষা২ঃ। মর্ত্ত্যস্য। ইডা২৩ভা৩৪৩।

১
ও৩৪ই। ডা॥ ১২॥

৪র ৫র র৪ ৫ ৫ ১র ১ ২ ২
ত্বান্ত্বন্নোঅগ্নেম। হোভভাঈঃ। পাহী বীশ্বা। ঔ৩হো।

১ ২ ২ ১ ২ ১ ২ — ১ ২
স্যা ঔ৩হো। আরাতেঃ। উতাদ্বা১ঈ যাঃ২। মর্ত্তা২যা২৩৪

৫ব র ৩ ১ ১ ১ ১
ঔহোবা। স্যা২৩৪৫॥ ১৩॥ ৬

বা০ টী০। এ মন্ত্রোক্ত অগ্নিপদটি ঈশ্বরবাচক স্বীকৃত হইলেই সমধিক সঙ্গত হয় অথবা এ মন্ত্রে অগ্নিঋষির সৈনাপত্য স্বীকার করিয়া, তৎকর্ত্তৃক রক্ষণীয় সমস্ত সেনাদির রক্ষা প্রার্থিত হইতেছে। 'অগ্নে' হে অগ্নিঋষি! 'ত্বং' তুমি 'নঃ' আমাদিগকে 'মহোভিঃ' স্বকীয় প্রভাবে 'বিশ্বস্যাঃ অরাতেঃ' সমস্ত শত্রুমণ্ডলী হইতে 'উত' এবং 'দ্বিষঃ মর্ত্তস্য' দ্বেষ-প্রকৃতি মনুষ্যমাত্র হইতে 'পাহি' রক্ষাকর॥ ৬

সা০ ভা০। ত্বন্ন-ইত্যেষা সুদীতিপুরুমীঢ়াভ্যাং তযোরন্যতরেণ বা দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা ষষ্ঠী। হে অগ্নে! ত্বং, নঃ অস্মান্। মহোভিঃ পূজাভিঃ, মহদ্ভির্ধনৈর্বা। পাহিরক্ষ। কস্যাঃ পাহি? বিশ্বস্যাঃ বহুবিধাৎ অরাতেঃ অদাতুঃ সকাশাৎ, অদানাদ্বা পাহি! ত্বমেব মহদ্ধনং দত্ত্বা,

অদাতুরদানাদ্বা সকাশাদ্রক্ষেত্যর্থঃ। যদ্বা মহোভির্যুক্তস্ত্বমিতি যোজ্যম্। উত অপিচ। দ্বিষঃ দ্বেষ্টুঃ মর্ত্ত্যস্য মর্ত্ত্যাৎ সকাশাৎ, পাহি। অস্মভ্যং বলং দত্ত্বেতি ভাবঃ। অথবা মর্ত্ত্যস্য দ্বিষো দ্বেষাদ্রক্ষেতি সম্বন্ধঃ। অরাতেরিত্যস্য অদানা৽দিতি পক্ষে তত্রাপি মর্ত্ত্যস্যাদানাদিতি সম্বন্ধনীয়ম্ ॥ ৬

ভা৽ অ৽। হে 'অগ্নে!' 'ত্বং' তুমি 'নঃ' আমাদিগকে 'মহোভিঃ' পূজার দ্বারা অথবা প্রচুর ধনের দ্বারা 'পাহি' রক্ষা কর। কাহা হইতে করিবে? 'বিশ্বস্যাঃ অরাতেঃ' বহুবিধ অদাতা বা অদান হইতে রক্ষা কর। অর্থাৎ তুমিই প্রচুর ধন প্রদান করিয়া অদাতা বা অদান হইতে রক্ষা কর। অথবা মহোভিঃ এ পদের তুমি মহোযুক্ত এরূপ অর্থও করা যায়। 'উত' এবং আমাদিগকে বল প্রদান করতঃ 'দ্বিষঃ মর্ত্ত্যস্য' দ্বেষ্টৃ-মনুষ্য হইতে রক্ষা কর। অথবা মনুষ্যের দ্বেষ হইতে রক্ষা কর ॥ ৬

—৽—৽—

(৭)

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২

এহ্যূষুব্রবাণিতেঽগ্নইত্থেতরাগিরঃ।

৩ ১ ২ ৩ ১ ২

এভির্বর্দ্ধাসইন্দুভিঃ (ঋ৽ ৬, ১৬, ১৫) ॥ ৭

বি৽। বৃহস্পতি বংশীয় ভরদ্বাজ ঋষিকর্ত্তৃক ৪৮ ঋক্ সঙ্গৃহীত হইয়া যে সূক্ত হয়, যাহা ইদানীং ঋক্ সংহিতার ষষ্ঠমণ্ডলের ষোড়শ সূক্ত, ইহা তাহারই ষোড়শ ঋক্ অতএব উক্ত ভরদ্বাজই ইহার ঋষি। ছ৽ গা৽। উক্থ্য ক্রতুতে তৃতীয় সবনে মৈত্রাবরুণসম্বন্ধীযাগে স্তোত্রিয়রূপে যে তৃচটি

ব্যবহার্য্য, ইহা তাহারই প্রথম; আভিপ্লবিক উক্‌থেতেও ইহা বিকল্পে স্তোত্রিয় হইয়া থাকে এবং পৌনরাধেয়িকী ইষ্টিতে উত্তর আজ্যভাগের অনুবাক্যা রূপেও ব্যবহার্য্য অতএব ইহাও আগ্নেয়ী। এতন্মূলক চারিটি সাম দৃষ্ট হয়। তন্মধ্যে ঊহ গানের প্রথম প্রপাঠকের প্রথমার্দ্ধের পঞ্চদশ ও ত্রয়োদশ প্রপাঠকের প্রথমার্দ্ধের দ্বাদশ যথাস্থানে প্রকাশিত হইবে। অপর দুইটি গেয় গানের ১প্র০ ১অ০ ১৪শ ও ১৫শ এক্ষণে প্রকাশিত হইতেছে। এই দুইটিই শুনঃ শেপ ঋষির প্রকাশিত সুতরাং এ উভয়েরই নাম 'শৌনঃশেপ'। যথা—

৫র র ২　৪ র ৫　৫　১　২
গে০ গা০। এহ্যূষু৩ ব্রবাণা৬যি তাযি। অগ্নইথেত

র　১　২র　১　১　২　১
রাগা২যিরাঃ। এভা২যির্বর্দ্ধা। সযা২৩হা৩৪৩যি। দূ২৩৪

৫　৫
ভো৬হাযি ॥ ১৪ ॥

৫রর　র　১　৫　১　র　২　২　২
এহ্যূষুব্রবৌ হোণাযিতাযি। অগ্ন ইথেতরা২১গীতরাঃ।

২　৩　৫　১　২　১　৫　৫
এভির্বা২৩৪র্দ্ধা। সযা২৩হা৩৪৩যি। দূ২৩৪ভো৬হাযি ॥ ১৫ ॥ ৭

বা০ টী০। এই মন্ত্রে পুরোহিত কর্ত্তৃক সেনাপতিকে সোমরস পান করাইয়া সংগ্রামে উত্তেজিত করা হইয়াছিল। 'অগ্নে' হে অগ্নিনাম সেনানায়ক! 'তে' তোমার কথিত 'ইতরাঃ গিরঃ' অসুরসম্বন্ধী বাক্যগুলি সমস্তই 'ইত্থা' সত্য, 'উ' অতএব, ইহা আমি ভূপতি কর্ত্তৃক তোমাকে 'সুব্রবাণি' সুন্দররূপে বলিতে (অর্থাৎ অসুর দমনার্থ ত্বদীয় ক্রোধ উত্তেজিত করিতে) আদিষ্ট হইয়াছি। 'এহি' আইস—'এভিঃ

ইন্দুভিঃ' এই সমধিক সোমরস পান করতঃ 'বৰ্দ্ধসি' উত্তেজিত হও ॥ ৭.

সা০ ভা০। এহ্যূষিত্যেষা ভরদ্বাজেন দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা সপ্তমী। হে অগ্নে! এহি আগচ্ছ। তে তুভ্যম্ ত্বদর্থং গিরঃ স্তুতীঃ। ইত্থা ইত্থমনেন প্রকারেণ। স্থ সুষ্ঠু, ব্রবাণি ইত্যাশাস্যতে, তাঃ স্তুতীঃ শৃণ্বিত্যর্থঃ। উ ইত্যেতাঃ ইতরাঃ অসুরৈঃ কৃতাশ্চ স্তুতীঃ শৃণ্বিতিশেষঃ। তথাচ ব্রাহ্মণম্—"অগ্নিরিত্থেতরা গিরইত্যসূর্য্যাহ বা ইতরা গিরঃ"-ইতি। অপি চ আগতস্ত্বং এভিঃ এতৈঃ, ইন্দুভিঃ সোমৈঃ, বৰ্দ্ধসি বৰ্দ্ধস্ব ॥ ৭

ভা০ অ০। হে 'অগ্নে' 'এহি' আগমন কর। 'তে' আমরা আশা করি—তোমার জন্য 'গিরঃ' স্তুতিবাক্য সকল 'ইত্থা' এই প্রকারে 'সু' সুন্দররূপে 'ব্রবাণি' যেন বলিতে সমর্থ হই! অর্থাৎ অস্মৎকৃত স্তুতি সকল শ্রুত হউক। 'উ' এই সমস্ত 'ইতরাঃ' অসুর কৃত স্তুতিগুলিও শ্রবণ কর ব্রাহ্মণ গ্রন্থে আছে যে অসুরসম্বন্ধী বাক্যকেই ইতরবাণী বলা যায়। এবং আগত তুমি, এই সমধিক সোমরস পানে 'বৰ্দ্ধসি' বৰ্দ্ধিত হও ॥ ৭

—॰॥॰—

(৮)

১ ২ ৩ ১ ১। ৩ ১ ২ ৩ ১ ২

আতেবৎসোমনোযমৎপরমাচ্চিৎসধস্থাৎ।

২ ৩ ১ ২ ৩ ২

অগ্নেত্বাঙ্কামযেগিরা (ঋ০ ৮, ১১, ৭) ॥ ৮

বি০। কণ্বংশীয় বৎস নামক ঋষি অগ্নি নামক কোন

সেনাপতিকে যুদ্ধ করিতে উত্তেজিত করণার্থ দশমন্ত্রাত্মক যে একটি সূক্ত প্রকাশ করেন, এটি তাহারই সপ্তমরূপে গ্রথিত সুতরাং তিনিই ইহার ঋষি। ছ০গা০। এ সূক্তটি ইদানীং ঋক্ সংহিতার অষ্টম মণ্ডলের একাদশ এবং প্রথমাতিরিক্ত প্রাতরনুবাক্ নাম্নী আগ্নেয় ক্রতুতে আশ্বিনশস্ত্ররূপে ব্যবহৃত হইয়া থাকে; বিশেষতঃ তদীয় এই সপ্তম ঋক্টি আভিপ্লবিক উক্থ যাগের তৃতীয় সবনে বিকল্পে স্তোত্রিয় হইয়া থাকে। যজুঃ সংহিতার ১২শ অধ্যায়েও (১১৫) ইহা দৃষ্ট হয়। সে স্থলেও ইহা অগ্ন্যাহরণের অনুবাক্যা রূপে ব্যবহৃত দেখা যায় অতএব ইহাও আগ্নেয়ী। এই ঋক্টি ঐ কণ্বঋষি স্বয়ংই ত্রিবিধ গান করিয়াছেন, তাহার একটি উহগানের ৪প্র০ ১অ০ ১৭শ, অপর দুইটি গেয় গানের ১প্র০ ১অ০ ১৬শ ও ১৭শ; এ সামত্রয়ই 'কাণ্ব' নামে অভিহিত হইয়া থাকে। যথা—

৫র র　　১ র ২　　১ ২র　　৩ ১
গে০ গা০। আতেৱৎসাঃ। মনোযমৎ। পরমাৎ। চিৎস
২　১　২　২　৪　৫　৪　৫
ধা২৩স্থাৎ। অগ্নাযিত্বা৩ঙ্কা৩। মযো ৱা। গা২৫বিরো৬হাযি
॥ ১৬ ॥

৪র ৫র　৪র　৫র　　৫ ৫　　২ ১র　　র ব
আতেৱৎসোমনোযমৎ। ঐযাহাযি। পরমাচ্চিৎসধস্থাদৈ
১　　১ র র র　　ব　১　　১ ব
যা২৩হোইযা। অগ্নে ত্বাঙ্কামময ঐযা২৩হোইমা। গিরা।
১　২　　১
ইডা২৩ভা৩৪৩। ও২৩৪৫ই। ডা ॥ ১৭ ॥ ৮

বা০ টী০। সোমপান করাইয়া ঈষন্মত্তাবস্থায় ঈপ্সিতা-

স্বরূপ উত্তেজিত করণার্থ বৎসঋষির সঙ্গ্রামপ্রবর্ত্তিনী উত্তেজনা স্মরণ করাইতেছেন ;—

হে 'অগ্নে' সেনানায়ক! 'বৎসঃ' বৎস নামক ঋষি 'পরমাৎ সধস্থাৎ চিৎ' (পরমং সধস্থং প্রদর্শ্যৈব) প্রশংসনীয় সাজাত্য-ভাব দর্শাইয়াই 'তে' তোমার 'মনঃ' অন্তঃকরণ 'আ যমৎ' আয়ত প্রশস্ত করিয়া দিয়াছেন ; অধুনা 'ত্বাং' তোমাকে 'গিরা' বাক্যের দ্বারা 'কাময়ে' ইচ্ছাকরি (অর্থাৎ এই স্মারক বাক্যের দ্বারা তোমার নিকট বৎসোপদেশের স্মৃতি প্রার্থনা করি, গৌরবরক্ষণার্থ কিরূপ বিক্রমপ্রকাশ কর্ত্তব্য তদ্বিষয়ে বৎসকৃত উপদেশগুলি তোমার স্মৃতিপথে উদিত হউক ইহাই প্রার্থনীয়)। সধস্থাৎ শব্দটি ল্যপ্‌লোপে পঞ্চমী এবং সহপূর্ব্বক স্থাধাতু হইতে সধস্থ শব্দ নিষ্পন্ন হয় অতএব সধস্থশব্দের প্রকৃত অর্থ 'যে পথে বা যাহাতে সাধুগণ একত্র ঐকমত্যে স্থিতি অর্থাৎ সহবাস করেন, তাহাকেই সধস্থ কহে সুতরাং সধস্থ শব্দে স্বজাতি-মিলন-স্থান অর্থাৎ সমাজ। ইহার দ্বারা দেব-সমাজ, পিতৃসমাজ, মনুষ্যসমাজপ্রভৃতি সমস্তই বুঝাইতে পারে ॥ ৮

সা০ভা০। আ তে বৎস-ইত্যেষা কণ্বগোত্রেণ বৎসেন দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা অষ্টমী। বৎসঃ এতন্নামা ঋষিঃ। তে তব, মনঃ পরমাচ্চিৎ উৎকৃষ্টাদপি, সধস্থাৎ সহস্থানাৎ দ্যুলোকাৎ। আ যমৎ আ যমযতি। কেন সাধনেন? গিরা স্তুত্যা। শিষ্টং প্রত্যক্ষকৃতম্। হে অগ্নে! ত্বাং কাময়ে ত্বদীয়ং মনো ময্যের নিযচ্ছামীতি প্রার্থয়ে। 'ত্বাঙ্কাময়ে' ইতি ছন্দোগাঃ। ত্বাম্ কাময়ে' ইতি বহ্বৃচাঃ সুবন্তত্বাদবগৃহ্য পঠন্তি ॥ ৮

ভা৹ অ৹। 'বৎসঃ' এতন্নামক ঋষি 'তে মনঃ' তোমার মনটি 'পরমাৎ চিৎ সধস্থাৎ' উৎকৃষ্টস্থান স্বর্গ হইতেও 'আ যমৎ' আকৃষ্ট করিয়াছেন। কি উপায়ে? 'গিরা' স্তুতি-বলে। অবশিষ্ট ঋগংশের ব্যাখ্যা সাক্ষাৎ সম্বন্ধে করিতে হইবে,—হে 'অগ্নে' 'ত্বাং কাময়ে' তোমার মনটি আমাতেই নিয়ত হউক! ইহাই প্রার্থনা করি ॥ ৮

—ঃ*ঃ—

(৯)

১ ২ ৩ ১ ২ ৩ ১। ২। ৩ ১ ২
ত্বামগ্নেপুষ্করাদধ্যথর্ব্বানিরমন্থত।
২ ১। ২। ৩ ১ ২
মূর্দ্ধ্নোবিশ্বস্যবাঘতঃ (ঋ৹ ৬, ১৬, ১৩) ॥ ৯

বি৹। বৃহস্পতি বংশীয় ভরদ্বাজ ঋষি যে অষ্টচত্বারিং-শন্মন্ত্রাত্মক সূক্ত প্রচার করেন, যাহা ঋক্ সংহিতার ৬ষ্ঠ মণ্ডলের ষোড়শ, ইহা তাহারই ত্রয়োদশ অতএব বার্হস্পত্য ভরদ্বাজই ইঁহার ঋষি। গা৹ ছ৹। অগ্নিমন্থনে ব্যবহৃত হয় সুতরাং ইহাও আগ্নেয়ী। অগ্নি নামক কোন ঋষি ইহা গান করিয়াছেন, সেই গানটির নাম 'আর্ষেয়'। ইহা গে৹ গা৹ ১প্র৹ ১অ৹ ১৮শ। যথা—

৫র র ৫র ৫র ১ ২ র ১
গে৹ গা৹। ত্বামগ্নে পূষ্কা৬রাদধী। আথর্ব্বা। নাযিঃ।
৭ ৩ ৫ ৩ ৫ ৩ ৫ ৪ ৫
অমা২স্থা২৩৪তা। মূ২৩৪র্দ্ধ্নো। বা২৩৪যিশ্বা। স্যবো বা।
৪ ৫
ঘা২৫তো৬হাযি ॥ ১৮ ॥ ৯

বা৹ টী৹। শরফলকাদিতে বৈদ্যুতাগ্নি সংযোগ করি-বার সময়ে এই মন্ত্রের দ্বারা, বৈদ্যুতাগ্নিকে ব্যবহৃত করিবার

উপায় আবিষ্কারক, অথর্ব্বঋষির নামোল্লেখ দ্বারা কর্ত্তব্য-কৃতজ্ঞতা সূচিত হইতেছে ;— 'অগ্নে!' 'বাঘতঃ' মেধাবী 'অথর্ব্বা' ঋষিই সর্ব্বপ্রথমে এই 'বিশ্বস্য মূর্দ্ধঃ' 'পুষ্করাৎ' বিশ্বের মস্তকস্বরূপ অন্তরীক্ষ হইতে 'অধি' ঐশ্বর্য্যস্বরূপ 'ত্বাং' তোমাকে 'নিরমন্থত' আবিষ্কৃত করিয়াছেন। বাঘত শব্দটীর অর্থ ভগবান্ যাস্ক'মেধাবী'স্থির করিয়াছেন (১১,১৬) যে ঋষি এতদূর বিজ্ঞানবিৎ তাঁহার পক্ষে এ বিশেষণ অবশ্যই উপপন্ন ; একবচন স্থলে বহুবচন, সমধিক মানদ্যোতক অথবা বেদে অনেকানেক হলন্ত শব্দই অদন্তরূপে ব্যবহৃত দেখা যায় ; যথা—মহ, অপ, অর্ণ প্রভৃতি। পুষ্কর শব্দে অন্তরীক্ষ ইহাও যাস্ক-সম্মত (৫, ১৪)। অধি শব্দ যে ঐশ্বর্য্য-বাচী তাহাও যাস্ক স্বীকার করিয়াছেন (১, ৩) এবং তাদৃশ মহদুপযোগী বিদ্যুদগ্নি যে অন্তরীক্ষস্থ ঐশ্বর্য্যবিশেষ তাহাতেও সন্দেহ নাই, বিশেষতঃ অভিনব পদার্থের আবিষ্কারক অথর্ব্বার পক্ষে ॥ ৯

সা০ ভা০। ত্বামগ্ন-ইত্যেষা ভরদ্বাজেন দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা নবমী। হে অগ্নে! অথর্ব্বা এতৎসংজ্ঞ ঋষিঃ। ত্বাং পুষ্করাদধি পুষ্করে পুষ্করপর্ণে। নিরমন্থত অরণ্যোঃ সকাশাদজনয়ৎ। কীদৃশাৎ পুষ্করাৎ ? মূর্দ্ধঃ মূর্দ্ধব দ্ধারকাৎ। বিশ্বস্য সর্ব্বস্য জগতঃ। বাঘতঃ বাহকাৎ। "পুষ্কর পর্ণে হি প্রজাপতির্ভূমিমপ্রথয়ৎ তৎ পুষ্করপর্ণে প্রথয়ৎ' —ইতি শ্রুতেঃ। ভূমিশ্চ সর্ব্বজগত আধারভূতেতি পুষ্করপর্ণস্য সর্ব্বজগদ্ধারকত্বম্। অত্র পুষ্করশব্দেন পুষ্করপর্ণমভিধীয়তে—ইত্যেতচ্চ তৈত্তিরীয়কে সুস্পষ্ট মাম্নাতম্ ;—

"ত্বামগ্নে ! পুষ্করাদধ্যথর্ব্বা নিরমন্থত। মূর্দ্ধ্নো বিশ্বস্য বাঘতঃ" -ইতি॥ ৯ "ত্বামগ্নে ! পুষ্করাদধীত্যাহ, পুষ্করপর্ণে হ্যেন মুপ শ্রুতম-বিন্দৎ"-ইতি॥ ৯

ভা৹ অ৹। হে 'অগ্নে!' 'অথর্ব্বা' এতন্নামক ঋষি 'ত্বাং' তোমাকে 'পুষ্করাদধি' পুষ্করপর্ণেতে 'নিরমন্থত' অরণিদ্বয় হইতে প্রাদুর্ভূত করেন। কীদৃশ পুষ্করে? 'মূর্দ্ধ্নঃ' মূর্দ্ধার ন্যায় ধারক এবং 'বিশ্বস্য বাঘতঃ' সমস্ত জগতের নির্ব্বাহক। যেহেতু শ্রুতি আছে, যে, 'প্রজাপতি পুষ্করপর্ণে ভূমি প্রথিত করিয়াছেন' এবং ভূমি সর্ব্বজগতের আধার অতএব পুষ্কর-পর্ণকে সর্ব্বজগতের ধারক বলাযায়। পুষ্কর শব্দে যে পুষ্করপর্ণ গ্রাহ্য তাহাও তৈত্তিরীয় শাখাতে স্পষ্ট অবগত হওয়া যায়॥ ৯

মা৹ ভা৹ অ৹। বিবরণকার মাধবাচার্য্য (সায়ণাচার্য্যের পূর্ব্ববর্ত্তী) ইহার অপর প্রকার ব্যাখ্যা করেন। তিনি বলেন— "এস্থলে একটি ইতিহাস বোধিত হইতেছে। প্রথমে এ সমস্তই গাঢ়ান্ধকারময় ছিল, অনন্তর মাতরিশ্বা বায়ু আকাশেতে সূক্ষ্ম অগ্নি দেখেন এবং উহা মন্থনপূর্ব্বক প্রকাশ করেন, এই মন্থনকারীকেই অথর্ব্বাঋষি বলা যায় অতএব ইহার অর্থ এইরূপ— হে 'অগ্নে' 'ত্বাং' তোমাকে 'পুষ্করাৎ' অন্তরীক্ষ হইতে 'অথর্ব্বা' 'নিরমন্থত' মন্থন করিয়াছেন। কীদৃশ অন্তরীক্ষ হইতে? 'মূর্দ্ধ্নঃ' মূর্দ্ধস্বরূপ হইতে। কি নিমিত্ত? 'বিশ্বস্য বাঘতঃ' সমস্ত ঋত্বিক্‌গণের ইষ্টসিদ্ধির নিমিত্ত। 'অধি' শব্দটি এ মন্ত্রে অনর্থক॥" ৯

বক্তব্য— মাধবকৃত এ ব্যাখ্যাটি অনেকাংশে উৎকৃষ্ট কিন্তু বেদের অপৌরুষেয়তা রক্ষার অনুরোধে 'প্রাবাহণি

অথর্ব্বা প্রভৃতি নামগুলি 'মাতরিশ্বা বায়ু প্রভৃতিরই রূপক-কাব্যানুগত নামান্তরমাত্র' —এইরূপ মীমাংসাদর্শন-মত (১অ৹১পা৹৬সূ৹) প্রবল থাকায় অথর্ব্বা যে একজনা মনুষ্যের নাম ছিল, তাহা স্বীকার ছিল না, অদ্যাপিও তাদৃশ সংস্কার বিশিষ্ট কোন বৈদিক অধ্যাপকই বল্লেন না এবং তদানীন্তনও বিজ্ঞানচর্চ্চার আলোক বিকীর্ণ না থাকায় এ মন্ত্রে প্রকাশিত বৈজ্ঞানিক ভাবটি লক্ষ্য করিতে না পারিয়া 'ৱিশ্বস্য' পদের সহিত 'ৱাঘতঃ' পদের অন্বয় ও ৱাঘত শব্দের অর্থ ঋত্বিক্ করিয়াছেন, তাহাতেও সম্পূর্ণরূপে পূর্ণমনোরথ হইতে না পারিয়া অবশেষে 'ইষ্টসিদ্ধির নিমিত্ত' এই অংশ-টুকু অতিরিক্ত যোজনা করিয়াছেন, এবং ঈদৃশ অর্থে 'অধি'র অনাবশ্যকতা-নিবন্ধন অনর্থকতা স্বীকার করিয়াছেন।

এই সমস্ত আর্য্যাবনতিকালের টীকাকার দিগের টীকা-নুযায়ী বেদার্থ পর্য্যালোচনা করিয়াই পাশ্চাত্য ধীমদ্গণ বেদে বৈজ্ঞানিকভাব নাই স্থির করিয়াছেন বস্তুতঃ এ মন্ত্রের প্রকৃত অর্থ ও ভাব, নিবিষ্ট চিত্তে পর্য্যালোচনা করিলে সুস্পষ্ট লক্ষিত হইবে, যে, এই মন্ত্রের রচনাকালে যাদৃশ বিজ্ঞানচর্চ্চা ছিল ততদূর আজিও হয় নাই ॥ ৯

—০—

(১০)

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২

অগ্নেৱিৱস্বদাভরাস্মভ্যমূতয়েমহে।

৩ ১। ২। ৩ ২

দেৱোহ্যসিনোদৃশে ॥ ১০

বি৹। এ মন্ত্রটি ঋক্‌সংহিতাতে নাই। হোতৃগণের প্রয়ো-

জনীয় নহে, এইজন্যই উহাতে ইহার অসম্ভাব এবং এতন্মূলক সামটি উদ্গাতৃগণের উপযোগী, এইজন্যই সামবেদীয় আর্চ্চিক গ্রন্থে সমাদৃত। ইহার প্রকাশক ঋষি বামদেব। ছং গা০। দেবতা অনির্ণীত। বধ্র্যশ্ববংশীয় সুমিত্র বা অনূপ ঋষি এইটি গান করিয়াছেন, তদনুযায়ী ইহার 'সৌমিত্র' বা 'আনূপ' নামকরণ হইয়াছে। তাহাই এক্ষণে গে০ গা০ ১প্র০১অ০১৯শ। যথা—

৪ ৫ব ৪ ৫　১র ৫ ৪　১ ৫　২র　১
গে০ গা০। অগ্নেব্বিব্বস্বদাভরো। ব্বাহাযি। অস্মভ্যমূতা
১　২র　১　২ ২　১　২ ২　১　২
হ৩যাযিমহে। ওহ্। ব্বা৩হাযি। ওহ্। ব্বা৩হাযি। দাযিব্বো
৩ —　১　২ ২　১　২ ২　১
হ১হিযা২। ওহ্৭ ব্বা৩হাযি। ওহ্। ব্বা৩হা৩যি। সা২যি
৩　৫র ব　২
না২৩৪ ঔ৩হোব্বা। দৃশেহ্১ ॥ ১৯ ॥ ১০

সাং ভাং। অথ পঞ্চমী। বামদেবঋষিঃ। সদাবৃধঃ। সর্ব্বদা বর্দ্ধমানঃ। চিত্রঃ চায়নীয়ঃ। সখা মিত্রভূতঃ ইন্দ্রঃ। কয়া ঊতী ঊত্যা তর্পণেন। নঃ অস্মান্। আ ভুবৎ আভিমুখ্যেন ভবেৎ। শচিষ্ঠয়া প্রজ্ঞাবত্তময়া প্রজ্ঞাসহিতমনুষ্ঠীয়মানেন। কয়া বৃতা কেন বর্ত্তনেন কর্ম্মণা চ অভিমুখো ভবেৎ ॥ ৫

অং। সেই বিচিত্র ইন্দ্রদেবতা, কোন শক্তির দ্বারা আমাদের সতত-বর্দ্ধনকারী সখা হইতে পারেন? ন্যায়ানুগতাদয়া

শক্তির দ্বারা। কীদৃশ ক্রিয়াবলে আমরা সেই ন্যায়ানুগতা দয়ার অধিকারী হইতে পারি? যে ক্রিয়া, প্রজ্ঞাসহকৃত করা যায়॥ ৫

---

(৫৬)

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ত্যমুৰঃসত্রাসাহংৱিশ্বাসুগীর্ষায়তম্।
১ ২ ৩ ১ ২
আচ্যাৱয়সৃতয়ে (ঋং ৬,৬,১৬,২) ॥ ৬

বি০। ঋং অঙ্গিরোবংশীয় শ্রুতকক্ষ বা সুকক্ষ। এতন্মূলক সামত্রয়ের মধ্যে একটি ঊহগানের ১৩,১৬,২য়। অপর দুইটী গেয়গানের ৫,১২৬শ ও ২৭শ। এই সামদ্বয়ের প্রকাশক অজিত ঋষি এবং নামও তদনুযায়ী "আজিত"; ইহাদিগকে "সত্রাসাহীয়"ও বলাযায়। যথা—

৫ ২ র ১ — ১ র র ২
গেং গাং। ত্যমূৱাঃ। সত্রাসাহা২ম্। ৱিশ্বাসুগীর্ষ্আ১-
১র ১ ৩ ৫র র ২ ১
তা২ম্। আচ্যা২৩। ৱা২য়া২৩৪ঔ। হোৱা। সিয়ূ৩ত।
১ ১ ১ ১
য়ে২৩৪৫ ॥ ২৬ ॥

২ ৫ র ৪র ৫ ৫ ১র র র —
ত্যা৩৪মূ। উৱঃসত্রাসাহম্। ওৱা। ৱিশ্বাসুগীর্ষায়া২-
১ — ১ ২ ১ ১ ২র ৩র ২
তাম্। আ২চ্যা। ৱা২৩য়া। সিয়ো৩হো। ৱাহা৩৪৩ই।
১ ৫ ৫
তা২৩৪য়োঙহাই ॥ ২৭ ॥ ৬

সাং ভাং। অথ ষষ্ঠী। শ্রুতকক্ষঋষিঃ। যজমানঃ স্তোতৃন্ সম্বোধ্যাহ। হে স্তোতারঃ! সত্রাসাহম্। সত্রাশব্দোবহুবাচী বহূনামভিভবিতারম্। যদ্বা শত্রূন্ স্ববলেন সঙ্গত্য জেতারম্। বঃ য়ুষ্মদীয়াসু বিশ্বাসু গীর্ষু সর্ব্বেষু স্তোত্রেষু। আয়তং বিস্তৃতম্। সর্ব্বত্রেন্দ্র এব স্তূয়তে, তস্মাৎ তেষু বিততম্। ত্যম্ উ, 'উ'—ইত্যবধারণে, তমেবেন্দ্রম্। উতয়ে অস্মদ্রক্ষণায়। আচ্যাবয়সি চ্যুঙ্ প্রুঙ্ প্লুঙ্ গতৌ। ত্বদীয়ৈঃ স্তোত্রৈঃ য়জ্ঞং প্রতি আভিমুখ্যেন গময় ॥ ৬

অং। যিনি তোমাদের সতত শত্রুনাশ করুন, যিনি বিশ্বসংসারের সমস্ত বাক্যেই বিস্তৃত রহিয়াছেন, সেই ইন্দ্রদেবতাকে ন্যায়ানুগতা দয়া লাভের জন্য ভালরূপে উদ্বোধিত কর ॥ ৬

---

(৫৭)

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সদসস্পতিমদ্ভুতম্প্রিয়মিন্দ্রস্যকাম্যম্।
৩ ২ ৩ ১ ২
সনিম্মেধাময়াসিষম্ (ঋং ১,১,৩৫,১) ॥ ৭

বিং। ঋং কণ্বংশীয় মেধাতিথি। এতন্মূলক সামটি গেয়গানের ৫,১,২৮শ। ইহার প্রকাশক বামদেব ঋষি এবং নামও তদনুযায়ী "বামদেব্য"। যথা—

৫ ১ ৭ ২র ৩ ৫ ৫ ২
গেং গাং। সাদা। সম্পতাইমদ্ভুতা। ও২৩৪বা। প্রায়া
৩ ৫ ১ ১ ২র ৩ ২ ১ র
ও২৩৪বা। আইন্দ্রা। স্যাকামা২৩৪৫য়া৬৫৬ম্। সনিম্মে২
১র ২র ৩ ১ ১ ১ ১
ধাময়াসিষা২৩৪৫ম্॥ ২৮॥ ৭

সাং ভাং। অথ সপ্তমী। মেধাতিথির্ঋষিঃ। মেধাং লব্ধুম্, সদসম্পতিম্ এতন্নামকং দেবম্। অয়াসিষম্ প্রাপ্তবানস্মি। কীদৃশম্? অদ্ভুতম্ আশ্চর্য্যকরম্। ইন্দ্রস্য প্রিয়ম্ সোমপানে সহচারিত্বাৎ। কাম্যং কমনীয়ম্। সনিম্ ধনস্য দাতারম্॥ ৭

ভাং অং। অদ্ভুতক্রিয়, ধনপ্রদ, কমনীয় ও ইন্দ্রের প্রিয় যে, সদসম্পতি * দেবতা, আমি তাঁহার অনুগ্রহে মেধা লাভ করিব বলিয়াই প্রাপ্ত হইয়াছি †॥ ৭

অং। যাহা সকলেরই প্রিয় ও আবশ্যকীয়, যাহার প্রভাবে সভাপতিত্ব করিবার সামর্থ্য হয়, মেধানামে প্রসিদ্ধ সেই অদ্ভুত দান, ইন্দ্রের নিকটে প্রার্থনা করি॥ ৭

---

* "সদসম্পতি" সদস্ শব্দ যজ্ঞগৃহকে কহে, তাহার পালক অর্থাৎ যজ্ঞীয় গার্হপত্যাদ্যাভিধেয় অগ্নি।

† অর্থাৎ গার্হপত্যাদি রূপে স্থাপন করিয়াছি।

(৫৮)

২ ৩ ১২ ৩ ২ ৩২উ ক ২। ৩ ১ ২
য়েতেপন্থাঅধোদিৱোয়েভির্ব্যশ্বমৈরয়ঃ।
৩ ১ ২ ৩ ১ ২
উতশ্রোষন্তুনোভুবঃ (ঋং ০) ॥ ৮

বি০। ঋং গোতমবংশীয় বামদেব। এ ঋকৃটি ঋক্‌-সংহিতাতে নাই। এতন্মূলক সামটি গেয়গানের ৫,১,২৯শ। ইহার প্রকাশক অনির্দ্দিষ্ট। ইহাকে "অশ্বিযুগলের সাম" বলা যায়। যথা—

২ ৩ ৫ ২ ৩ ৫
গেং গাং। হাই। আপ্সূদা২৩৪ক্ষাঃ। আপ্সূদা২৩৪ক্ষাঃ।
২র র র ১ ৭ ১১১১ ২ ৩ ৫
য়েতেপন্থাআ৩ধোদিৱা২৩৪৫ঃ। হাই। আপ্সূদা২৩৪ক্ষাঃ।
২র ১ ৭ ১১১১ ২ ৩ ২ ৩ ৫ ২ ১
য়েভির্ব্যশ্বা৩মাইরয়া২৩৪৫ঃ। হাই। উতাশ্রো২৩৪ষা। তুনো-
১ ৩ ৫র র ৩ ৫
২৩। ভূ২ৱা২৩৪ঔ৩হোৱা। ঈ২৩৪তী॥ ২৯॥ ৮

সাং ভাং। অথ অষ্টমী। ৱামদেৱঋষিঃ। হে ইন্দ্র! দিৱঃ দ্যুলোকস্য। অধঃ অধস্তাৎ। য়ে পন্থাঃ পন্থানঃ মার্গাঃ, সন্তি। য়েভিঃ য়ৈর্ম্মার্গৈঃ। ৱিশ্বং সর্ব্বং জগৎ। ঐরয়ঃ প্রাপ্তৱানসি, তে মার্গাঃ, য়জমানৈঃ শুশ্রূয়ন্তামিতি শেষঃ। উত অপিচ নঃ অস্মদীয়াঃ। ভুৱঃ ভূমীঃ নিৱাসস্থানানি শ্রোষন্তু য়জমানাস্ত্ব-দনুগ্রহাচ্ছৃণ্বন্তু॥ ৮

ভাং অং। হে ইন্দ্র! যে সকল পথ দ্যুলোকের অধোভাগ হইতে গিয়াছে, যে সকল পথদ্বারা তুমি বিশ্বসংসার প্রাপ্ত হইতেছ, সেই সমস্ত পথগুলি যজমানগণ কর্ত্তৃক স্তুত হউক এবং যজমানগণ, তোমার অনুগ্রহে, আমাদের নিবাসস্থান সম্বন্ধী প্রার্থনাগুলিও শ্রবণ করুন ॥ ৮

অং। হে ইন্দ্র! দ্যুলোকের অধোভাগে যে বহুপ্রশস্ত পথ আছে,যে পথে সূর্য্যলোক এবং এই ভূলোক,—উভয়কেই চালিত করিতেছ; সেই পথ (অর্থাৎ তৎপথব্যাপিনী তোমার অলৌলিক আকর্ষণাদি শক্তি) আমাদের স্তুতি শ্রবণ করুন ॥ ৮

---

(৫৯)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
ভদ্রন্তদ্রন্নআভরেষমূর্জংশতক্রতো।
১ ২ ৩ ১ ২
য়দিন্দ্রমৃডয়াসিনঃ (ঋং ৬,৬,২৬,৩) ॥ ৯

বিং। ঋং অঙ্গিরোবংশীয় শ্রুতকক্ষ বা সুকক্ষ। এতন্মূলক সামটি গেয়গানের ৫,১,৩০শ। ইহার প্রকাশক গোতমঋষি এবং নাম "ভদ্র"। যথা—

৫ ৪ ৫ ২ ১র ২ ৪ ৫
গেং গাং। ভদ্রন্তাদ্রাম্। নআভা২৩রা৩। আইষ:

৪ ৫ ২১ ২ ৪ ৫ ৪ ৫ ১ ৩ ৫র র
মূর্জাম্। শতক্রা২৩তা৩উ। য়াদিন্দ্রাম্। ভা২য়া২৩৪ঔহোবা।
৩ ৫
সী২৩৪না: ॥ ৩০ ॥ ৯

সাং ভাং। অথ নবমী। শ্রুতকক্ষঋষিঃ। হে শতক্রতো! শত-বিধ-কর্ম্মন্! শত-প্রজ্ঞ! বা ইন্দ্র! ভদ্রং ভদ্রং কল্যাণ-তমম্ সুখোৎপাদকং বা ধনম্। নঃ অস্মভ্যম্। আভর সম্পাদয় দেহি, তথা ইষম্ ঊর্জম্ অন্নরসং। যদ্বা বলবদন্নং দেহি। নঃ অস্মান্। য়দ্ য়দি, মৃড়য়াসি সুখয়সি, তর্হি ধনাদিকং দেহীতি। মৃড় সুখে, তস্য লেটি অঙ্গস্যাড়াগমঃ ॥ ৯

ভাং অং। হে শতক্রতো! ইন্দ্র! যদি তুমি আমাদিগকে সুখী করিতে ইচ্ছা করিতেছ, তবে আমাদিগকে কল্যাণীয়তম বলবৎঅন্ন সম্পাদন করিয়া দাও ॥ ৯

অং। হে বহুকর্মন্! ইন্দ্র! আমাদিগের জন্য ভাল ভাল অন্ন ও পানীয় সম্পাদন কর, যাহাতে আমাদিগকে সুখী করিতে পারিবা ॥ ৯

---

(৬০)

১ ৩ ১ ২ ৩২ ৩১। ২। ৩ ১ ২
অস্তিসোমোঅয়ংসুতঃপিবন্ত্যস্যমরুতঃ।
৩২ ৩১ ২ ৩ ১২
উতস্বরাজোঅশ্বিনা (ঋং ৬,৬,২৮,৪) ॥ ১০

ইতি দ্বিতীয়প্রপাঠকস্য দ্বিতীয়ার্দ্ধে তৃতীয়দশতি—২,২,৩

বিং। ঋং অঙ্গিরোবংশীয় বিন্দু বা পূতদক্ষ। এতন্মূলক সামটি গেয়গানের ৫,১,৩১শ। ইহাকে "অশ্বিযুগলের সাম" এবং "সোমসাম"ও বলা যায়। প্রকাশক নাম অনুসন্ধেয়। যথা—

৩ ৪ ৩র ৪র ৩ ৪ ৩ ৪ ৫
গেং গাং। অস্তিসোগোঅয়ংসুতঃ। ঝ। স্ত্যেআস্তী।
৩র ৪র ৩ ৪ ৩ ৪ ৫ ৩ ৫ ৪
সোমোঅয়ংসুতঃপিবন্ত্যস্যম। রুস্তোঃ৩৪হাই। উতস্বরা৫
৪ ৫ ৪ ৫
জোরা। খা৫ইনো৬হাই ॥ ৩১ ॥ ১০

সাং ভাং। অথ দশমী। বিন্দুর্ঋষিঃ। অয়ং পুরোবর্ত্তী। সোমঃ সুতঃ মরুদর্থমস্মাভিরভিষুতঃ। অস্তি বিদ্যতে, তস্মাৎ অস্য অস্বাদেশে এনং সুতং সোমম্। স্বরাজঃ স্বয়ং দীপ্যমানাঃ স্বতেজসা নান্যদীয়েনেত্যর্থঃ, তাদৃশাঃ মরুতঃ প্রাতঃ পিবন্তি। উত অপিচ। অশ্বিনা অশ্বিনৌ চ সোমং প্রাতঃসবনে পিবতঃ ॥ ১০

ইতি শ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে
ছন্দোব্যাখানে দ্বিতীয়াধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ২,৬

ভাং অং। এই পুরোবর্ত্তী সোম-সলিল মরুদগণের জন্য সংস্কৃত হইয়া রহিয়াছে অতএব সেই সকল স্বপ্রকাশশীল মরুদ্গণ এবং অশ্বিনীযুগল ইহা পান করেন। ১০

অং। সোম প্রসিদ্ধই আছে, তাহার অভিষবও এই সম্পন্ন

হইল; ইহার এক ভাগ মরুদ্গণ পান করুন। আর এক ভাগ, দ্যুলোকে প্রভাশালী অশ্বিযুগলও পান করুন॥ ১০

ইতি দ্বিতীয় প্রপাঠকীয় দ্বিতীয়ার্দ্ধে তৃতীয় দশতের
শ্রীসত্যব্রত-সামশ্রমি-সামগ-কৃত বঙ্গানুবাদ
সমাপ্ত॥ ২, ২,৩

---

(৬১)

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২।
ঈঙ্খয়ন্তীরপস্যুব ইন্দ্রঞ্জাতমুপাসতে।
৩ ১ ২ ৩ ১ ২
বন্বানাসঃ সুবীর্য্যম্ (ঋং ৮,৮,১১,১)॥ ১

বিং। ঋং দেবজামি প্রভৃতি নামে প্রসিদ্ধ ইন্দ্রঋষির মাতৃগণ। এতন্মূলক সামটি গেয়গানের ৫,১,৩২শ। ইহার প্রকাশক ত্বষ্টৃঋষি এবং নামও তদনুযায়ী "ত্বাষ্ট্রীসাম"। যথা—

৫র ২ — ১ — ১ ২র
গেং গাং। ঈঙ্খয়ন্তীঃ। অপা২স্যুবা২ঃ। আইন্দ্রঞ্জাতম্।
১ ২ — ১র ২ ১ ২
উপা১সাতা২ই। বন্বানা২৩সাঃ। সুবীরিয়া৩১উবা২৩।
২
বৃধে১॥ ৩২॥ ১

সাং ভাং। অথ সপ্তম খণ্ডে। সেয়ং প্রথমা। ইন্দ্রমা-

তরো দেবজাময় ঋষিকাঃ। ঈষয়ন্তীঃ গচ্ছন্ত্যঃ স্তুত্যাদিভিঃ ইন্দ্রং প্রাপ্নুবন্ত্যঃ। অপস্যুবঃ অপ: কর্ম্মাণি আত্মন ইচ্ছন্ত্যঃ ইন্দ্রমাতরঃ অস্য সূক্তস্য দ্রষ্ট্র্যঃ। জাতং প্রাদুর্ভূতম্, তম্ ইন্দ্রম্, উপাসতে পরিচরন্তি। সুবীর্য্যং শোভনবীর্য্যোপেতং ধনং চ। বস্বানাসঃ তস্মাদিন্দ্রাৎ সম্ভক্তবত্যো ভবন্তি। "বস্বানাসঃ" "ভেজানাসঃ"—ইতি পাঠৌ॥ ১

অং। কর্ম্মাভিলাষিণী ইন্দ্রমাতৃগণ স্তুত্যাদির দ্বারা ইন্দ্রকে প্রাপ্ত হইয়াছেন যজ্ঞে আবির্ভূত সেই ইন্দ্রদেবের উপাসনা করিতেছেন এবং তাঁহা হইতে সুবীর্য্য-ধন লাভ করিবার অধি- কারিণী হইতেছেন॥ ১

---

(৬২)

১ ২ ৩ ১। ২।
নকিদেবাইনীমসিনক্যায়োপয়ামসি।
৩ ১ ২
মন্ত্রশ্রুত্যঞ্চরামসি (ঋং ৮,৭,২২,৭)॥ ২

বিং। ঋং অঙ্গিরোবংশীয় গোধা। এতন্মূলক সামটি গেয়গানের ৫,১,৩৩শ। এ সামের প্রকাশকও সেই গোধা ঋষি এবং নাম "গোধার সাম" বলিয়াই প্রসিদ্ধ। যথা—

৫ র ২ ১ ২
গেং গাং। নকিদেবাঃ। ইনাই। ইনীগাসা৩ই।

১ ২ ২ ৫ র ২ ১ ২ ১ ২ ২
মাসীওয়া। নকিয়ায়ো। পয়া। পয়ামাসাওই। মাসীওয়া।
৫ ২ ১ ২ ১ ২ ২
মন্ত্রশ্রুত্যাম্। চরা। চরামাসাওই। মাসীওয়া ॥ ৩৩ ॥ ২

সাং ভাং। অথ দ্বিতীয়া। গোধা ঋষিঃ। হে দেবাঃ! ইন্দ্রাদয়ঃ! যুষ্মদ্বিষয়ে ন কি ইনীমসি ন কিমপি হিংস্মঃ। মীঙ্ হিংসায়াং ক্রৈয়াদিকঃ "মীনাতে র্নিগমে" —ইতি হ্রস্বঃ, "ইদন্তোমসি" মকারলোপশ্ছান্দসঃ, আকারঃ সমুচ্চয়ে। ন কি ন চ। য়োপয়ামসি য়োপয়ামঃ অননুষ্ঠানেন অন্যথানুষ্ঠানেন বা মোহয়ামঃ। য়ুপ বিমোহনে। কিন্তর্হি? মন্ত্রশ্রুত্যং মন্ত্রেণ স্মার্য্যম্, শ্রুতৌ বিধিবাক্যপ্রতিপাদ্যং য়দ্ যুষ্মদ্বিষয়ং কর্ম্ম, তৎ চরামসি আচরামঃ অনুতিষ্ঠামঃ॥ "ইনীমসি"—"মিনীমসি"—ইতি চ পাঠৌ ॥ ২

ভাং অং। হে ইন্দ্রাদি দেবতাগণ! আমরা তোমাদের উদ্দেশে কিছুমাত্র হিংসা করিতেছি না এবং অন্যথা আচরণ দ্বারা তোমাদিগকে কিছুমাত্র মোহিতও করিতেছি না। প্রত্যুত মন্ত্র-স্পৃহণীয় বিধি-বিহিত কার্য্যেরই অনুষ্ঠান করিতেছি ॥ ২

অং। দেবগণ! আমরা কি, হিংসা করিতেছি? না; আমরা কি আত্ম প্রভাব প্রকাশাদির দ্বারা, লোকবিমোহনার্থ প্রবৃত্ত হইয়াছি? না; আমরা মন্ত্রে যে রূপ শুনি, সেই রূপই করি ॥ ২

(৬৩)

৩ ১। ২। ৩ ১ ২ ৩ ১ ৫
দোষোআগাদ্বৃহদ্গায়দ্যুমদ্গামন্নাথর্ব্বণ।
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
স্তুহিদেবংসবিতারম্ (ঋং ০) ॥ ৩

বিং। ঋং গোতমবংশীয় বামদেব (সায়ণমতে অথর্ব্ব-পুত্র দধীচ) এতন্মূলক সামটি গেয়গানের ৫,১,৩৪শ। এই সামটি "সবিতার সাম" বলিয়া প্রসিদ্ধ। যথা—

৪র ৫র র ৪ ২ ১ র ২
গেং গাং। দোষোআগাং। বৃহদ্গায়া। দ্যুমদ্গা২৩মান্।
১র ৩ ২ ২ ১ ৫ ২ ৩র ২ ৪ ৫ ০
আথর্ব্বণা৩। স্তুহি। ঔ৩হো৩৪ই। দেবা৩ম্। সবোবা।
৪ ৫
তা৫রো৬হাই ॥ ৩৪ ॥ ৩

সাং ভাং। অথ তৃতীয়া। দধ্যঙ্ঙাথর্ব্বণ ঋষিঃ। হে বৃহদ্গায়! বৃহদাখ্যস্য সাম্নো গাতঃ! দ্যুমদ্গামন্! দীপ্তগমন! আথর্ব্বণ! অথর্ব্বঋষেরপত্য! ঋষিঃ স্বাত্মানমেবামন্ত্রয়তে। ত্বং দোষঃ ঋত্বিগ্‌য়জমানাপরাধেন য়ঃ কশ্চিদ্ দোষঃ আগাৎ আগচ্ছতি, তৎপরিহারার্থং সবিতারং প্রেরকম্ এতন্নামকং দেবং স্তুহি। য়দ্বা দোষঃ দূষয়তি নাশয়তি তমাংসীতি; দুনোতি উপতপতি রক্ষাংসীতি বা দোষঃ, স সবিতা আগাৎ। অতো হে আথর্ব্বণ! বৃহৎ স্তোত্রং গায়। তথা গামন্ গায়তীতি গামা, হে এবংবিধ! স্বাত্মন্! দ্যুমৎ দীপ্তিমৎ অন্যৎ স্তোত্রম্, উপ গায়। শিষ্টং পুনরাদরার্থম্ ॥ ৩

ভাং অং। হে বৃহদ্‌গায়ক! হে দীপ্তগমন! হে অথর্ব্ব বংশধর! (আমাদের যজ্ঞে, ঋত্বিক্ ও যজমানের ত্রুটি জন্য) যে কিছু দোষ আসিতেছে, তুমি তাহার পরিহারার্থ সবিতৃ দেবকে স্তব কর॥ ৩

অং। অথর্ব্বপুত্র! * রাত্রি গত হইয়াছে, এই সময়ে বৃহৎ নামক সাম গান কর; দ্যুতিমান্ দেব (সূর্য্য) প্রকাশ পাইতেছেন, এই সময়ে সে জগৎপ্রসবিতা দেবতাকে স্তব কর॥ ৩

---

(৬৪)

এষোউষাঅপূর্ব্ব্যাব্যুচ্ছতিপ্রিয়াদিবঃ।

স্তুষেবামশ্বিনাবৃহৎ (ঋং ১,৩,৩৩,১॥ ৪

বিং। কণ্ববংশীয় প্রস্কণ্ব। এতন্মূলক সামদ্বয়ের একটি ঊহগানের ১৯,১,৪র্থ, অপরটি গেয়গানের ৫,১,১৫শ। ইহাকে "উষার সাম" কহে। যথা—

গেং গাং। এষোউষাঃ। অপূর্ব্বিয়া। ব্যুচ্ছতি। হোবাও

* অথর্ব্বার পুত্র স্বয়ংই আপনাকে সম্বোধন করিয়াছেন। বোধ হয়, "আমি মহৎ ব্যক্তির পুত্র অতএব ঈদৃশ সময়ে ঈশ্বরোপাসনা করা আমার অবশ্য কর্ত্তব্য" ইহাই এস্থলে পিতৃনামোল্লেখের উদ্দেশ্য।

২ ১র ২ ৩ ২ ৩র ২ ২ ১ ৫
হাই। প্রিয়াদা২৩ইরা৩৪ঃ। স্বষা৩৪ইবামা৩। শ্বিনো২৩৪বা।
৪ ৫
বৃ৫হোঙহাই ॥ ৩৫ ॥ ৪

ইতি গ্রামে গেয়গানে পঞ্চমস্যার্দ্ধঃ প্রপাঠকঃ ॥ ৫,১

সাং ভাং। অথ চতুর্থী। প্রস্কণ্ব ঋষিঃ। এষা উ এষৈব অস্মাভিঃ পরিদৃশ্যমানা। প্রিয়া সর্ব্বেষাং প্রীতিহেতুঃ। অপূর্ব্বা পূর্ব্বেষু মধ্যরাত্রাদিকালেষু বিদ্যমানা ন ভবতি, কিন্ত্বিদানীন্তনা। উষা উষোদেবতা। দিবঃ দ্যুলোকস্য সকাশাৎ আগত্য। ব্যুচ্ছতি তমোবর্জয়তি। হে অশ্বিনা! অশ্বিনৌ! বাং যুবাম্। বৃহৎ প্রভূতং যথা ভবতি তথা। স্তবে স্তৌমি ॥৪

ভাং অং। সকল-জনগণ-প্রীতি-নিদান, এই অপূর্ব্ব উষা দেবতা এখন দ্যুলোক হইতে আগমন করত পৃথিবীস্থ তাবৎ অন্ধকার নষ্ট করিতেছেন। হে অশ্বিযুগল! আমি তোমাদিগকে মহৎ স্তুতি করিতেছি ॥ ৪

অং। দিবস-প্রিয়া এই অপূর্ব্ব উষা দেবতা তমোদূর করিতে করিতে উদিত হইতেছেন। হে অশ্বিযুগল! * 'বৃহৎ' নামক সামগান পূর্ব্বক তোমাদিগকে স্তব করি ॥ ৪

---

* ইঁহারা উষাকালের একটি যুগ্ম দেবতা। ইহার বিশেষ বিবরণ [illegible]

(৬৫)

১ ২ ৩ ২ ৩১ ২ ৩ ১ ২১
ইন্দ্রোদধীচোঅস্থভির্বৃত্রাণ্যপ্রতিষ্কুতঃ।
৩ ১ ২ ৩ ১ ২ ২১
জঘাননবতীর্নব (ঋং ১,৬,৭,৪) ॥ ৫

বিং। ঋং রহূগণ বংশীয় গোতম। এতন্মূলক সামদ্বয় গেয়গানের ৫,২,১ম ও ২য়। এই দুইটিরই প্রকাশক ত্বষ্টৃ-ঋষি এবং নাম "আতিথ্য"। যথা—

৫ র র র — ১ ২
গেং গাং। ওম্। ইন্দ্রোদধীচোঅস্থভিরিয়া২ঈ৩য়া।
১র — ১ ২ ১র র — ১র
বৃত্রাণ্যপ্রতিষ্কুতইয়া২ঈ৩য়া। জঘাননবতীর্নবইয়া২। ই২।
৩ ৫র র ৩ ৫
য়া২৩৪। ঔহোবা। ষ্টা২৩৪পা॥ ১॥

৫ র ২ ৩ ৫ ২ ১র ২র ১
ইন্দ্রোদধাই। চোঅস্থা২৩৪ভীঃ। বৃত্রাণিয়া। প্রাতি-
২ ১র ১ ৩ র ২ ১ ২ ৪ ৫ ৪
ষ্কুতাঃ। জঘানা২৩না। বতীর্নবা। ঔ৩হোবা। হো৫ই।
ডা॥ ২॥ ৫

সাং ভাং। অথ পঞ্চমী। গোতম ঋষিঃ। অত্র শাট্যায়নিন ইতিহাসমাচক্ষতে। "আথর্বণস্য দধীচো জীবতো দর্শনেনাসুরাঃ পরাবভূবুঃ। অথ তস্মিন্ স্বর্গতে, অসুরৈঃ পূর্ণা পৃথিব্যভবৎ। অথেন্দ্রস্তৈরসুরৈঃ সহ যোদ্ধুমশক্নুবংস্তমৃষিমন্বিচ্ছন্ 'স্বর্গং গত.'—ইতি শুশ্রাব। অথ পপ্রচ্ছ তত্রত্যান্ 'ইহ

কিমস্য পরিশিষ্টমঙ্গমস্তি ?'—ইতি, তস্মা অবোচন্ 'অস্ত্যেতদাশ্বং শীর্ষং, যেন শিরসা অশ্বিভ্যাং মধুবিদ্যাং প্রাব্রবীৎ, তত্তু ন বিদ্মস্তদ্ য়ত্রাভব' দিতি। পুনরিন্দ্রোঽব্রবীৎ 'তদন্বিচ্ছতে' তি। তদ্বা অন্বেষিষুঃ। তচ্ছর্য্যণাবত্যনুবিদ্যা জহ্রুঃ। শর্য্যণাবদ্ধ বৈ নাম কুরুক্ষেত্রস্য জঘনার্দ্ধে সরঃ স্যন্দতে। তস্য শিরসোঽস্থিভিরিন্দ্রোঽসুরান্ জঘানে" তি॥ অপ্রতিষ্কুতঃ পরৈরপ্রতিশব্দিতঃ প্রতিকূলশব্দরহিতঃ। ইন্দ্রঃ আথর্ব্বণস্য দধীচঃ এতৎসঞ্জ্ঞকস্য ঋষেঃ, অস্থভিঃ পার্শ্বশিরঃসম্বন্ধিভিরস্থিভিঃ। নবতীর্নব নবসঙ্খ্যাকা নবতীঃ। দশোত্তরা অষ্টশতসঙ্খ্যাকাঃ। তথাহি লোকত্রয়বর্ত্তিনোদেবান্ জেতুমাদাবাসুরী মায়া ত্রিধা সম্পদ্যতে, ত্রিবিধা সা অতীতানাগতবর্ত্তমানকালভেদেন তৎকালবর্ত্তিনো জেতুং পুনরপি প্রত্যেকং ত্রিগুণিতা ভবতি, এবং নব সম্পদ্যন্তে, পুনরপি উৎসাহাদিশক্তিত্রয়রূপেণ ত্রৈগুণ্যে সতি সপ্তবিংশতিঃ সম্পদ্যতে। পুনঃ সাত্ত্বিকাদিগুণত্রয়ভেদে ত্রৈগুণ্যে সতি একোত্তরা অশীতিঃ সম্পদ্যতে। এবং চতুর্ভিস্ত্রিকৈর্গুণিতায়া মায়ায়া দশসু দিক্ষু প্রত্যেকমবস্থানে সতি নব নবতয়ঃ সম্পদ্যন্তে। এবংবিধমায়ারূপাণি বৃত্রাণি আবরকাণি অসুরজাতানি জঘান হতবান্॥ ৫

অং। প্রতিকূল-শব্দ-শূন্য * ইন্দ্র, দধীচের অস্থি নির্ম্মিত

* অর্থাৎ যাহার প্রতিকূলে কেহই কোন শব্দ করিতে সমর্থ নহে।

অস্ত্রের দ্বারা নব নবতি (৮১০) † সংখ্যক বৃত্রগণকে নষ্ট করিয়াছিলেন ॥ ৫

———

(৬৬)

২উ ৩ ১। ২। ৩ ১ ২ ২ ১ ২
ইন্দ্রেহিমৎস্যন্ধসোবিশ্বেভিঃসোমপর্ব্বভিঃ।
৩ ১ ২ ৩ ১। ২।
মহাণ্ডঅভিষ্টিরোজসা (ঋং ১,১,১৭,১) ॥ ৬

বি॰। ঋঃ বিশ্বামিত্রপুত্র মধুচ্ছন্দা। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,৩য়। ইহার নাম "পৌষ"; প্রকাশকও এতদনুযায়ী কল্পনীয়। যথা—

৫ র র ২ ১ ২ ২ ১
গেং গাং। ইন্দ্রেহিমাহাউ। ৎসীতআন্ধাতসাঃ। ব্বাই-

---

† ভাষ্যকারের মতে এস্থলে বৃত্র বলিতে আসুরী মায়া। এই মায়া ত্রিলোক-ভেদে ত্রিবিধ। এই ত্রিবিধ মায়াই অতীতানাগত' বর্ত্তমানরূপ ত্রি[illegible]ল-ভেদে প্রত্যেক ত্রিবিধ। পুনশ্চ এইগুলিই উৎসাহ, প্রভাব, মন্ত্রজ ভেদে প্রত্যেক ত্রিবিধ। এইরূপে-সমষ্টি সপ্তবিংশতি হইল। পুনশ্চ এই সপ্তবিংশতি মায়াই আবার সাত্বিকাদি গুণত্রয়ভেদে প্রত্যেক ত্রিবিধ। একোত্তর অশীতি হইল। পুনশ্চ আবাব ইহাদিগকে প্রত্যেককে দশদিকে স্থাপন করিলে, সুতরাং দশ গুণিত হইয়া অষ্ট শত ও দশ সংখ্যক হইল। ইন্দ্রদেব এইরূপ দশোত্তর অষ্টশত সংখ্যক বৃত্রগণকে দধীচমুনির অস্থি সমূহ দ্বারা নষ্ট করিয়াছেন। বস্তুত ইহা আমার অভিমত নহে। সং

বি৽। ঋঃ কণ্ববংশীয় বৎস। এতন্মূলক সামদ্বয় গেয়গানের ৫,২,৫ম ও ৬ষ্ঠ। এই সামদ্বয়ের প্রকাশক সংবর্ত্ত-ঋষি এবং নামও তদনুরূপ "সাংবর্ত্ত" যথা—

৫ ২ ১র ২ ৩
গেং গাং। হা। হাউবা৩। ওজস্তদস্যতিত্বিষে২৩৪।
৫ ২ ১র ২ ৩ ৫ ৩
হা। হাউবা। উভেয়ৎসমবর্ত্তয়া২৩৪ৎ। হা। হাউবা৩।
১ ২র ১র ৩ ১ ১ ১ ১
ইন্দ্রশ্চর্ম্মে২বরোদসী২৩৪৫ ॥ ৫ ॥

৪র ৪র ২ ১র ৫ ১
ওজস্তদা৫স্যতিত্বিষাই। উভেয়ৎসমবর্ত্তয়াদা১ইন্দ্রা২৩ঃ।
১ ৩ ৫র র ২ ১র ৩ ১ ১ ১ ১
চা২র্ম্মা২৩৪ঔহোবা। বরোদসী২৩৪৫ ॥ ৬ ॥ ৮

সাং ভাং। অথ অষ্টমী। বৎস ঋষিঃ। অস্য ইন্দ্রস্য। তৎ ওজঃ বলম্। তিত্বিষে দিদীপে। ত্বিষ দীপ্তৌ। যৎ যেন ওজসা, অয়ম্ ইন্দ্রঃ, উভে রোদসী দ্যাবাপৃথিব্যৌ। চর্ম্মেব সমবর্ত্তয়ৎ সম্যগ্ বর্ত্তয়তি। যথা কশ্চিৎ কিঞ্চিৎ চর্ম্ম কদাচিদ্ বিস্তারয়তি, কদাচিৎ সঙ্কোচয়তি এবং তদধীনে অভূতামিত্যর্থঃ ॥ ৮

অং। এই ইন্দ্রের যে তেজ, শরীরগত-চর্ম্মের ন্যায় সর্ব্বতোভাবে এই ঊর্দ্ধাধো উভয়লোক সমস্তই ব্যাপিয়া রহিয়াছে, তাহা সর্ব্বত্রই দেদীপ্যমান ॥ ৮

———

(৬৯)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
অয়মুতেসমতসিকপোতইবগর্ভধিম্।
৩ ১ ২
বচস্তচ্চিন্নওহসে (ঋ৹ ১,২,২৮,৪) ॥ ৯

বি৹। ঋ৹ আজীগর্ত্তি শুনঃশেপ। এতম্মূলক সামটি গেয়গানের ৫,২,৭ম। ইহার প্রকাশক আঙ্গিরসঋষি এবং নাম " শৌনঃশেপ "; ইহাকে " চ্যাবন "ও বলা যায়। যথা—

৪ ৩ ৪ ২ ২র ৫ ১ র
গে৹ গা৹। অয়া৫মু। তা৩ইসা৩মানসা২ই। কাপো-
২ ১ ২ ১ — ১ ২ ১ ৫
তই। বগার্ভা১ধী২ম্। বাচা২স্তাচ্চী২৩৫। ন৩২৩৪বা।
৪ ৫
হা৫সো৬হাই ॥ ৭ ॥ ৯

সা৹ ভা৹। অথ নবমী। শুনঃশেপ ঋষিঃ। হে ইন্দ্র! অয়ম্ উ অয়মপি দৃশ্যমানঃ সোমঃ তে ত্বদর্থম্ সম্পাদিতঃ। য়ং সোমং সমতসি সম্যক্ সাতত্যেন প্রাপ্নোষি। তত্র দৃষ্টান্তঃ। কপোত ইব, য়থা কপোতাখ্যঃ পক্ষী, গর্ভধীং গর্ভধারিণীং কপোতীং প্রাপ্নোতি, তদ্বৎ। তচ্চিৎ তস্মাদেব কারণাৎ। নঃ অস্মদীয়ং বচঃ। ওহসে প্রাপ্নোষি ॥ ৯

অ৹। কপোত-শাবক যেমন সতত স্বীয় প্রসূতিকে প্রাপ্ত হয়, হে ইন্দ্র! তুমিও সেইরূপ, তোমার জন্য সম্পাদিত এই

সোম সতত প্রাপ্ত হইয়াথাক এবং তৎসহ আমাদের স্তুতি-বাক্যও প্রাপ্ত হইয়াথাক ॥ ৯

---

(১০)

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
বাতআবাতুভেষজংশম্ভু ময়োভুনোহৃদে।
২ ৩ ১ ২
প্রনআয়ূংষিতারিষৎ (ঋঃ ৮,৮,৪৪,১) ॥ ১০

ইতি দ্বিতীয়প্রপাঠকীয়-দ্বিতীয়ার্দ্ধে চতুর্থদশতি—২,২,৪

বি০। ঋঃ বাতায়ন উল্ব। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,৮ম। ইহার প্রকাশক পশ্চিমদেশীয় ইড ঋষি এবং নাম " কাশীত "। যথা—

৪র ৫ ৪র ৫র ৪ ৪ ১ ২
গে০ গা০। বাতআবাতু। ভা৫ইষজাম্। শাম্ভুময়ঃ।
১ ৭ ৩র ২ ১ র ২ ২ ১
ভুনোহৃদা২৩ইই। হাহোই। প্রনআয়ুংষী৩তা। রিষাৎ।
৪ ৫ ৪ ৫
ঔ২৩হোবা। ইডা ॥ ৮ ॥ ১০

সা° ভা°। অথ দশমী। বাতায়নউল্বঋষিঃ। বাতো বায়ুঃ। নঃ অস্মাকম্। হৃদে হৃদয়ায়। ভেষজম্ ঔষধম্, উদক° বা। আ বাতু আ গময়তু। কীদৃগ্‌ভূতম্? শম্ভু রোগশমনস্য ভাব-

য়িতৃ। ময়োভু ময়সঃ সুখস্য চ ভাবয়িতৃ। অপিচ নঃ অস্মাকম্, আয়ূংষি প্রতারিষৎ প্রবর্দ্ধয়তু॥ ১০

ইতি শ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে
ছন্দোব্যাখ্যানে দ্বিতীয়াধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ॥ ২,৭

অং। হে ইন্দ্র! তোমার প্রসাদে, সর্ব্বত্রই ভেষজরূপ বায়ু বহমান থাকুক! যাহাতে আমাদের হৃদয় কন্দরে সতত শান্তি ও সুখ বিরাজ করুক এবং আমাদের নীরোগ আয়ুর্বৃদ্ধি হউক॥ ১০

ইতি দ্বিতীয়প্রপাঠকীয় দ্বিতীয়ার্দ্ধে চতুর্থ দশতের
শ্রীসত্যব্রত-সামশ্রমি-সামগ-কৃত বঙ্গানুবাদ
সমাপ্ত॥ ২,২,৪

---

(৭১)

১। ২। ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
য়ংরক্ষন্তিপ্রচেতসোবরুণোমিত্রোঅর্য্যমা।
৩ ১ ২ ৩ ১ ২
নকিঃসদভ্যতেজনঃ (ঋং ১,৩,২২,১)॥ ১

বি০। ঋং ঘোরপুত্র কণ্ব। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,৯ম। ইহার প্রকাশক সুমিত্র ঋষি এবং নামও তদনুযায়ী "সৌমিত্র"। যথা—.

৪ ৫ ৪৫র ৪ ১ র র
গেং গাং। য়ংরক্ষন্তিপ্রচেতসাঃ। ৰরুণোমিত্রোঅর্য্যা-
২ ১ ২ ১ ২ ১ ২ ৩
২৩মা। ন। কাই:সা২৩দা। হূম্মায়ে৩। ভ্যা২ভা২৩৪
৫র র ৩ ৫
ঔহোৱা। জা২৩৪নাঃ ॥ ৯ ॥ ১

সাং ভাঃ। অথাষ্টমখণ্ডে। সেয়ং প্রথমা। কণ্ব ঋষিঃ। প্রচেতসঃ প্রকৃষ্টজ্ঞানযুক্তাঃ ৰরুণাদয়ো দেৰাঃ। য়ং য়জমানম্‌ রক্ষন্তি। স জনঃ য়জমানঃ। ন কিঃ দভ্যতে কেনাপি ন হিংস্যতে ॥ ১

অং। বরুণ, মিত্র ও অর্য্যমা প্রভৃতি প্রচেতাগণ যাহাকে রক্ষা করিতেছেন, তাহাকে কোন ব্যক্তি নষ্ট করিতে পারে না ॥ ১

---

(৭২)

৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
গৰ্য্যোষুণোয়থাপুরাশ্বয়োতরথয়া।
৩ ২ ৩ ১ ২
ৰরিৰস্যামহোনাম্ (ঋং ৬,৪,২,৫) ॥ ২

বি০। ঋং আশ্ব্য বশ (সায়ণাচার্য্যমতে বৎস) এতন্মূলক সামদ্বয় গেয়গানের ৫,২,১০ম ও ১১শ। এ সামদ্বয়েরই

প্রকাশক শ্যাবাশ্বঋষি এবং নামও তদনুযায়ী "শ্যাবাশ্ব"। যথা—

৫৩ র ৫র ৪ ৫র ৪র ২ র ১ ১ ২
গেং গাং। গব্যোষুণোয়থাপুরা। অশ্বয়োতরথা। য়াব-
১ ২ ১র র ২ ৫ব র ৩ ৫
রিবস্যা। ম। হোমা২৩। হোনা৩৪ঔহোবা। উ২৩৪পা ॥১০
৫ র র ৫ ২ — ১
গব্যোষুণোয়থাপুরা৬এ। অশ্বয়ো১ত। রথা২। য়া।
২ ১ — ১ ২ ১র ৩ ৫ব র ৩ ১ ১ ১ ১
ববিবা২স্যা। মহো। মহো২না২৩৪ঔহোবা। ঈ২৩৪৫ ॥১১৷২

সাং ভাং। অথ দ্বিতীয়া। বৎস ঋষিঃ। হে ইন্দ্র! গব্যোষু গব্যা উ-সু-ইতি নিপাতদ্বয়সমুদায়স্য একবদ্ভাবেন নিপাতবদ্ভাবাৎ প্রকৃতিবদ্ভাবাভাবঃ। নঃ অস্মাকম্, গবামিচ্ছয়া অস্মাকং গাং দাতুম্। যথা পুরা পূর্ব্বম্ অস্মাকং সম্বন্ধিনি যাগে গবাদিদানায় ববিবস্যসি, তদ্বদদ্যাপি সুষ্ঠু ববিবস্য পরিচর আগচ্ছেত্যর্থঃ। ন কেবলং গবিচ্ছয়া, কিন্তু অশ্বয়া অশ্বপ্রদানেচ্ছয়া। উত অপিচ। রথয়া রথেচ্ছয়া। মহোনাং ধনানাম্। কর্ম্মণি ষষ্ঠী। মহান্তি পূজোপকরণানি ধনানি দানায়, ববিবস্য পরিচর দেহীত্যর্থঃ ॥ ২

ভাং অং। ইন্দ্র! তুমি পূর্ব্বে যেমন আমাদিগকে গাভী দিবে বলিয়া, অশ্ব দিবে বলিয়া, রথ দিবে বলিয়া ও পূজোপকরণ ধনগুলি দিবে বলিয়া, আমাদের যজ্ঞে আসিয়াছিলে, এখনও সেইরূপ তুমি আগমন কর ॥ ২

অং। আমাদের গোলাভের ইচ্ছা, কি অশ্বলাভের ইচ্ছা অথবা রথলাভের ইচ্ছা, অধিক কি ধনীদের ন্যায় সকল প্রকার পরিচর্য্যা-ভোগ-বাসনা, পূর্ব্ব-কর্ম্ম-ফলানুসারেই পূর্ণ হয় ॥ ২

---

(৭৩)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইমাস্তইন্দ্রপৃশ্নয়োঘৃতন্দুহতআশিরম্।
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
এনামৃতস্যপিপ্যুষীঃ (ঋং ৫,৮,১২,৪ ॥ ৩

বি০। ঋং কণ্ববংশীয় বৎস। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,১২শ। ইহার প্রকাশক শিখণ্ডী ঋষি এবং নামও তদনুযায়ী " শৈখণ্ডিন "। যথা—

৫ র ২ ১ র ১ ২ ৩র ১
গেং গাং। ইমাস্তঈ। দ্রপৃশ্নয়োঘৃতন্দু৩হা। ঔহো৩
২ ২ ১ ৩ ৫ ৩র ২ ৩ ২
হা৩। হা৩ই। তাআ২শা২৩৪ইরাম্। এনা৩৪মৃতা৩।
২ ১ ৫ ৪ ৫
স্যপো২৩৪বা। প্যু৫ষো৬হাই ॥ ১২ ॥ ৩

সাং ভাং। অথ তৃতীয়া। বৎসঋষিঃ। হে ইন্দ্র। তে ত্বদীয়াঃ। ইমাঃ পৃশ্নয়ঃ প্রাষ্টবর্ণাঃ গাবঃ। ঘৃতং ক্ষরণশীলম্। এনাম্ আশিরম্ আশ্রয়ণদ্রব্যং পয়ঃ দুহতে দুহন্তি ক্ষারয়ন্তি।

কীদৃশ্যঃ পৃশ্নয়ঃ ? ঋতস্য সত্যস্য অবিতথস্য ইন্দ্রস্য য়জ্ঞস্য বা পিপ্যুষীঃ বর্দ্ধয়িত্র্যঃ ॥ ৩

অং। হে ইন্দ্র! তোমার জন্য ঘৃত প্রস্তুত করিবার জন্যই, এই চিত্রবর্ণ গাভী সকলের দুগ্ধ ক্ষারিত হইতেছে ; ইহারা যজ্ঞের বড়ই উপযোগিনী ॥ ৩

---

(৭৪)

৩ ১ ৩ ১ ২ ৩ ১। ২।
অয়াধিয়াচগব্যয়াপুরুণামন্‌পুরুষ্টুত।

১। ২। ৩ ১ ২
য়ৎসোমেসোমআভুবঃ (ঋং ৬,৬,২৪,২) । ৪

বি০। ঋং, অঙ্গিরোবংশীয় সুকক্ষ বা শ্রুতকক্ষ ঋষি। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,১৩শ। ইহার প্রকাশক বীতহব ঋষি এবং নামও তদনুযায়ী “ বৈতহব্য ”। যথা—

৫ র র ৫ ১ ২ ২ ২ ৫
গেং গাং। অয়াধিয়াচগব্যা৬য়া। পুরুণা৩। মন্‌পূ২৩৪রূ।

২ ১ র ১র ২র ৩ ২ ১ র ১র ১র
ষ্টূতৌ। বা৩২। য়শোমে৩সোমআ। য়া২মোমে২সো।

২ ১ ৫ ৪ ৫
ম৩২৩৪বা। ভূ৫বো৬হাই। ১৩॥ ৪

সাং ভাং। অথ চতুর্থী। শ্রুতকক্ষ ঋষিঃ। হে পুরুণামন্‌! বহুবিধশক্রবৃত্রহাদিনামোপেত! য়দ্বা বহুস্তুতিমন্‌! নময়তি স্তুত্যং দেবং বশং নয়তীতি নাম স্তোত্রম্‌ অতএব পুরুষ্টুত!

বহুভিরভিষ্টুত। ইন্দ্র! সোমে সোমে মদীয়েষু সর্বেষু সোমেষু। ত্বম্ য়দ্ য়দা। আভুবঃ তেষাং পানার্থং সমন্তাদ-ভবস্তদা বয়ম্ অয়া অনয়া ঈদৃশ্যা। গব্যয়া গা আত্মন ইচ্ছন্ত্যা ধিয়া বুধ্যা, য়ুক্তা ভবেম। ত্বয়ি সোমং পিবতি সতি বয়ং গবাদিয়ুক্তা ভবেমেত্যর্থঃ ॥ "আভুবঃ", "আভবঃ"—ইতি পাঠৌ ॥ ৪

অং। হে বহুনাম ও বহুস্তুত ইন্দ্র! তুমি আমাদের যজ্ঞে যখন সমুদায় সোমপাত্রেই আবির্ভূত হইলে, তখন আমরা সুতরাংই ঈদৃশ গোলাভেচ্ছা-শালিনীবুদ্ধি-যুক্ত হইতে পারি ॥ ৪

---

(৭৫)

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
পাবকানঃসরস্বতীবাজেভির্বাজিনীবতী।
৩ ১ ২ ৩ ১ ২
য়জ্ঞংবষ্টুধিয়াবসুঃ (ঋং ১,১,৬,৩)॥ ৫

বি৽। ঋং বিশ্বামিত্র-পুত্র মধুচ্ছন্দ। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,১৪শ। ইহার প্রকাশক ভরদ্বাজ ঋষি এবং নাম ও তদনুযায়ী "ভারদ্বাজ"। যথা—

৫ র র ৪ ৫ ২ ১ ২ — ১ র ২ র
গেং গাং। পাবকানঈয়া। সরাস্বা১তীহ। বাজোভির্বা।

১ ২ — ১ ১ ৰ ৩ ৫র র ২ ১র
জিনাইবা১তীঽ। য়জ্ঞা২৩ম্। বা২ষ্ট্২৩৪ঔহোৱা। ধিয়া-
৩ ১ ১ ১ ১
বসূ২৩৪৫ঃ ॥ ১৪ ॥ ৫

সাং ভাং। অথ পঞ্চমী। মধুচ্ছন্দা ঋষিঃ। সরস্বতী দেবী। বাজেভিঃ হবির্লক্ষণৈঃ অন্নৈর্নিমিত্তভূতৈঃ। য়দ্বা য়জমানেভ্যো দাতব্যৈরন্নৈর্নিমিত্তভূতৈঃ। নঃ অস্মদীয়ম্ য়জ্ঞম্। বষ্টু কাময়তাম্। কাময়িত্বা চ নির্বহত্বিত্যর্থঃ। তথাচৈতরেয়ারণ্য-কাণ্ডে শ্রুত্যৈবং ব্যাখ্যাতম্—য়জ্ঞং "বষ্টি্বিতি য়দাহ য়জ্ঞং বহত্বিত্যেব তদাহেতি। কীদৃশী সরস্বতী? পাবকা শোধয়িত্রী। বাজিনীবতী অন্নবৎক্রিয়াবতী। ধিয়াবসুঃ কর্ম্মপ্রাপ্যধন-নিমিত্তভূতা। বাগ্দেবতায়াস্তথাবিধধননিমিত্তত্বমৈতরেয়ারণ্য-কাণ্ডে শ্রুত্যা ব্যাখ্যাতম্—" য়জ্ঞং বষ্টু ধিয়াবসুরিতি, বাক্ বৈ ধিয়াবসুঃ"—ইতি। 'শ্যেনঃ' 'সোমঃ'—ইত্যাদিষু পঞ্চবিংশতিসংখ্যাকেষু দেবতাবিশেষবাচিষু পদেষু 'সরমা' 'সরস্বতী'—ইতি পঠিতম্॥ এতামৃচং য়াস্ক এবং ব্যাচষ্টে—"পাবকা নঃ সরস্বতী য়জ্ঞং বষ্টু ধিয়াবসুঃ কর্ম্মবসুঃ (১১, ২৬)"- -ইতি ॥ ৫

অং। যিনি আমাদের পবিত্রকারিণী, যিনি অন্নপানে বলশালিনী হয়েন, * বুদ্ধির সাহিত্যে যিনি সম্পত্তির নিদান, সেই বাণীদেবী যজ্ঞ নির্ব্বাহ করুন ॥ ৫

———

* অন্নাভাবে বাক্‌স্ফূর্ত্তির অভাব প্রসিদ্ধই আছে।

(৭৬)

২ ৩ ২। ২। ৩ ২উ ৩ ১ ২
কইমন্নাহুষীষ্বা ইন্দ্রংসোমস্যতর্পয়াৎ।
২ ৩ ২ ৩ ১ ২
সনোবসূন্যাভরাৎ (ঋং ০)॥ ৬

বি৽। ঋং গোতমবংশীয় বামদেব। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,১৫শ ইহার প্রকাশক বীতহব্য বংশধর অরুণ বা সোভরি ঋষি এবং নামও তদনুযারী সৌভর। যথা—

৪ ৫ ৪ ৫ ৪ র ২র ১ ২ —
গেং গাং। কইমন্। উহুবাহাই। আহূ৩ষাইষূ১বা২।
১ র ২ ১ ২ — ১ ২র ১ ২র ১ ২
আইন্দ্রংসোম। স্যতার্পা১য়া২ৎ। সনো২বসূ। নিয়াভা১
— ১ র ২ ১ ১র ১ ২ ১র ২ ১র
রা২ৎ। সানো২বসূনি। আ২৩। ভরাউবা। আগহিয়েহিতা-
২
ইমে১ ॥ ১৫ ॥ ৬

সাং ভাং। অথ ষষ্ঠী। বাবদেব ঋষিঃ। নাহুষীষু 'নহুষ' ইতি মনুষ্যনাম। নহুষসম্বন্ধিনীষু প্রজাসু। কঃ ইমম্ ইন্দ্রম্। সোমস্য সোমেন, তর্পয়াৎ তর্পয়তি প্রীণাতি। সঃ নাহুষী-ভিস্তর্পয়িতুমশক্য ইন্দ্রঃ, নঃ অস্মাকং সম্বন্ধিনি য়জ্ঞে তৃপ্তঃ সন্, বসূনি ধনানি, আভরৎ আহরৎ আহরত্বিত্যর্থঃ ॥ ৬

অং। প্রজাদিগের মধ্যে কে এমন আছেন, যিনি এই

ইন্দ্রদেবকে সোমরস প্রদান করিয়া পরিতৃপ্ত করিতে পারেন ? (কেহই না)। যেহেতু সেই ইন্দ্রই আমাদিগকে সর্ব্বপ্রকার সম্পত্তি দিয়া থাকেন ॥ ৬

---

(৭৭)

১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ১ ৩ ১ ২ ৩ ২
আয়াহিসুষুমাহিতইন্দ্রসোমম্পিবাইমম্ ।
২উ ৩ ১ ২ ৩ ১ ২
এদম্বর্হিঃসদোমম (ঋং ৬,১,২২,১) ॥ ৭

বি০। ঋং কণ্ববংশীয় ইরিম্বিঠি। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,১৬শ। ইহার প্রকাশকও সোভরি ঋষি এবং নামও তদনুযায়ী " সৌভর "। যথা—

৫র র ২ ১ ২ — ১ ২ —
গেং গাং। আয়াহিস্। ষুমাহা১ইতে২। ষূমাহা১ইতে২।
১ ২ ১ ২ ১ ২ ৩র ২
আইন্দ্রসোমম্। পিবাইমম্। পিবাআ১ইমা২ম্। এদম্ব-
১ ২ ১র ২ ১
র্হাইঃ। সদোমা২৩মা৩৪৩। ও২৩৪৫ইডা ॥ ১৬ ॥ ৭

সাং ভাং। অথ সপ্তমী। ইরিম্বিঠ ঋষিঃ। হে ইন্দ্র ! ত্বম্ আয়াহি আগচ্ছ।. বয়ম্ তে ত্বদর্থম্। সুষুমা হি সোমমভিষুতবন্তঃ খলু। তম্ ইমম্ অভিষুতম্ সোমম্,

ত্বম্ পিব। ত্বদর্থম্ মম মদীয়ম্। ইদম্ বর্হিঃ বেদ্যামাস্তীর্ণং দর্ভম্। আ সদঃ আসীদ অভিনিষীদ ॥ ৭

অং। হে ইন্দ্র! তুমি আগমন কর, আমরা তোমার জন্য সোম অভিষুত করিয়াছি; ইহা তুমি পান কর। আমার কুশাসন এই, ইহাতে উপবিষ্ট হও ॥ ৭

(৭৮)

১ ২ ৩ ১। ২। ৩ ২ ৩ ১ ২ ৩ ২
মহিত্রীণামবরস্তুদ্যুক্ষম্মিত্রস্যার্য্যম্নঃ।
৩ ২ ৩ ১ ২
দুরাধর্ষংবরুণস্য (ঋং ৮,৮,৪৪,১) ॥ ৮

বিং। ঋং বরুণবংশীয় সত্যধৃতি। এতন্মূলক সামচতুষ্টয় আছে। তন্মধ্যে দুইটি আরণ্যগানের ৩,২,১ম ও ২য়; অপর দুইটি গেয়গানের ৫,২,১৭শ ও ১৮শ। ইহাদের প্রকাশক পৃষ্ঠবাট্ ঋষি এবং নামও তদনুযায়ী "পার্ষ্ঠৌহ" যথা—

৩ ২র ৩ ৫ ১ — ১ ৩ ২ ৩
গেং গাং। মহাইত্রা২৩৪ইণাম্। অবা২রস্ত। দ্যুক্ষম্মা-
৫ — ১ ৩ ২র ৩ ৫ ২ ১র
২৩৪ইত্রা। স্যা২র্যম্নঃ। দুরাধা২৩৪র্ষাম্। বরৌহো২৩৪।
৫ ৪ ৫
বা। গা৫স্যো৬হাই ॥ ১৭ ॥

৫ র র ৫ ২ ১ র ২ ১র
মহিত্রীণামবরস্তু৬এ। দ্যুক্ষম্মিত্রস্যার্যম্নাঃ। দুরাধা২৩

২ ১ — ১ — ১ — ৩ ৫র র
র্ষাম্। বরোহোর। হুম্মার। ণ। সোার। য়ার৩৪ঔহোবা।
২র ১ ২ ১ ৩ ১ ১ ১ ১
হাওবা। ওবার৩৪৫ ॥ ১৮ ॥ ৮

সাং ভাং। অথ অষ্টমী। বারুণিঃ সত্যধৃতি ঋষিঃ। ত্রীণাং ত্রয়াণাম্। মিত্রস্য অর্য্যম্ণঃ বরুণস্য চ। দ্যুক্ষং দীপ্তম্; অতএব দুরাধর্ষম্ অন্যৈ র্ধর্ষিতুং বাধিতুমশক্যম্। মহি মহৎ। অবর্ অবঃ রক্ষণম্ অস্মাকম্ অস্তু। অবস্ ইত্যত্র অবঃ-শব্দস্য বিসর্জনীয়স্য রেফাদেশশ্ছান্দসঃ। "অবর্", "অবঃ"—ইতি পাঠৌ ॥ ৮

অং। মিত্র, অর্য্যমা ও বরুণ এই দেবত্রয়ের দুর্দ্ধর্ষ, মহৎ, তেজ, আমাদের রক্ষাকারী হউক ॥ ৮

---

(৭৯)

২ ২ ৩ ১ ২
ত্বাবতঃপুরূবসোবয়মিন্দ্রপ্রণেতঃ।
১ ২
স্মসিস্থাতর্হরীণাম্ (ঋং ৬,৪,১,১) ॥ ৯

ইতি ছন্দআর্চ্চিকে দ্বিতীয়ঃ প্রপাঠকঃ ॥ ২

বিং। ঋং আশ্ব্য বশ (সায়ণমতে বৎস)। এতন্মূলক

সামটি গেয়গানের ৫,২,১৯শ। ইহার প্রকাশক সাকমশ্বঋষি; ইহা "ধুর্‌সম্বন্ধী সাম" বলিয়া প্রসিদ্ধ। যথা—

গেং গাং। ত্বাবতোও। হৌওহোও১ই। পুরুবসোও। হৌওহোও১ই। বয়মিন্দ্রাও। হৌওহোও১ই। প্রণেতাও২। হৌওহোও১ই। স্মসিস্থাতাও২। হৌওহোও১ই। হরীণাওম্। হৌওহোও১২৩৪৫ই। ডা॥ ১৯॥

সাং ভাং। অথ নবমী। বৎসঋষিঃ। হে পুরুবসো! বহুধন! প্রণেতঃ! কর্ম্মণাম্প্রারম্প্রকর্ষেণ নেতঃ! ইন্দ্র! ত্বাবতঃ ত্বৎসদৃশস্য। ইন্দ্রসমানস্যান্যস্যাভাবাত্তথেত্যর্থঃ। তব স্বভূতাঃ বয়ম্ স্মসি স্মঃ। হে হরীণাম্ এতৎসংজ্ঞকানামশ্বানাং স্থাতঃ! অধিষ্ঠাতঃ! ॥ ৯

ইতি শ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখানে দ্বিতীয়াধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ॥ ২,৮

অং। হে বহুধন! হে সর্ব্ব-বিধি-প্রণেতা! হে দিগ্‌দিগন্ত-প্রসারিত অনন্ত কিরণের অধিষ্ঠাতা! ইন্দ্র! আমরা সকলে একমাত্র তোমারই॥ ৯

ইতি দ্বিতীয় প্রপাঠকীয় দ্বিতীয়ার্দ্ধে পঞ্চম দশতের শ্রীসত্যব্রত-সামশ্রমি-সামগ-কৃত বঙ্গানুবাদ সমাপ্ত॥ ২, ২,৫

দ্বিতীয়প্রপাঠক সমাপ্ত॥ ২



[অথৈষস্তৃতীয়ঃ প্রপাঠকঃ]

(৮০)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২।
— উত্বামন্দন্তুসোমাঃকৃণুষ্বরাধোঅদ্রিবঃ।
১ ২ ৩ ১ ২
অবব্রহ্মদ্বিষোজহি (ঋং ৬,৪,৪৩(২৬)১ ॥ ১

বিং। ঋং কণ্ববংশীয় প্রগাথ। এতন্মূলক সামটি গেয়-গানের ৫,২,২০শ। ইহার প্রকাশক য়মঋষি এবং নামও তদনুযায়ী "য়াম"। যথা —

৫ র র ৪ ৫ ২ ১র ২ ১র
গেং গাং। উত্বামন্দন্তুসোহোমাঃ। কৃণোঁহো। ষরোঁহো।
২র ১ ১ ১ ২ ১ —
ধাঅদ্রিবাঃ। অ। ববাং২৩হ্মা। দ্বিষাং২ঃ। হাং২ই। ঔ৩হো-
২ ১ ৩ ৫র র ২ ১ ১
৩১য়েও। জাং২হাং২৩৪ঔহোবা। এও। য়য়ূ২৩৪৫ঃ।।২০॥ ১

সাং ভাং। অথ নবমে খণ্ডে। সেয়ং প্রথমা। প্রগাথঋষিঃ। হে ইন্দ্র! ত্বা ত্বাম্। সোমাঃ উৎ উৎকৃষ্টম্। মন্দন্তু মাদয়ন্তু। হে অদ্রিবঃ! বজ্রবন্নিন্দ্র! ত্বমস্মভ্যম্, রাধঃ ধনম্. কৃণুষ্ব কুরু প্রয়চ্ছ। কিঞ্চ ব্রহ্মদ্বিষঃ ব্রাহ্মণদ্বেষ্ট্রীন্। অব জহি বিদারয়েত্যর্থঃ॥ ১

অং। হে ইন্দ্র! তোমাকে সোম সকল ভালরূপে মত্ত করুক। হে বজ্রিন্! তুমি আমাদিগকে ধন প্রদান কর এবং ব্রহ্মদ্বেষী শত্রুদিগকে বিনষ্ট কর॥ ১

(৮১)

১ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২
গির্ব্বণঃপাহিনঃসুতম্মধো র্দ্ধারাভিরজ্যসে।
২ ৩ ১ ২ ৩ ১ ২।
ইন্দ্রত্বাদাতমিদ্যশঃ (ঋং ৩,৩,২,১) ২

বিং। ঋং গাথী বিশ্বামিত্র। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,২১শ। ইহার প্রকাশক অঙ্গিরাঋষি এবং নামও তদনুযায়ী "আঙ্গিরস"; অধিকন্তু এই সামের নিধনভাগ অর্থাৎ পঞ্চম বা শেষ অংশটি "হরিশ্রী" পদ বিশিষ্ট এইজন্য ইহাকে "হরিশ্রীনিধন"ও বলাযায়। যথা—

৪ ৫ র ৪ ৫ ৪ ৫ ৪
গেং গাং। গির্ব্বণঃ। পাহিনঃ। সুতম্। গির্ব্বণঃপা।
১ — ১ র র ২ ১ র — ১ ২
হিনঃসুতা২ম্। মধোর্দ্ধারাভিরাহো২। জ্যাসে২৩। হাউবা।
১ ২ ২ ২ ১ ২ ৫র র ২
ইন্দ্রাত্বা২৩দা। তমায়ে৩৭। য়া২শা২৩৪ঔহোবা। হরী৩
১ ১ ১ ১ ১
শ্রী২৩৪৫ঃ ॥ ২১ ॥ ২

সাং ভাং। অথ দ্বিতীয়া। বিশ্বামিত্রঋষিঃ। গির্ব্বণঃ গীর্ভির্ব্বাগ্ভিঃ স্তুতিভির্ব্বননীয়! তথাচ য়াস্কঃ—"গির্ব্বণঃ দেবো-ভবতি গীর্ভিরেনং বনয়ন্তীতি(৬,১৪)"। তাদৃশ হে ইন্দ্র! নঃ অস্মদীয়ম্। সুতম্ অভিষুতম্ ইমং সোমম্। পাহি পিব। য়তঃ মধোঃ মদকরস্য সোমস্য। ধারাভিঃ অজ্যসে সিচ্যসে। হে-

ইন্দ্র! ত্বাদাতম্ ইৎ, ত্বয়া শোধিতং বিশদীকৃতমেব। যশঃ অস্মাসু ভবতি ॥ ২

অং। হে গির্ব্বণ, ইন্দ্র! মদকর সোমধারাসমূহে তুমি সিঞ্চিত হইতেছ; আমাদের এই অভিষুত সোম পান কর। আমাদের যশ, তোমাকর্ত্তৃক বিশদীকৃত হউক ॥ ২

---

(৮২)

১ ২ ৩ ২ ৩ ১ ১ ৩ ২উ ৩ ১ ২। ৩ ২।
সদাবইন্দ্রশ্চর্কৃষদাউপোনুসসপর্য্যান্।
৩ ২ ৩ ২উ ৩ ১ ২
নদেবোবৃতঃশূরইন্দ্রঃ (ঋং ০) ॥ ৩

বি॰। ঋং গোতমবংশীয় বামদেব। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,২২। ইহার প্রকাশক বিরূপ ঋষি এবং নামও তদনুযায়ী 'বৈরূপ'। যথা—

৪ ৫ ২ ২ ৩ ৪ ৫ ২ র
গেং গাং। সাদা। বইন্দ্রাওঃ। চর্কৃষাদা। উপোনুসাওঃ।
১ ২ ১ ৩ ২র ১ ২ ২ ২ ৪
স্বাপর্য্যন্নদেবা২ওঃ। বৃতা৩৪ওঃ। শূ৩৪৩। রা৩আ৫ য়িন্দ্রা-
৬৫৬ঃ ॥ ২২ ॥ ৩

সাং ভাং। বামদেবঋষিঃ। হে ঋত্বিগ্‌য়জমানাঃ! ইন্দ্রঃ সদা সর্ব্বদা। বঃ যুষ্মান্। আ চক্র্ষৎ যজ্ঞানুষ্ঠানার্থম্, আকৃষৎ আকর্ত্তুমিচ্ছতি। কিং কুর্ব্বন্? উপোনু যুষ্মাকং সমীপ এব। সমপর্য্যন্ ন, পুনঃ পুনঃ ভৃশং বা সপর্য্যাং কুর্ব্বন্ ইব, হবির্ভোক্তুং মামাহ্বয়ধ্বমিতি প্রার্থয়মান ইবেত্যর্থঃ। অতএব শ্রুত্যন্তরে দেবানাং যজমানপ্রদত্তহবিরুপজীবিত্বং শ্রূয়তে,—"ইতো দানাদ্ধি দেবা উপজীবন্তীতি"। অতঃ অস্মৎসপর্য্যাকর্ত্তৃত্বাৎ। ইন্দ্রঃ দেবঃ, বৃতঃ সন্ শূরঃ, যজমানশত্রূণাং বাধক ইত্যর্থঃ॥ ৩

ভাং অং। হে ঋত্বিক্-যজমানগণ! ইন্দ্র তোমাদের নিকটে যেন পুনঃ পুনঃ পরিচর্য্যা করিয়া অর্থাৎ তোমরা তাঁহাকে আহ্বান কর ঈদৃশ কামনাতেই যজ্ঞানুষ্ঠানার্থ সর্ব্বদা তোমাদিগের মন আকর্ষণ করিতেছেন। এই ইন্দ্র দেবতা বৃত হইলে অর্থাৎ ইহাঁকে বরণ করিলে যথেষ্ট শূরত্ব প্রকাশ করেন॥ ৩

অং। যদিও সেই শূর ইন্দ্র যৎকালে মেঘ-মণ্ডলে আবৃত হএন, তখন আর নিম্নে দ্যুতি প্রকাশ থাকে না, তথাপি তিনি সর্ব্বক্ষণই তোমাদের সমীপে থাকিয়া নিরন্তর রসাকর্ষণ করত পরিচর্য্যা করিতেছেন॥ ৩

———

(৮৩)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
আত্বাবিশন্ত্বিন্দবঃসমুদ্রমিবসিন্ধবঃ।
২উ ৩ ১ ২
নত্বামিন্দ্রাতিরিচ্যতে (ঋং ১,৬,১৯,২) ॥ ৪

বিং। ঋং অঙ্গিরোবংশীয় শ্রুতকক্ষ বা সুকক্ষ। এতন্মূলক সামত্রয় আছে। তন্মধ্যে দুইটি ঊহগানের ১৪,১,২য় ও ১৯,১,১ম ; অপরটি গেয়গানের ৫,২,২৩শ। ইহার প্রকাশক অসিতঋষি অতএব ইহাকে "আসিত" বলাযায় এবং "সিন্ধুষাম"ও ইহার অপর নাম। যথা—

৫র র ৫ ২ ১ ২ ২ ১
গেং গাং। আত্বাবিশন্ত্বিন্দা৬বাঃ। সমুদ্রমিবসিন্ধবঃ।
২ ১ ২ ১ ২ ১ র র ২ র ২ ১
সমুদ্রমি। বসিন্ধা২৩বাঃ। নত্বামিন্দ্রাতিরিচ্যতে। ন ত্বামা-
২ ১ ২ ১ ৫
২৩য়িন্দ্রা। তিরিচ্যা২৩তা৩৪৩য়ি। ও২৩৪৫ঈ। ডা ॥ ২৩ ॥ ৪

সাং ভাং। শ্রুতকক্ষঋষিঃ॥ হে ইন্দ্র! ইন্দবঃ স্রবন্তঃ অস্মাভির্দীয়মানাঃ সোমাঃ। ত্বা ত্বাম্। আবিশন্তু। তত্র দৃষ্টান্তঃ। সমুদ্রমিব সিন্ধবঃ স্যন্দনশীলা নদ্যোয়থা সমুদ্রং জলাশয়ং সর্ব্বতঃ প্রবিশন্তি, তদ্বৎ। য়ত এবম্ তস্মাৎ, হে ইন্দ্র! ত্বাং কশ্চিদপি দেবঃ ধনেন বলেন বা, ন অতিরিচ্যতে ত্বত্তোনাতিরিক্তোঽস্তি। সামর্থ্যবান্ ত্বত্তোঽধিকোনাস্তীত্যর্থঃ॥৪

অং। যেমন প্রবহমান নদীসকল সমুদ্রেই গিয়া প্রবিষ্ট হয়, হে ইন্দ্র! অস্মদাদি-প্রদত্ত এই সোমসকলও সেইরূপ

তোমাতেই আবিষ্ট হউক। ইন্দ্র! এমন কোন দেবতাই নাই, যিনি কি ধনে, কি বলে, কি মর্য্যাদায় তোমাকে, অতিক্রম করেন ॥ ৪

---

(৮৪)

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২। ৩ ১ ২ ৩ ১
ইন্দ্রমিদ্গাথিনোবৃহদিন্দ্রমর্কেভিরর্কিণঃ।
৩ ১ ২
ইন্দ্রংবাণীরনূষত (ঋং ১,১,১৩,১) ॥ ৫

বিং। ঋং বিশ্বামিত্র৽পুত্র মধুচ্ছন্দ। এতন্মূলক সামদ্বয়ের মধ্যে একটি আরণ্যগানের ৩,১,১১শ; অপরটি গেয়গানের ৫,২,২৪শ। এইটীর প্রকাশক যমঋষি এবং নাম "অর্কসাম"। যথা—

৫ ৩ ২র ৩/৪র ৫ ২ ১ ২ ১ ২
গেং গাং। ইন্দ্রমিদ্গাথিনোবৃহাৎ। ইন্দ্রোমর্কাই। ভির-
১ ১ ২ ২ ৮ ২ ৪ ৪
র্কিণাঃ। ইন্দ্রবাণী৩। হা৩হায়ি। অনূ৫সতা। হো৫য়ি।
ডা ॥ ২৪ ॥ ৫

সাং ভাং। অথ পঞ্চমী। মধুচ্ছন্দা ঋষিঃ। গাথিনঃ গীয়মানসামযুক্তা উদ্গাতারঃ। ইন্দ্রমিৎ ইন্দ্রমেব। বৃহৎ বৃহতা ত্বামিদ্ধিহবামহে'—ইত্যস্যামৃচ্যুৎপন্নেন বৃহন্নামকেন সাম্না।

অনুষত স্তুবন্তি। অর্কিণঃ অর্চনহেতুভূতমন্ত্রোপেতা হোতারঃ। অর্কেভিঃ উক্থরূপৈর্মন্ত্রৈরনূষত। যে ত্বব শিষ্টা অধ্বর্য্যবস্তে, বাণীঃ বাগ্‌ভির্যজূরূপাভিঃ ইন্দ্রমনূষত। অর্কশব্দস্য মন্ত্রপরত্বং য়াস্কেনোক্তম্—‘অর্কোমন্ত্রোভবতি য়দনেনার্চন্তি(৫,৪)’ ইতি॥৫

অং৹। সাম-গায়ক উদ্গাতৃগণ বৃহৎ প্রভৃতি সামগান দ্বারা ইন্দ্রকেই স্তব করিতেছেন। ঋক্‌পাঠী হোতৃগণ ঋক্ সমূহ দ্বারা ইন্দ্রকেই স্তব করিতেছেন। বাগ্‌জীবন অধ্বর্য্যুগণও যজূরূপি বাক্য নিচয় দ্বারা ইন্দ্রকেই স্তব করিতেছেন॥ ৫

---

(৮৫)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
ইন্দ্রইষেদদাতুনঋভুক্ষণমৃভুংরয়িম্।
৩ ১ ২ ৩ ১ ২
বাজীদদাতুবাজিনম্ (ঋং ৬,৬,২৭,৪)॥ ৬

বিং। ঋং অঙ্গিরোবংশীয় শ্রুতকক্ষ বা সুকক্ষ। এতন্মূলক সামদ্বয় গেয়গানের ৫,২,২৫শ ও ২৬শ। ইহাদের উভয়েরই প্রকাশক সুমিত্রঋষি এবং নামও তদনুযায়ী “সৌমিত্র’। যথা—

৪ ৫ ৪র ৫র ৪ ২ ১
গেং গাং। ইন্দ্রইষেদদাতুনঃ। ওহায়ি। ঋভু। ক্ষণা২ম্।
৩ ২ ৩ ৫ ২র র ৩ ২ ২র ১র ২র ১
ঋভুংরা২৩৪য়াম্। বাজীদদাতুবা৩। বাজীদদা। তুবো২৩৪
৫ ৪ ৫
বা। জা৫য়িনো৬হায়ি॥ ২৫॥

৫ র র ৫ ২১ ২ ২
ইন্দ্রইষেদদাতুনা৬এ। ঋভুক্ষণম্। ভূ২১২৩ম্। রপো-
১ ২ ৪ ৫ ৪
৩৪৩ম্। বা২৩জা। দদা২উ২৩। তুবোবা। জা৫য়িনো
৫
৬হায়ি ॥ ২৬ ॥ ৬

সাং ভাং। অথ ষষ্ঠী। শ্রুতকক্ষঋষিঃ। ইন্দ্রঃ এবমস্মাভিঃ স্তুতঃ ইষ্টঃ সন্। ঋভুক্ষণম্ "বা ষপূর্ব্বস্য নিগমে (৬,৪,৯)" ইতি দীর্ঘাভাবঃ। য়াগাদিকর্ম্মকরণেন মহান্তম্, সর্ব্বেষাং ভ্রাতৃণাং শ্রেষ্ঠম্, সৌধন্বনং বা। অথবা, তৃতীয়সবনে প্রজাপতিসবিত্রোর্মধ্যে সোমপানেন মহান্তম্। রয়িং দাতারম্। ঋভুম্ সোমপানেন মর্ত্ত্যত্বং বিহায়, দেবত্বং প্রাপ্তম্, তাদৃশমেতন্নামকং দেবম্। নঃ অস্মভ্যম্। ইষে অন্নার্থম্ দদাতু প্রয়চ্ছতু। তথা বাজী বলবান্ ইন্দ্রঃ। বাজিনং বলবন্তম্, বাজিনামানং কনীয়াংসং বা ভ্রাতরং সৌধন্বনম্ অস্মাকমন্নলাভায় দদাতু ॥ ৬

অং। ইন্দ্র, নিরুবেগ্য অন্নলাভার্থ, আমাদিগকে ধনদাতা মহান্ 'ঋভু' নামক দেবতাকে * প্রদান করুন এবং সেই বাজী, † আমাদিগকে বাজীও ‡ দান করুন ॥ ৬

* যিনি যজ্ঞে সোম পান করিয়া মর্ত্ত্যত্ব ত্যাগ করত দেবত্ব প্রাপ্ত হইয়াছেন ; এতাদৃশ গুণ-সম্পন্ন ঋভু ঋষিই এস্থলে সায়ণমতে ঋভু দেব।

† অর্থাৎ বলবান্।

‡ অর্থাৎ বলবান্ পুত্র কিংবা বেগবান্ অশ্ব অথবা বাজী নামক মদীয় কনিষ্ঠ ভ্রাতা।

(৮৬)

১ ২ ৩২৩২৩২৩১। ২।
ইন্দ্রোঅঙ্গমহদ্ভয়মভীষদপচুচ্যবৎ।
২উ ৩ ১। ১।
সহিস্থিরোবিচর্ষণিঃ (ঋং ২,৮,৮,৩) ॥ ৭

বিং। ঋং অঙ্গিরোবংশীয় গৃৎসমদ। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,২৭শ। ইহার প্রকাশক-নাম দুর্জ্জেয় পরং নাম "অভয়ঙ্কর"। যথা—

৫ র ২১ ২ ১ র ২
গেং গাং। ইন্দ্রোঅঙ্গা। মহদ্ভা২৩য়াম্। অভীষদ।
১ ২ ৩২ ৩২ ৪ ৫ ৪
পচুচ্চ্যা২৩বা৩৪ৎ। সহা৩৪য়িস্থিরা৩ঃ। বিচোবা। ষা৫ণো

৬হায়ি ॥ ২৭ ॥ ৭

সাং ভাং। অথ সপ্তমী। গৃৎসমদঋষিঃ। ইন্দ্রঃ মহৎ অধিকম্ ভয়ং সাধ্বসম্ ভয়কারণং বা। অঙ্গ ক্ষিপ্রম্ অভীষৎ অভিভবতি। অপচুচ্যবৎ অপচ্যাবয়তি চ। যদ্বা অভীষদ্ অভিভবদ্ ভয়কারণম্ অপচ্যাবয়েৎ। হিঃয়স্মাৎ কারণাৎ স স্থিরঃ কেনাপি চালয়িতুমশক্যঃ। বিচর্ষণিঃ বিশ্বস্য দ্রষ্টা ॥ ৭

অং। ইন্দ্র, মহদ্ ভয়কেও ভীত করেন,—তাঁহার নাম স্মরণেই আশু মহদ্ ভয় বিদূরিত হয়; তিনি নিশ্চয়ই স্থির ও বিশ্বদ্রষ্টা ॥ ৭

(৮৭)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইমাউত্বাসুতেসুতেনক্ষন্তেগির্ব্বণোগিরঃ।
১ ২ ৩ ২উ ৩ ১ ২
গাবোবৎসম্নধেনবঃ (ঋং ০) ॥ ৮

বিং। ঋং বৃহস্পতি-পুত্র শংযু (সায়ণমতে ভরদ্বাজ) এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,২৮শ। ইহার প্রকাশক ত্বাষ্ট্রী ঋষি এবং নামও তদনুযায়ী "ত্বাষ্ট্রীসাম"। যথা—

৫ র ২ ১ ২
গেং গাং। ইমাউত্বা। সুতায়িসুতায়ি। নক্ষন্তা২৩য়িগী
২ ২ ২ ১র ২ ২ ১ ২ ৫
৩৪ঃ। বনঃ। গা৩য়িরাঃ। গাবোবা৩ৎসা৩ম্। নধো২৩৪বা।
৪ ৫
না৫বো৬হায়ি ॥ ২৮ ॥ ৮

সাং ভাং। অথ অষ্টমী। ভরদ্বাজঋষিঃ। হে গির্ব্বণঃ! গীর্ভির্ব্বননীয়েন্দ্র! সুতে সুতে সোমেঽভিষুতে সতি। ইমাঃ অস্মদীয়াঃ। গিরঃ স্তুতয়ঃ। ত্বা ত্বাম্। নক্ষন্তে ব্যাপ্নুবন্তি। ধেনবঃ দোগ্ধ্র্যঃ গাবোন্ গাব ইব, বৎসং যথা শীঘ্রং ব্যাপ্নুবন্তি তদ্বৎ ॥ ৮

অং। হে গীর্ব্বণ! যেমন গাভী সকল সদ্যঃপ্রসূতা ক্ষীরভার পীড়িতা হইয়া তৎপান করাইবার জন্য প্রতি গোধূলিকালে স্বতঃ প্রবৃত্ত হইয়াই আপন২ বৎসকে 'হম্বা'—রবে আকুল করিয়া তুলে ; সেইরূপ প্রত্যেক সোমাভিষবেই

আমাদের বাক্যসকল স্বতঃপ্রবৃত্ত হইয়া তোমাতেই ব্যাপ্ত হয়॥ ৮

---

(৮৮)

১ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ৩ ১ ২ ৩ ১ ১
ইন্দ্রানুপূষণাবয়ংসখ্যায়স্বস্তয়ে।
৩ ২ ৩ ১ ২
হুবেমবাজসাতয়ে (ঋং ৪,৮,২৩,১) ॥ ৯

বিং। ঋং বৃহস্পতিবংশীয় ভরদ্বাজ। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,২৯শ। ইহার প্রকাশক পূষঋষি এবং নামও তদনুযায়ী "পৌষ"। যথা—

৫ ব ২ ১র ২ ১ র ২
গেং গাং। ইন্দ্রানুপূ। ষণাবা২৩য়াম্। সাখ্যায়।
২ ১ ২ ১ — ১ ২ ১ ৫ ৪
স্বস্তা২৩য়ায়ি। হূবে২মাবা২৩। জসো২৩৪বা। তা৫য়ো-
৫
৬হায়ি। ২৯॥ ৯

সাং ভাং। অথ নবমী। ভরদ্বাজঋষিঃ। ইতেরেতরয়োগাদিন্দ্রপূষশব্দয়োরুভয়ত্র দ্বিবচনম্। ইন্দ্রাপূষণা দেবৌ। নু অদ্য চ বয়ম্ স্বস্তয়ে সখ্যায়, শোভনায় সখিত্বায়। বাজসাতয়ে বাজস্যান্নস্য বলস্য বা, সাতয়ে সম্ভজনায় চ। হুবেম আহ্বয়ামঃ, স্তবামো বা॥ ৯

অং। অদ্য আমরা আপন আপন কল্যাণ লাভের জন্য এবং অন্নলাভের জন্য পূষা, নামে প্রসিদ্ধ ইন্দ্রদেবতার বন্ধুত্বলাভ করিতে প্রবৃত্ত হইয়া তাঁহাকে আহ্বান করিতেছি ॥৯

---

(৮৯)

৩ ১ ২। ৩ ২। ২।
নকিইন্দ্রত্বদুত্তরন্নজ্যায়োঅস্তিবৃত্রহন্।
২ ৩ ২উ ৩ ২
নক্যেবংয়থাত্বম্ (ঋং ৩,৬,১৯,১) ॥ ১০

ইতি তৃতীয়প্রপাঠকীয় প্রথমার্দ্ধে প্রথমদশতি—৩,১,১

বিং। ঋং গোতমবংশীয় বামদেব। এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,৩০শ। ইহার প্রকাশক ইন্দ্রাণী এবং নামও তদনুযায়ী "ইন্দ্রাণীর সাম"। যথা—

৪ ৫ ১ ২ ১র
গেং গাং। ন। ক্যেনাকী। আয়িন্দ্রত্বদুত্তরাম্। নজ্যা·
র ১ ১ ২ ১ ২ ৩ ৫ ১ ২র
য়োং। অস্তা২৪য়িবৃ। হুং৩হুম্। ত্রা২৩৪হান্। নক্যে।
১ ২ ২ ২ ৫
বংয়া২৩থা। হুং৩হু৩৪৩ম্। তু৩৪৫বো৬হায়ি॥ ৩০ ॥ ১০

সাং ভাং। অথ দশমী। বামদেব ঋষিঃ। হে বৃত্রহন্

বৃত্রস্য নাশক ! ইন্দ্র ! ইন্দ্রলোকেঽপীতি শেষঃ। ত্বৎ ত্বত্তঃ। উত্তরং উৎকৃষ্টতরঃ। ন কি অস্তি ন ভবতি ত্বত্তো জ্যায়ান্ প্রশস্ততর একোঽপি নাস্তীত্যর্থঃ। হে ইন্দ্র ! ত্বং লোকে যথা প্রসিদ্ধো ভবসি, তথাবিধ একোঽপি ন কিরেবাস্তি, নৈব ভবতি। কশ্চিদপি লোকে ইন্দ্রসদৃশো নাস্তীত্যর্থঃ ॥ ১০

ইতি শ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে দ্বিতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥ ২,৯

অং। হে ইন্দ্র ! তোমা হইতে শ্রেষ্ঠ কেহ নাই। হে বৃত্রহন্ ! তোমা হইতে প্রশস্তও কেহ নাই। তুমি যেরূপ, এরূপও কেহই নাই ॥ ১০

ইতি তৃতীয়প্রপাঠকীয় প্রথমার্দ্ধে প্রথম দশতের শ্রীসত্যব্রত-সামশ্রমি-সামগ-কৃত বঙ্গানুবাদ সমাপ্ত ॥ ৩,১,১

(৯০)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
তরণিংবোজনানাস্ত্রদংবাজস্যগোমতঃ।
৩ ২ ৩ ১ ২
সমানমুপ্রশংসিষম্ (ঋং ৬,৩,৪৭,৩) ॥ ১

বিং। ঋং কণ্ববংশীয় ত্রিশোক। এতন্মূলক সামটি গেয়

গানের ৫,২,৩১শ। ইহার প্রকাশক শ্যাবাশ্ব ঋষি এবং নামও তদনুযায়ী 'শ্যাবাশ্ব', 'তারণ'ও ইহার আর একটি নাম। যথা—

৩ ৪ ২ ১ ১ র ২ ২
গেং গাং। তরণিংবাঃ। জনা২৩নাম্। ত্রদংবাজাংহা৩।
১ ২ ৩ ৫ ২ ১র ২ ৪ ৬
স্যাগোমা২৩৪তাঃ। সমানা২৩মূ। প্রশা৫ংসিষাম্। হো৫
৫
ইডা॥ ৩১॥ ১

সাং ভাং। অথ দশম খণ্ডে। সৈষা প্রথমা! ত্রিশোক-ঋষিঃ। হে অস্মদীয়া জনাঃ! বঃ যুষ্মাকম্। জনানাং পুত্রপৌত্রাদীনাম্। তরণিং তারকম্। ত্রদম্ শত্রূণাং তর্দ্দয়িতারম্। গোমতঃ পশুমতঃ। বাজস্য অন্নস্য, দাতারঞ্চেন্দ্রং। সমানম্ উ সাধারণমেব। প্রশংসিষম্ প্রকর্ষেণ স্তৌমি॥ ১

অং। হে অস্মদীয় জনগণ! যিনি তোমাদের আত্মীয়গণের (পুত্রপৌত্রাদির) পরিত্রাতা, শত্রুগণের মর্দ্দয়িতা, গো অশ্বাদি পশু ও অন্নের প্রদাতা, সেই দেবতাকে সর্ব্বসাধারণ প্রশংসা করিতেছি *॥ ১

---

* অর্থাৎ যেরূপ প্রশংসা সকলেই করিতে পারে।

(৯১)

১ ২ ৩ ২ ৩ ১ ৩ ১। ২।
অসৃগ্রমিন্দ্রতেগিরঃপ্রতিত্বামুদহাসত ।
৩ ১ ২ ৩ ১। ২।
সজোষাবৃষভম্পতিম্ (ঋং ১,১,১৭,৪) ॥ ২

বিং । ঋং বিশ্বামিত্রপুত্র মধুচ্ছন্দ । এতন্মূলক সামটি গেয়গানের ৫,২,৩২শ । ইহার প্রকাশক বিরূপ ঋষি এবং নামও তদনুযায়ী " বৈরূপ " । যথা —

৫ র ৫র ১ ১
গেং গাং । অসৃগ্রমাইন্দ্রা৬তেগিরাঃ । প্রাতী২ত্বামূ২৫ ।
২র ১ ২ ১ ২ ১ ২ ১
অহা । সতা । সা১জো২ষাবা২ । যভা২ম্পাতিম্ । ৩২৩৪৫
৫
ই ॥ ডা । ৩২ ॥ ২

সাং ভাং । অথ দ্বিতীয়া । মধুচ্ছন্দা ঋষিঃ । হে ইন্দ্র ! তে গিরঃ ত্বদীয়াঃ স্তুতীঃ । অসৃগ্রং সৃষ্টবানস্মি । তা গিরঃ স্বর্গে-ঽবস্থিতং ত্বাং প্রতি । উদহাসত উদ্গত্য প্রাপ্নুবন্ । তাদৃশীর্গি-রস্ত্বং সজোষাঃ সেবিতবানসি । কীদৃশং ত্বাম্ ? বৃষভং কামানাং বর্ষিতারম্ । পতিং সোমস্য পাতারম্, যজমানানাং পালয়ি-তারং বা "পাতা বা পালয়িতা বেতি" যাস্কেনোক্তত্বাৎ ॥ ২

অং । ইন্দ্র ! তুমি আমাদের বৃষভ, তুমি আমাদের অধি-পতি। আমি তোমার প্রীতি উৎপাদনের জন্যই কতিপয়

স্তুতি প্রস্তুত করিয়াছি। সেই স্তুতিবাক্যগুলি তোমাকে উৎকৃষ্টরূপেই প্রাপ্ত হইয়া থাকে এবং তুমিও আমাদের সেই অতি সামান্য স্তুতিগুলি অতি আদরের সহিত গ্রহণ করিয়াথাক ॥ ২

---

(৯২)

৩ ২ ৩ ২উ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
সুনীথোঘাসমর্ত্ত্যোয়ম্মরুতোয়মর্য্যমা।
৩ ২উ ৩ ১ ২
মিত্রাস্পান্ত্যদ্রুহঃ (ঋং ৬,৪,১,৪) ॥ ৩

বিং। ঋং আখ্য বশ (সায়ণমতে বৎস)। এতন্মূলক সামটি গেয় গানের ৫,২,৩৭শ। ইহার প্রকাশক সুমিত্র ঋষি অথবা কুৎস ঋষি এবং নামও তত্তদনুযায়ী "সৌমিত্র" ও "কৌৎস"। যথা—

৪ র র ৪ ১ র ১ ১ ২ ১র
গেং গাং। সুনীথোঘা৫সমর্ত্তিয়াঃ। য়ম্মরুতো২য়মর্য্যমা।
২ ১র র ২ ১ ২ ১ ২র ১ ২ ১ ৩ ১ ১
ম্রিত্রাস্পান্ত্যদ্রুহঃ। ও। হাহা৩১উবা২। অতিদ্বিষা২৩
১ ১
৪৫ঃ ॥ ৩৩ ॥ ৩

সাং ভাং। অথ তৃতীয়া। বৎসঋষিঃ। সঃ মর্ত্ত্যঃ মনুষ্যঃ

য়জমানঃ। সুনীথঃ সুয়জ্ঞঃ, সুনয়নোবা ভবতি। 'ঘ'—ইতি প্রসিদ্ধৌ। 'সঃ' ইত্যুক্তম্। কঃ? ইত্যাহ। য়ং য়জমানম্। মরুতঃ দেবাঃ। পান্তি রক্ষন্তি। অদ্রুহঃ অদ্রোগ্ধারোমরুতঃ। তথা অয়মর্য্যমা পাতি। য়ং মিত্রঃ পাতি, স এবং ভবতীতি ॥ ৩

অং। যাহাকে অদ্রোহকারীভাবে মরুদ্গণ রক্ষা করিতেছেন, যাহাকে এই অর্য্যমা দেব রক্ষা করিতেছেন এবং যাহাকে মিত্র দেবতাও রক্ষা করিতেছেন, সেই মর্ত্ত্য পুরুষ অবশ্যই শোভন-যাগ-সম্পন্ন হইবে ॥ ৩

---

(৯৩)

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ১ ২ ১ ৩ ১ ২
য়দ্বীড়াবিন্দ্রয়ৎস্থিরেয়ৎপর্শানেপরাভৃতম্।
১ ২ ৩ ১ ২
বসুস্পার্হন্তদাভর (ঋং ৬,৩,৪৯,৮) ॥ ৪

বিং। ঋং কণ্ববংশীয় ত্রিশোক। এতন্মূলক সামটি গেয় গানের ৫,২,৩৪শ। ইহার প্রকাশক তুভ ঋষি এবং নামও তদনুযায়ী "তৌভ"। যথা—

২ র র র র ৩ ৫ ৫ ২ র র
গেং গাং। ঔহোবাঔহো২৩৪বা। ৬ ৬হা। য়দ্বীড়াবী৩

৪ ২ ৩ ৫ ২ব র র ব ৩ ৫ ৫ ২ র
ন্দ্রা৩য়স্থিরাই। ঔহোৱাঔহো২৩৪ৱা। ও৬হা। য়ৎপর্শানে-

৪ ২ব ৩ ৫ ২র র ব র ৩ ৫ ৫ ৫ ২ র
৩পা৩রাভৃতম্। ঔহোৱাঔহো২৩৪ৱা। ও৬হা। ৱসুস্পার্হা৩

৪ ২ব ২ ৫ ২ব ব র র ৩ ৫ ৫ ৪
ন্তা৩দাভর। ঔহোৱাঔহো২৩৪ৱা। ও৬হা। হো৫ই।

৫
ডা॥ ৩৪ ॥ ৪

সাং ভাং। অথ চতুর্থী। ত্রিশোকঋষিঃ। হে ইন্দ্র! ত্বয়া চ ৱীড়ৌ দৃঢ়ৈঃ পরৈঃ কম্প্র্যিতুমশক্যে। য়ৎ ধনম্। পরাভৃতং ৱিন্যস্তম্। য়চ্চ স্থিরে স্বয়মচলে পরাভৃতম্। য়চ্চাপি পর্শানে ৱিমর্শাক্ষমে পরাভৃতম্। য়দ্ ৱস্তু স্পার্হং স্পৃহণীয়ম্। তৎ ধনম্ আভর আহর॥ ৪

অং। হে ইন্দ্র! যে ধন অতি কঠিনস্থলে প্রোথিত রহিয়াছে যে ধন অচলগুহাতে সঞ্চিত আছে, যে ধন অজেয় দুর্গে রক্ষিত দৃষ্ট হয়, যাহা সর্ব্বসাধারণেরই স্পৃহণীয় হে দেব! সেই ধনই আমাদের জন্য আহরণ কর *॥ ৪

---

* জ্ঞান ধন।

(৩৫)

শ্রুতং বোবৃত্রহন্তমম্প্রশর্দ্ধং চর্ষণীনাম্।
৩ ২ ৩ ১ ২ ৩ ২
আশিষেরাধসেমহে (ঋ০ ৬,৬,২৪,১) ॥ ৫

বিং। ঋ০ অঙ্গিরোবংশীয় শ্রুতকক্ষ বা সুকক্ষ। এতৎমূলক সামটি গেয় গানের ৫২,৩৫শ। ইহার প্রকাশক শ্রুত ঋষি এবং নামও তদনুযায়ী "শ্রৌতসাম"। যথা—

৫ ৪ ১র ২ ১
গেং গাং। শ্রুতাম্। বোবৃত্রহন্তমম্। প্রশর্দ্ধং চর্ষণাং৩
২ র ১ ২ ৩ র ২ ১ ২ ৪ ৫ ৪
ইনাম্। আশাইষাং৩ইরা। ধসেমহা। ঔ৩হোয়া। হো৫ই। ডা ॥ ৩৫ ॥ ৫

॥ ইতি গ্রামে গেয়গানে পঞ্চমঃ প্রপাঠকঃ ॥ ৫ ॥

সাং ভাং। অথ পঞ্চমী। সুকক্ষঋষিঃ। শ্রুতং বিখ্যাতম্ বৃত্রহন্তমম্ অতিশয়েন বৃত্রস্য হন্তারম্। শর্দ্ধম্ বলভূতং বেগবত্তরং বা এতাদৃশমিন্দ্রং। চর্ষণীনাং মনুষ্যাণাম্। বঃ যুষ্মাকম্। আশিষে অশ্নোতের্লেটি, উত্তমইটি সিপ্ প্রত্যয়ঃ। 'ছন্দস্যপি দৃশ্যতে, ইত্যাড়াগমঃ। তমিন্দ্রং স্তুতিভিঃ প্রীণয়িত্বা যুষ্মভ্যং প্রকর্ষেণ অশ্নবৈ প্রয়চ্ছানীত্যর্থঃ। কিমর্থম্? মহে মহতে, রাধসে ধনায় ধনং যুষ্মভ্যং দাতুম্। "আশিষে" —'আশুষে'—ইতি পাঠৌ ॥ ৫

অং। যিনি তোমাদের শত্রুহন্তা, যিনি সমস্ত প্রাণীর এক-মাত্র বলস্বরূপ, সেই বিখ্যাত দেবতাকে মহৎ ধন লাভের জন্য প্রাপ্ত হও ॥ ৫

— — —

(৯৫)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অরন্তইন্দ্রশ্রবসেগমেমশূরত্বাবতঃ।
১ ২ ৩ ১ ২
অরংশক্রপরেমণি (ঋং ০) ॥ ৬

বিং। ঋ৽ গোতমবংশীয় বামদেব। এতন্মূলক সামটি গেয় গানের ৬,১,১ম। ইহার প্রকাশক অভীষু ঋষি এবং নামও তদনুযায়ী "অভীষব"। যথা—

৫ র ২ ১ ২র ১র
গেং গাং। অরন্তইন্দ্রশ্রবসেএ। এ। গমাইমশূরত্বাব-
১ ২ ৩ ১ ২ ১ ২ ২
তাতঃ। হোবাওহাই। অরাংশা১ক্রা২৩। হোবাওহাই।
১ ২ ১
পরাইমা২৩ণা৩৪৩ই। ও২৩৪৫ই। ডা ॥ ১ ॥ ৬

সাং ভাং। অথ ষষ্ঠী। বামদেবঋষিঃ। হে শূর বীর! ইন্দ্র! তে তব। শ্রবসে শ্রবণীয়াং ত্বদীয়াং কীর্ত্তিং শ্রোতুম্। অরম্, অলম্ পর্য্যাপ্তং যথা ভবতি তথা গমেম প্রবৃত্তা ভবেম হে শক্র! শক্তিযুক্তেন্দ্র! ত্বাবতঃ ত্বৎসদৃশস্য। পরেমণি পরমে উৎকর্ষনিমিত্তম্। অরং

গমেম, ত্বৎকীর্ত্তিবদন্যস্যাপি ত্বৎসদৃশস্য দেবস্য কীর্ত্তিং গচ্ছেমেত্যর্থঃ ॥ ৬

অং। হে ইন্দ্র! হে শূর! তোমারই আমরা, তোমাকে প্রাপ্ত হইলে, পর্য্যাপ্তরূপে অন্ন ও কীর্ত্তি লাভ করিতে পারি। হে শক্র! পরকালেও পর্য্যাপ্ত লাভে সমর্থ হইতে পারি। ৬



(১৬)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ধানাবন্তঙ্করম্ভিণমপূপবন্তমুক্থিনম্।
১ ২ ৩ ১ ২
ইন্দ্রপ্রাতর্জুষস্বনঃ (ঋং ৩,৩,১৭,১) ॥ ৭

বিং। ঋ০ গাথী বিশ্বামিত্র। এতন্মূলক সামটি গেয় গানের ৬,১,২য়। ইহার প্রকাশক পূষ ঋষি এবং নামও তদনুযায়ী "পৌষ"। যথা—

৫র র ৩ ২ ৩ ৪ ৫ ১ র ২ ২
গেং গাং। ধানাবন্তঙ্করম্ভিণাম্। অপূপবন্তমূ১কৃথী-
২ ৩ ৫ ৩ ৫ ৪ ৫ ৪
৩নাম্। ইন্দ্রাপ্রা২৩৪তাঃ। ও২৩৪হাই। জুষোবা। স্বা-
৫
৫নো৬হাই ॥ ২ ॥ ৭

সাং ভাং। অথ সপ্তমী। বিশ্বামিত্রঋষিঃ। য়জমানোব্রুতে—হে ইন্দ্র! ধানাবন্তং ধানা ভৃষ্টয়বাঃ, তদ্বন্তম্। করম্ভিণম্ করম্ভোদধিমিশ্রাঃ সক্তবঃ, তদ্বন্তম্। অপূপবন্তং

সবনীয়পুরোডাশোপেতম্। উক্থিনং স্তোত্রিণম্। নঃ অস্মদীয়মিমং সোমম্। প্রাতঃ সবনে। জুষস্ব সেবস্ব। করম্ভ-শব্দাৎ তদস্যাস্তীত্যত ইনিঃ তস্য প্রত্যয়স্বরঃ। প্রাতঃ-শব্দস্য স্বরাদিষন্তোদাত্তত্বেনপঠিতত্বাদন্তোদাত্তঃ॥ ৭

অং। হে ইন্দ্র! আমাদের প্রদত্ত ধানা * করম্ভ, † অপূপ ‡ এবং প্রশংসনীয় সোমরস; এই প্রাতরাশ তুমি সেবন কর। ৭

---

(৯৭)

৩ ১। ২। ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অপাম্ফেনেননমুচেঃশিরইন্দ্রোদবর্ত্তয়ঃ।
৩ ১ ২ ৩। ১ ২
ৰিশ্বায়দজয়স্পৃধঃ (ঋং ৬,১,১৯,৩) ॥ ৮

বিং। ঋ০ কণ্বংশীয় গোসূক্তী বা অশ্বসূক্তী। এতন্মূলক সামটী গেয় গানের ৬,১,৩য়। ইহার প্রকাশক সন্দিগ্ধনাম পরং নাম "ক্ষুরপবি"। যথা—

৫ ৪র র ৫র ৪ ৫ ৪ ১ ২ ১
গেং গাং। অপাম্ফেনেননমুচেঃ। শিরই। দ্রোং।
৩ ৭ ৩ ৫ ১ ১ ৭ ৩ ৫র র
অবা২র্ত্তা২৩৪য়াঃ। বাইশা২৩ঃ। য়া২দা২৩৪ঔহোবা।
২ ১ ৩ ১ ১ ১
জয়স্পৃধা২৩৪৫ঃ॥ ৩॥ ৮

---

* যব ভাজা। † দধিমিশ্রিত সক্তু। ‡ এক প্রকার রুটী বা পিষ্টক।

সাং ভাং। অথাষ্টমী। গোষুক্ত্যশ্বসূক্তিনাবৃষী। "পুরা কিলেন্দ্রোঽসুরান্ জিত্বা নমুচিমসুরং গ্রহীতুং ন শশাক। স চ যুধ্যমানস্তেনাসুরেণ জগৃহে। স চ গৃহীতমিন্দ্রমেবমবোচৎ —'ত্বাং বিসৃজামি' রাত্রাবহ্নি চ শুষ্কেণাদ্রেণ চায়ুধেন যদি মাং মা হিংসীঃ'—ইতি। স ইন্দ্রস্তেন বিসৃষ্টঃ সন্নহোরাত্রয়োঃ সন্ধৌ শুষ্কাদ্রবিলক্ষণেন ফেনেন তস্য শিরশ্চিচ্ছেদ।" অয়মর্থোঽস্যাং প্রতিপাদ্যতে।—ইন্দ্রঃ ত্বম্ অপাম্ফেনেন বজ্রীভূতেন। নমুচেঃ অসুরস্য। শিরঃ উদ্বর্ত্তয়ঃ শরীরাদুদ্গতমবর্ত্তয়ঃ অচ্ছেৎসীরিত্যর্থঃ। কদেতি চেৎ? যদ্ যদা, বিশ্বাঃ সর্ব্বাঃ, স্পৃধঃ স্পর্দ্ধমানাঃ, আসুরীসেনাঃ, অজয়ঃ জিতবানসি। "ইন্দ্রোবৃত্রহন্তা অসুরান্ পরাস্য নমুচিমসুরমালভত"—ইত্যাদিকমধ্বর্য্যুব্রাহ্মণমনুসন্ধেয়ম্ ॥ ৮

অং। ইন্দ্র উদক-ফেণার দ্বারাই নমুচির শিরশ্ছেদন করেন। এইরূপে যথাকালে, স্পর্দ্ধাযুক্ত সমস্ত অসুরকেই জয় করেন। ৮

* এস্থলে ভাষ্যকার এই প্রকার বলিয়াছেন। "পূর্ব্বকালে ইন্দ্র, সমস্ত অসুরগণকে জয় করিয়া নমুচিকে আর ধৃত করিতে পারিলেন না প্রত্যুত তাহার সহিত যুদ্ধ করিতে করিতে যখন আপনিই ধৃত হন, তখন নমুচি তাঁহাকে কহিল,—'আমি তোমাকে মুক্ত করিতেছি, কিন্তু তুমি যদি দিবা ও রাত্রির সন্ধি সময়ে শুষ্ক অথচ আদ্র এরূপ ফেন-অস্ত্র দ্বারা আমাকে নষ্ট না কর' অনন্তর ইন্দ্র বিমুক্ত হইয়া তদুক্ত সন্ধানানুসারেই যথাসময়ে শুষ্কাদ্র-

(৯৮)

৩ ১৩ ৩ ১ ২ ৩২ ৩ ২৩ ১ ২
ইমেতইন্দ্রসোমাঃসুতাসোয়েচসোত্বাঃ।

তেষাম্মৎস্বপ্রভূবসো (ঋং ০)॥ ৯

বিং। ঋ০ গোতমবংশীয় বামদেব। এতন্মূলক সামটি গেয় গানের ৬,১,৪র্থ। ইহার প্রকাশক সুমিত্র ঋষি এবং নামও তদনুযায়ী "সৌমিত্র"। যথা—

৫ র ২ ১র ২ ১
গেং গাং। ইমেতআ। দ্রসোমাঃ। হোবা৩হোই।
২ ১র র ২ ১ ২ ৩ ৫ ৩ ৫র ২ ২
সুতাসোয়ে৩। চাসোত্বা২৩৪বাঃ। তেঙষাম্। হা৩হাই।
১ ২ ১ ৫ ৪ ৫
মাৎস্বপ্রভূ২৩৪বা। বা৫সো৬হোই॥ ৪॥ ৯

সাং ভাং। অথ নবমী। বামদেবঋষিঃ। হে ইন্দ্র! তে ত্বদর্থম্। ইমে পুরতোদৃশ্যমানাঃ সোমাঃ সুতাসঃ অভিষুতাঃ। যে চ অগ্রে সোমাঃ সোত্বাঃ ইত উর্দ্ধমভিষোতব্যাঃ। হে প্রভুবসো! প্রভূতধনবন্নিন্দ্র! তেষাম্ অভিষুতানাম্ অভিষোতব্যানামর্থে। মৎস্ব হৃষ্টোভব॥ ৯

অং। ইন্দ্র! এই সোম সকল তোমারি জন্য অভিষুত হইয়াছে এবং ইহার পরেও যে সকল অভিষুত হইবে, সে

বিলক্ষণ একপ্রকার উদকফেনার দ্বারা তাহার শিরশ্ছেদন করিলেন।" এস্থলে "শুষ্ক অথচ আর্দ্র উদকফেনা" কোন পদার্থ? তাহা এক্ষণে পদার্থবিজ্ঞানবিৎ পণ্ডিতেরাই বিবেচনা করিয়া দেখিবেন।

সমস্তও তোমারি জন্য; হে বিপুল ধনবান্! তুমি এই সকল অভিষুত ও অভিষোতব্য সোমে পরিতৃপ্ত হও। ৯

---

(৯৯)

১ ২ ৩ ২ ৩ ১ ২ ২ ২ ৩ ১ ২
তুভ্যꣳসুতাসঃসোমাꣳস্তীর্ণম্বর্হির্বিভাবসো।
৩ ১ ২
স্তোতৃভ্যইন্দ্রমৃড়য় (ঋং ৬,৬,২৫,৫) ॥ ১০

ইতি তৃতীয়প্রপাঠকীয় প্রথমার্দ্ধে দ্বিতীয়দশতি—৩,১,২

বিং। ঋ০ অঙ্গিরোবংশীয় শ্রুতকক্ষ বা সুকক্ষ। এতন্মূলক সামটি গেয় গানের ৬,১,৫ম। ইহার প্রকাশকও সেই সুমিত্র ঋষি এবং নামও তদনুযায়ী "সৌমিত্র"। যথা—

৪ ৫ ২ ১র র র র
গেং গাং। তুভ্যꣳহাউ। সুতাসঃসোমাঃ। স্তীর্ণাং-
১ ২
বা২৩র্হীঃ। বিভা২হো১ই। বা২৩সাউ। স্তোতা৩উবা৩।
১ ৩ ২ ৫র র ৩ ৫
ভ্যআ২ই। দ্রমৃ৩৪ঔহোবা। ডা২৩৪য়াঃ ॥ ৫ ॥ ১০

স্যাং ভাং। অথ দশমী। শ্রুতকক্ষ ঋষি। হে বিভাবসো! দীপ্তিধন! দীপ্তিব্যাপক বা ইন্দ্র! তুভ্যং ত্বদর্থম্। সোমাঃ সুতাসঃ অভিষুতাঃ। তথা বর্হিঃ স্তীর্ণং প্রসারিতম্। অতঃ হে ইন্দ্র! ত্বম্ বর্হিষি নিষদ্য, সোমান্ পীত্বা, স্তোতৃভ্যঃ অস্মভ্যম্।

মৃড়য় দয়াং কুরু। যদ্বা; অস্মান্ মৃড়য় সুখয়। "ক্রিয়া-গ্রহণং কর্ত্তব্যম্"—ইতি চতুর্থী ॥ ১০

ইতি শ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে
ছন্দোব্যাখ্যানে দ্বিতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥ ২,১০

অং। হে বিভাবসু! তোমারি জন্য সোম সকল অভিষুত হইয়াছে এবং তোমারি জন্য এই দর্ভাসনও প্রসারিত রহিয়াছে। ইন্দ্র! (তুমি দর্ভাসনে উপবেশন পূর্ব্বক আত্মভাগ সমুদায় সোম পান করত) স্তোতৃগণকে সুখী কর। ১০

ইতি তৃতীয়প্রপাঠকীয় প্রথমার্দ্ধে দ্বিতীয় দশতের
শ্রীসত্যব্রত-সামশ্রমি-সামগ-কৃত বঙ্গানুবাদ
সমাপ্ত ॥ ৩,১,২

—•—

(১০০)

১ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
আবইন্দ্রঙ্ক্রিবিংয়থাবাজয়ন্তঃশতক্রতুম্।
১ ২ ৩ ১ ২
মংহিষ্ঠংসিঞ্চইন্দুভিঃ (ঋং ১,২,২৮,১) ॥ ১

বিং। ঋ০ আজীগর্ত্তি শুনঃশেপ। এতন্মূলক সামটি গের গানের ৬,১, ৬ষ্ঠ। ইহার প্রকাশক কুৎস ঋষি এবং নামও তদনুযায়ী "কৌৎস"। যথা—

২ ১ র ২
গেং গাং। আবইন্দ্রাম্। কৃবিংয়থা। বাজয়াং৩ন্তাঃ।
১ ২ ১ ২ ২
শতাক্রতুম্। মংহিষ্ঠাং৩হসী। চায়া৩উবা৩ই। দূ২৩৪
৫
ভীঃ ॥ ৬ ॥ ১

সাং ভাং। অথৈকাদশ-খণ্ডে। সেয়ং প্রথমা। শুনঃশেপঋষিঃ। বাজয়ন্তঃ অন্নমিচ্ছন্তোবয়ং শুনঃশেপাঃ। ঋত্বিগ্‌য়জমানাঃ! বঃ যুষ্মাকং সম্বন্ধিনম্ ইন্দ্রম্। ইন্দুভিঃ সোমৈঃ, আসিঞ্চে। বচনব্যত্যয়ঃ সর্ব্বতঃ সিঞ্চামহে সপর্য্যামঃ। কীদৃশম্?—শতক্রতুং: শত-সংখ্যাক-কর্ম্মোপেতম্। মংহিষ্ঠম্ অতিশয়েন মহান্তম্। সেচনে দৃষ্টান্তঃ—"কৃবিং" যথা। কৃতী ছেদনে, কৃত্যতে ছিদ্যতে খন্যতে ইতি কৃবিঃ কৃষিঃ, তাং যথা জলেন পূরয়ন্তি তদ্বৎ ॥ ১

অ০। অন্নাভিলাষী কৃষকগণ যেরূপ অকপট প্রীতি সহকারে শ্রমপূর্ব্বক ক্ষেত্রে জল সিঞ্চন করে, তোমরাও সেইরূপে অতিশয় মহান্, বহুকর্ম্মা, ইন্দ্রদেবতাকে সোমধারাসমূহে সিঞ্চন কর ॥ ১

(১০১০)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অতশ্চিদিন্দ্রনউপায়াহিশতবাজয়া।
৩ ২ ৩ ১ ২
ইষাসহস্রবাজয়া (ঋং ৬,৬,১৬,৫) ॥ ২

বিং। ঋ০ অঙ্গিরোবংশীয় শ্রুতকক্ষ বা সুকক্ষ। এতন্মূলক সামটি গেয় গানের ৬,১,৭ম। ইহার প্রকাশকও সেই কুৎস ঋষি এবং নামও তদনুযায়ী "কৌৎস"। যথা—

৫ ৫ ১ র ২ ১র
গেং গাং। অতশ্চিদিন্দ্রম্উপা৬এ। আয়াহিশ। তবা-
২ ৩ ২ ৩ ১ ২ ১ ৫ ৪
জা২৩য়া৩৪। ইষা৩৪সহা৩। স্রবো২৩৪রা। জা৫য়ো৬

হাই॥ ৭॥ ২

সাং ভাং। অথ দ্বিতীয়া। শ্রুতকক্ষঋষিঃ। হে ইন্দ্র! অতশ্চিৎ অস্মাৎ দ্যুলোকাদেব। অথা; অস্মচ্ছক্রস্থানাৎ। শতবাজয়া শত-সংখ্যাক-বলযুক্তেন। তথা। সহস্রবাজয়া। বাজোঽন্নম, সহস্র-সংখ্যাকান্নবতা বহুলান্নেন। ইষা অন্ন রসেন যুক্তঃ সন্, নঃ অস্মান্। উপায়াহি অধিকমাভিমুখ্যেনাগচ্ছ॥ ২

অ০। হে ইন্দ্র! তুমি এই দ্যুলোক হইতে প্রভূত বল, বহুতর অন্ন ও পানীয় লইয়া আমাদের নিকটে আগমন কর॥ ২

---

(১০২)

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২৩ ২ ৩ ১ ২
আবুন্দংবৃত্রহাদদেজাতঃপৃচ্ছদ্বিমাতরম্।
৩ ১ ২
কউগ্রাঃকেহশৃণ্বিরে (ঋং ৬,৩,৪২,৪)॥ ৩

বিং। ঋ৹ কণ্বংশীয় ত্রিশোক। এতন্মূলক সামটি গেয় গানের ৬,১,৮ম। ইহার প্রকাশক ছুন্দেয়; সামটির নাম "ঔষস"। যথা—

৫র ২ ১র
গেং গাং। আবুন্দম্। ত্রহাদ। দাই। জাতঃপৃচ্ছা৩ৎ।
১ ৩ ৫ ২১ ২ ১ ২র ১
বিমা২তা২৩৪রাম্। কউগ্রা২৩কে। হাশৃণ্বিরোহিডা২৩
২ ১
ভা৩৪৩। ও২৩৪ ই। ডা॥ ৮॥ ৩

সাং ভাং। অথ তৃতীয়া। ত্রিশোকঋষিঃ। জাতঃ উৎপন্নঃ বৃত্রহা ইন্দ্রঃ। বুন্দম্ ইষুম্। তথাচ যাস্কঃ। "বুন্দ ইষুর্ভবতীতি (৬,৩২)" আদদে। আদায় চেষুম্, উগ্রাঃ উদ্গূর্ণবলাঃ কে? কে চ ইহ শৃণ্বিরে? বীর্য্যেণ বিশ্রুতাঃ? ইতি স্বীয়াং মাতরং বিপৃচ্ছাৎ অপ্রাক্ষীৎ॥ ৩

অঃ। বৃত্রহা উৎপন্ন হইয়া আপন ইষু (বজ্র) গ্রহণ করিলেন। অনন্তর আপন মাতাকে জিজ্ঞাসিলেন—"কাহারা ইদানীং আপন সামর্থ্যপ্রভাবে বিশ্রুত? এবং অত্যুগ্রই বা কাহারা?" ॥ ৩

(১০৩)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
